

নিউইয়র্কের বিভিন্ন কারাগারে ২৬৯ বন্দির রহস্যজনক মৃত্যু

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক স্টেট কারাগারে কয়েক শত বন্দির রহস্যজনক মৃত্যু হয়েছে। ২৬৯টি মৃত্যুর কারণ অজ্ঞাত রয়ে গেছে। এসব মৃত্যুর ঘটনা

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

সহজে মিলছে না অর্থ, ভোগান্তি

জুলাই স্মৃতি ফাউন্ডেশন

ঢাকা ডেস্ক: জুলাই-আগস্ট অভ্যুত্থানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও দলীয় ক্যাডারদের গুলি-হামলায় হাজারো মানুষ শহীদ হয়েছেন। আহত হয়েছেন ২০ সহস্রাধিক মানুষ। জুলাই শহীদ ফাউন্ডেশনের মাধ্যমে শহীদ পরিবার ও আহতদের আর্থিক সহযোগিতার কার্যক্রম চালাচ্ছে সরকার। ফাউন্ডেশনের কার্যক্রম শুরুর পর নানা সীমাবদ্ধতার কারণে সাহায্যের টাকা পেতে দীর্ঘ সময় অপেক্ষা করতে হচ্ছে সেবাপ্রার্থীদের। পোহাতে হচ্ছে নানা ভোগান্তি।

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 18 / January 20, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ১৮ ॥ সোমবার মাঘ ৬, ১৪৩১ ॥ রজব ১৭, ১৪৪৬ ॥

আতংক, অস্থিরতা সর্বত্র : অপারেশন সেফগার্ড

মঙ্গলবার থেকে গণ ডিপোর্টেশন

শিকাগো থেকে শুরু অপারেশন

শাহ্ সুমন, নিউইয়র্ক: মঙ্গলবার থেকে শুরু হচ্ছে ট্রাম্পের গন ডিপোর্টেশন কর্মসূচী। এই কর্মসূচীর নাম দেয়া হয়েছে অপারেশন সেফগার্ড। এই কর্মসূচীর আওতায় যুক্তরাষ্ট্র ইমিগ্র্যাশন আপাতত বিভিন্নভাবে অপরাধ কান্ডে জড়িতদের বহিস্কার বা ডিপোর্ট করবে। ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) কর্মকর্তারা বলেছেন, এই কর্মসূচীর সূচনা বা ডিপোর্টেশন কার্যক্রমের সূচনা হবে শিকাগো থেকে। আপাতত কত সংখ্যক ইমিগ্র্যান্টরা এর আওতায় আসবেন তা পরিস্কার নয়। তবে ট্রাম্প প্রশাসনের এই কার্যক্রমে যুক্তরাষ্ট্রের



সর্বত্র ইমিগ্র্যান্ট কমিউনিটিতে আতংক, অস্থিরতা ও অনিশ্চয়তা ছড়িয়ে পড়েছে।

যুক্তরাষ্ট্রের অভিবাসী সমর্থক বিভিন্ন সংস্থা ও ব্যক্তিবর্গ ট্রাম্পের এই অভিযানকে অমানবিক ও ইমিগ্র্যান্ট বিদ্বেষী মানসিকতার বহি:প্রকাশ বলে অভিমত ব্যক্ত করেছেন। তারা বলেছেন, বিষয়টি নিয়ে এ পর্যন্ত যা জানা গেছে, তাতে মনে হচ্ছে প্রাথমিক ডিপোর্টেশনের শিকার হবেন বিভিন্ন অপরাধ কান্ডে দন্ডিত ব্যক্তিরা। তবে এই অপারেশন চলাকালে যে কেউ বৈধভাবে এদেশে অবস্থান না করলে তিনিও ইমিগ্র্যাশন কর্মকর্তাদের সামনে পড়লে বিপদগ্রস্থ হতে পারেন বলে তারা আশংকা প্রকাশ করেছেন।

এদিকে 'অপারেশন সেইফগার্ড' নামে এ বিশেষ অভিযান এক

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

আ. লীগ নেতা গোলাপের যুক্তরাষ্ট্রের স্থাবর সম্পদ জব্দের আদেশ



ঢাকা ডেস্ক: আওয়ামী লীগ নেতা ও সাবেক সংসদ সদস্য আবদুস সোবহান গোলাপ এবং তার পরিবারের নামে থাকা যুক্তরাষ্ট্রে ৯টি স্থাবর সম্পদ জব্দের আদেশ দিয়েছেন আদালত। একইসাথে ৫৩টি ব্যাংক হিসাব অবরুদ্ধের আদেশ দেয়া হয়েছে। ঢাকা মহানগর দায়রা জজ মো: জাকির হোসেন গালিবের আদালত রোববার (১৯ জানুয়ারী) দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন।

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

বাংলা পত্রিকা ও টাইম টিভি'র বর্ষপূর্তির সকল প্রস্তুতি সম্পন্ন : ব্যাপক সাড়া

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক থেকে প্রকাশিত উত্তর আমেরিকা প্রবাসী বাংলাদেশীদের মুখপাত্র বাংলা পত্রিকা ও টাইম টিভি'র বর্ষপূর্তী অনুষ্ঠান আগামী ২৪-২৫ জানুয়ারী শুক্র ও শনিবার। গেলো সেপ্টেম্বরে কমিউনিটির অন্যতম পুরনো মিডিয়া বাংলা পত্রিকা প্রকাশনার ২৮ বছর পেরিয়ে ২৯ বর্ষে এবং টাইম

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

নিউইয়র্কে সাবওয়েতে থাকবে পুলিশ

বাংলা পত্রিকা রিপোর্ট: যাত্রীদের নিরাপত্তা ও সহিংস অপরাধ প্রতিরোধে সোমবার থেকে নিউইয়র্ক সাবওয়েতে ট্রেনে মোতায়েন থাকবে পুলিশ। সম্প্রতি সাবওয়ে ট্রেনে সাম্প্রতিক কিছু হত্যাকাণ্ড ও হামলা জনমনে ভয় সৃষ্টি করেছে। ২২ ডিসেম্বর কনি আইল্যান্ডে এক নারীকে অগ্নিসংযোগে তার

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

যে সব নির্বাহী অধ্যাদেশ জারী করলেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: শপথ গ্রহণের পর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হোয়াইট হাউসে তার প্রথম দিন থেকেই ১০০টি নির্বাহী আদেশের জন্য প্রস্তুতি নিয়েছেন। ডোনাল্ড ট্রাম্প রিপাবলিকান সিনেটরদের সঙ্গে এক গোপন বৈঠকে তার পরিকল্পনার বিশদ বর্ণনা করেছেন। ধারণা করা হচ্ছে, বেশির ভাগ নির্বাহী আদেশ ২০ জানুয়ারি অভিষেক ডে-তে কার্যকর হবে। দ্বিতীয় মেয়াদে ফিরে এসে, প্রথম দিনেই নির্বাহী আদেশে একাধিক প্রতিশ্রুতি বাস্তবায়নের কথা বলেছেন তিনি।

প্রথম মেয়াদে ডে ওয়ানে ২০১৭ সালে প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েই 'ওবামা কেয়ার' বাতিলে নির্বাহী আদেশ জারি করেন



ডোনাল্ড ট্রাম্প। তবে এবার দ্বিতীয় মেয়াদে ফিরে এসে ডে ওয়ানে তিনি গণ ডিপোর্টেশন, সীমান্ত নিরাপত্তা, অভিবাসন নিয়ন্ত্রণ এবং বিভিন্ন নীতি অগ্রাধিকার সংক্রান্ত প্রায় ডজনখানেক নির্বাহী আদেশ জারী করতে পারেন। প্রথম দিনেই সীমান্ত, বহিষ্কার এবং অন্যান্য অগ্রাধিকারে বাস্তবায়ন করা হবে।

এপি, বিবিসি, এনবিসি নিউজসহ একাধিক গণমাধ্যমে ডোনাল্ড ট্রাম্পের প্রথম দিনে নির্বাহী আদেশগুলোর মধ্যে সম্ভাব্য যেসব আদেশ জারী করবেন সেটি প্রকাশ করেছে। তাদের তথ্যমতে যেসব আদেশ জারী হবে সেগুলো হলো

গণ ডিপোর্টেশন

ট্রাম্প অভিবাসন নীতিকে প্রেসিডেন্ট হিসেবে প্রথম দিনের প্রধান অ্যাজেন্ডা ঘোষণা করেছেন। নির্বাচনের প্রচারণায় নিউইয়র্কে এক সমাবেশে তিনি বলেছিলেন, 'প্রথম দিনেই আমি মার্কিন ইতিহাসের বৃহত্তম গণপ্রত্যাবাসন কর্মসূচি শুরু করব। এর মাধ্যমে অপরাধীদের

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

গাড়ী চলাচলে বাধা দেয়ার হুমকি হোম্যানের

ইমিগ্র্যাশনকে ব্যক্তিগত তথ্য দেবে না নিউ ইয়র্ক ডিএমভি

বাংলা পত্রিকা রিপোর্ট: অবৈধ অভিবাসীদের ড্রাইভিং লাইসেন্স প্রদান অব্যাহত রাখা এবং ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষকে নিউইয়র্ক স্টেট আইডি ও ড্রাইভিং লাইসেন্স এর ব্যক্তিগত তথ্য দিতে অপারগতা জানিয়েছে নিউইয়র্কের ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকেলস (ডিএমভি)। ডিএমভি ২০১৯ সালে প্রণীত 'গ্রিন লাইট আইন' রক্ষায় দৃঢ় অবস্থান নিয়েছে। আর এর প্রতিক্রিয়ায় আইনটির তীব্র সমালোচনা করে ট্রাম্পের নিযুক্ত বর্ডার জার (সীমান্ত

বাকি অংশ ০২ পৃষ্ঠায়

নিউইয়র্ক বইমেলায় রাজনৈতিক বিভক্তি

বিশেষ প্রতিনিধি: বাংলাদেশের রাজনৈতিক পট পরিবর্তনের প্রেক্ষাপটে বিশেষ করে শেখ হাসিনার সরকারের পতন এবং নোবেল পুরস্কার বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের সরকার প্রতিষ্ঠার পর উদ্ভূত পরিস্থিতির প্রভাব পড়েছে নিউইয়র্ক তথা প্রবাসে। বিশেষ করে বিগত

বাকি অংশ ০২ পৃষ্ঠায়

১০ বছরে ২০০ রোগীকে 'যৌন নিপীড়ন'

বস্টনের এক চিকিৎসকের কান্ড

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে ডেরিক টড নামে চিকিৎসকের বিরুদ্ধে এক দশকের বেশি সময়ে দুই শতাধিক রোগীর ওপর যৌন নিপীড়ন চালিয়েছেন। কয়েকজন রোগীর অভিযোগে ম্যাসাচুসেটসের গ্র্যান্ড জুরি ঐ চিকিৎসককে যৌন নিপীড়নের দায়ে অভিযুক্ত করেছেন।

অভিযোগে উল্লেখ করা হয়, ডেরিক টড প্রয়োজন ছাড়াই রোগীদের শ্রোণীদেশের থেরাপি দিয়েছেন এবং

বাকি অংশ ১৫ পৃষ্ঠায়

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ইমিগ্র্যাশনকে

(১ম পৃষ্ঠার পর)

প্রধান) টম হোম্যান নিউইয়র্কের লাইসেন্স প্লেটযুক্ত গাড়িগুলোকে দেশের বাইরে যাওয়া ও প্রবেশে বাধা দেওয়ার হুমকি দিয়েছেন। এমনকি এ আইন বাতিল করার চিন্তা করছেন বলে জানান।

জানা গেছে, ২০১৯ সালে প্রণীত নিউইয়র্ক স্টেটের 'গ্রিন লাইট আইন' অবৈধ অভিবাসীদের ড্রাইভিং লাইসেন্স পাওয়ার অধিকার প্রদান করে এবং ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকেলসকে (ডিএমভি) ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষের সঙ্গে ব্যক্তিগত তথ্য শেয়ার করতে নিষিদ্ধ করে। এই আইনটি সড়ক নিরাপত্তা ও অভিবাসী সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখলেও এটি ফেডারেল সরকারের সীমান্ত নিরাপত্তা ও অভিবাসন নীতির সঙ্গে সংঘাত সৃষ্টি করেছে। টম হোম্যান ডিএমভির কাছে লাইসেন্সের অধিকারীদের তথ্য ফডারেল অভিবাসন কর্তৃপক্ষকে দেওয়ার কথা বলেছিলেন ও অবৈধ অভিবাসীদের ড্রাইভিং লাইসেন্স প্রদান বন্ধ করার অনুরোধ করেছিলেনে। কিন্তু নিউইয়র্কের ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকেলস (ডিএমভি) ২০১৯ সালে প্রবর্তিত 'গ্রিন লাইট আইন' রক্ষায় দৃঢ় অবস্থান নিয়েছে। ডিএমভি'র অবস্থান টম হোম্যানকে জানিয়ে দেওয়া হয়েছে যে, 'গ্রিন লাইট আইনটি' অবৈধ অভিবাসীদের ড্রাইভিং লাইসেন্স পাওয়ার অধিকার প্রদান করেছে এবং ডিএমভিকে ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষের সঙ্গে ব্যক্তিগত তথ্য শেয়ার করতে নিষিদ্ধ করেছে। নিউইয়র্ক স্টেট কর্মকর্তারা দাবি করছেন, এই আইনটি সড়ক নিরাপত্তা বৃদ্ধি এবং অভিবাসী সম্প্রদায়কে সুরক্ষা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

ডিএমভির মুখপাত্র ওয়াল্টার ম্যাককুর এ আইনটির পক্ষে দৃঢ় অবস্থান নিয়ে বলেন, আইনটি সড়ক নিরাপত্তা বাড়াতে সহায়ক হয়েছে। কারণ এটি অবৈধ এবং বীমা ছাড়া চালকদের রাস্তায় নামতে নিরুৎসাহিত করে। এ আইনটি প্রথম ট্রাম্প প্রশাসনের সময় পাস হয় এবং এর ফলে ২০২০ সালে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি নিউইয়র্কবাসীদের জন্য ট্রাস্টেড ট্রাভেলার প্রোগ্রামে অংশগ্রহণে নিষেধাজ্ঞা জারি করেছিল। পরে এটি সংশোধন করা হয় এবং সীমিত তথ্য শেয়ারিংয়ের অনুমতি দেওয়া হলেও অভিবাসন কর্তৃপক্ষের সঙ্গে তথ্য শেয়ারিং কঠোরভাবে নিষিদ্ধ থাকে।

এদিকে ডিএমভির এ সিদ্ধান্তে তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন ট্রাম্পের সীমান্ত প্রধান টম হোম্যান। এই আইনটির বিরুদ্ধে তীব্র সমালোচনা করে জানিয়েছেন তিনি নিউইয়র্কের লাইসেন্স প্লেটযুক্ত গাড়িগুলোকে দেশের বাইরে যাওয়া ও প্রবেশে বাধা দেওয়ার কথা বিবেচনা করছেন। এ আইনটি পরিবর্তন বা বাতিল করতে চান।

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল হোম্যানের মন্তব্যকে অদ্ভুত বলে আখ্যা দিয়েছেন। গভর্নর ক্যাথি হোকুলের মুখপাত্র জানিয়েছেন, তিনি কখনো চাননি যে, কোনো অবৈধ অভিবাসী অপরাধের জন্য অভিযুক্ত হলে তাদের দেশে ফেরত পাঠানো হোক। তবে এসব ব্যক্তি দোষী সাব্যস্ত হওয়ার পরই তাদের বিরুদ্ধে সিদ্ধান্ত নিতে হবে। জনসাধারণের নিরাপত্তা এবং নিরাপদ সীমান্ত নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকলেও তবে আইনটি পুনর্বিবেচনা করার বিষয়ে গভর্নর সরাসরি কিছু বলেননি।

পুলিশের সংস্কারে

(৭ম পৃষ্ঠার পর)

আদায়ের অভিযোগ উঠলে তাৎক্ষণিকভাবে পুলিশ সুপার ব্যবস্থা নেবেন। এ ছাড়া থানায় বাদী-বিবাদী নিয়ে কোনো ধরনের মধ্যস্থতা বৈঠক করা যাবে না। ট্রাফিক ব্যবস্থাপনার ক্ষেত্রে মামলা দায়ের ও রেকার বিল চার্জ ঊর্ধ্বতন কর্মকর্তারা তদারক করবেন।

পুলিশ বাহিনীকে নতুন প্রযুক্তির সঙ্গে পরিচয় করানোসহ সাইবার ঝুঁকি প্রতিরোধ, আইসিটি খাতের উন্নয়ন, আইসিটির সরঞ্জামাদির প্রমিত মান অনুসরণ করে তা সংগ্রহ ও সুষ্ঠুভাবে সম্পাদনে একটি আইসিটি এবং টেক কোর গঠনের সুপারিশ করা হয়। এ ছাড়া পুলিশের জন্য একটি পরিপূর্ণ মেডিকেল সার্ভিস গঠনের প্রস্তাব করা হয়েছে।

কমিশনের সুপারিশে আরও বলা হয় প্রতিটি থানায় আগত নারী ভিকটিম বা আটক নারী ও নারী পুলিশ সদস্যদের জন্য চেঞ্জিং, ড্রেসিং এবং ব্রেস্ট ফিডিং কর্নারের ব্যবস্থা করা। পুলিশ লাইন্স, থানা, ক্যাম্পে কনস্টেবল পর্যায়ের সদস্যদের শতভাগ ডরমেটরি ও কোয়ার্টারের ব্যবস্থা। ডরমেটরিতে নারী-পুরুষের স্বাস্থ্যসম্মত আবাসন সুবিধা, বিশ্রামাগার ও শৌচাগার নিশ্চিত করা। বর্তমানে সহকারী পুলিশ সুপার নিয়োগের ক্ষেত্রে যে ধরনের শারীরিক ও মানসিক যোগ্যতার প্রয়োজন, তা উপেক্ষিত হচ্ছে। এ জন্য বিসিএস পরীক্ষায় পুলিশ ক্যাডারের জন্য আলাদাভাবে শারীরিক যোগ্যতা ও মানসিক স্বাস্থ্য পরীক্ষা অন্তর্ভুক্ত করে আবেদনের যোগ্যতা নিরূপণ।

কনস্টেবল থেকে এএসআই এবং এএসআই থেকে এসআই পদোন্নতিতে প্রতি বছর পরীক্ষা নেওয়া। বর্তমান পরীক্ষার যে রীতি, তা বাতিল করা। একবার উত্তীর্ণ হলে শারীরিক যোগ্যতা সাপেক্ষে তিন বছরের জন্য পদোন্নতির জন্য যোগ্য হিসেবে বিবেচনার সুপারিশ করা হয়। বিভাগীয় পদোন্নতির নীতিমালা সংস্কার করে কনস্টেবল ও এসআই নিয়োগের ক্যারিয়ার প্ল্যানিং প্রণয়ন। বর্তমানে থানাসহ বিভিন্ন দায়িত্ব পালন করা নারী পুলিশের সংখ্যা শতকরা মাত্র ৮ শতাংশ। থানা, ভিকটিম সাপোর্ট সেন্টারসহ অন্য ইউনিটে নারী পুলিশের সদস্য বাড়িয়ে ২৯ হাজার ২৪৮ জনে উন্নীত করা। বর্তমানে নারী পুলিশ সদস্য রয়েছেন ১৬ হাজার ৮০১ জন।

গত ৩ অক্টোবর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অবসরপ্রাপ্ত সিনিয়র সচিব সফর রাজ হোসেনের নেতৃত্বে পুলিশ সংস্কার কমিশন গঠন করে সরকার। তিন মাসের বেশি সময় কাজ করে গত বুধবার প্রধান উপদেষ্টার কাছে প্রতিবেদন জমা দেয় কমিশন। ছাত্র-জনতার অভ্যুত্থানের পর সবচেয়ে নাজুক পরিস্থিতিতে পড়ে পুলিশ বাহিনী। অতিরিক্ত বলপ্রয়োগ ও অপেশাদার কর্মকাণ্ডে সমালোচনার মুখে পড়ে তারা।

অন্যথায়

প্রবাসীদের হয়রানি নির্যাতন বন্ধ করা না হলে প্রায় ২ কোটি প্রবাসীদের রেমিটেন্স না পাঠানোর জন্য অনুৎসাহিত করার হুমকি দেয়া হয়। সমাবেশে সংগঠনের সভাপতি অ্যাডভোকেট মাহবুবুর রহমান বকুল, সাধারণ সম্পাদক কাজী এম আর খান সেলিম, সহ-সভাপতি আমিন মেহেদী বাবু প্রমুখ বক্তব্য রাখেন।

এদিকে ঐদিন প্রবাসীদের

নিউইয়র্ক বইমেলায়

(১ম পৃষ্ঠার পর)

৩৫ বছর ধরা চলা নিউইয়র্ক বইমেলার মূল আয়োজক সংগঠন মুক্তধারা ফাউন্ডেশনে সেই প্রভাব লেগেছে। ফলে ফাউন্ডেশনে কমিটি গঠন নিয়ে রাজনৈতিক বিভক্তি দেখা দিয়েছে। এতে আগামী ২৩ মে থেকে অনুষ্ঠিতব্য চার দিনব্যাপী নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা'য় এর নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে আশঙ্কা করা হয়েছে। জানা গেছে, জুলাই অভ্যুত্থানের পর মুক্তধারা ফাউন্ডেশনের কার্যকরী কমিটিতে দুটি ধারা তৈরি হয়েছে। একটি অংশ জুলাই অভ্যুত্থানের পক্ষে অবস্থান নিয়েছে, অপর অংশ 'মুক্তিযুদ্ধের চেতনায়' অতীতের মতো বইমেলা আয়োজনের পক্ষে।

এদিকে মুক্তধারা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নিউইয়র্ক বইমেলার প্রবর্তক বিশ্বজিৎ সাহার বিরুদ্ধে পাল্টাপল্টি নানা অভিযোগ উঠছে। যা নিয়ে নিউইয়র্কের বিভিন্ন মিডিয়ায় খবরাখবরও প্রকাশিত হচ্ছে। আবার এসব নিয়ে সংশ্লিস্ট অনেকেই মিডিয়ার সাথে কোন কথা বলছেন না। খুলছেন না মুখ। আবার দু'একজন একটু আধটু কথা বললেও তাতে পাল্টা-পাল্টির সুর।

জানা যায়, গত ৯ জানুয়ারি বৃহস্পতিবার অনুষ্ঠিত কার্যকরী কমিটির সভায় বিপত্তি দেখা দেয়। ওই সভায় দুজন সিনিয়র কর্মকর্তা কমিটির কয়েকজন সদস্যকে 'স্বৈরশাসকের লোক' বলে আখ্যায়িত করেন। এতে আপত্তি জানিয়ে কমিটির শীর্ষস্থানীয় পাঁচজন কর্মকর্তা সভা থেকে বেরিয়ে যান। পরে কোনো সিদ্ধান্ত ছাড়াই সভা মুলতবি করা হয়।

জানা গেছে, মুক্তধারা ফাউন্ডেশনের নতুন চেয়ারম্যান হয়েছেন অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ। পরে পূর্ণাঙ্গ কমিটি গঠনের কথা রয়েছে। তবে 'একাত্তরের প্রহরী' নামে একটি সংগঠনের কর্মকর্তারা এক বিবৃতিতে অভিযোগ করেছেন যে, ৩৫ বছর ধরে মুক্তিযুদ্ধের চেতনায় অনুষ্ঠিত নিউইয়র্ক বাংলা বইমেলা এ বছর গত জুলাই অভ্যুত্থানকারীদের দখলে চলে যাচ্ছে। এ কারণে তারা আগামী কমিটিতে মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তিকে রাখার পক্ষে মত দেন। বিদায়ী কমিটির চেয়ারম্যান ও বীর মুক্তিযোদ্ধা ড. নূরুন নবী ওই চিঠি পাওয়ার পর মুক্তিধারা ফাউন্ডেশনের সিইও বিশ্বজিৎ সাহার সঙ্গে যোগাযোগ করেন। কিন্তু তার কাছ থেকে কোনো সদুত্তর পাননি ড. নূরুন নবী।

অপর একটি সূত্র জানায়, নতুন কমিটিতে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিকে না রাখা হলে মুক্তধারা ফাউন্ডেশনের সঙ্গে সম্পর্ক ছিন্ন করতে পারেন ড. নূরুন নবী, ড. জিনাত নবী, ফাহিম রেজা নূর, জাকিয়া ফাহিম, স্বীকৃতি বড়ুয়া ও শুভ রায়। এ ব্যাপারে জানতে চাইলে মুক্তধারা ফাউন্ডেশনের সদস্য সচিব ও সিইও বিশ্বজিৎ সাহা বলেছেন, ৩৫ বছর ধরে মুক্তিযুদ্ধের চেতনায় বইমেলা হয়ে আসছে। এটি অব্যাহত থাকবে। এর বাইরে আর কিছু হয়নি।

এদিকে এব্যাপারে ড. নূরুন নবীর সাথে যোগাযোগ করা হলে তিনি রোববার (১৯ জানুয়ারী) জানান, মুক্তধারা ফাউন্ডেশন বা নিউইয়র্ক বইমেলা নিয়ে বিভিন্ন মিডিয়ায় যা প্রচার হচ্ছে তার সবটাই সঠিক নয়, বরং কোন কোন ক্ষেত্রে অতি রঞ্জিত, তথ্য সঠিকও নয়। আমাদের মধ্যে মতের মিল নাও হতে পারে তবে বইমেলার বিষয়ে আমরা ঐক্যবদ্ধ এবং এক। আমরা ইতিমধ্যেই মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারম্যান মনোনীত করলেও পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়নি। পূর্নাঙ্গ কমিটি এবারের বইমেলা শেষে গঠন করা হবে। আর বইমেলার আহ্বায়ক হিসেবে ভয়েস অব আমেরিকা খাত সাংবাদিক রোকেয়া হায়দারকে আহ্বায়ক করা হয়েছে। এই কমিটি পূর্নাঙ্গ করতে সোমবার (২০ জানুয়ারী) অনলাইন সভা আহ্বান করা হয়েছে। সোমবারের সভায় নিউইয়র্ক বইমেলার আহ্বায়ক কমিটি গঠন করা হবে এবং এই কমিটি এবারের বইমেলার আয়োজন করবে। মুক্তধারা ফাউন্ডেশনের চলমান কমিটি মেলা তদারকি করবে।

১০ দিনের ব্যবধানে ঢাকা বিমানবন্দরে দুই প্রবাসীকে হেনস্থা

নিউইয়র্কে প্রবাসী সুরক্ষার বিক্ষোভ সমাবেশ

বিশেষ প্রতিনিধি: দশদিনের ব্যবধানে ঢাকা বিমানবন্দরে আরেক প্রবাসীকে হেনস্থা করা হয়েছে। এবার মধ্যপ্রাচ্যগামী এক ফ্লাইটের কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ এসেছে এক প্রবাসীকে হেনস্থা করার। প্রবাসীদের হেনস্থার প্রতিবাদে বিক্ষোভ করেছে নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশীরা। এদিকে প্রবাসীদের হেনস্থার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ও বিমানবন্দরে প্রবাসীদের হয়রানী বন্ধে নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেটে স্মারকলিপি দেয়া হয়েছে।

জানা গেছে, গত ৯ জানুয়ারী নরওয়ে প্রবাসী বাংলাদেশী হযরত শাহজালাল বিমানবন্দরের কর্মকর্তাদের দ্বারা হেনস্তার শিকার হয়েছিলেন। সে ঘটনায় বিশ্বে বসবাসরত বাংলাদেশীরা তীব্র প্রতিক্রিয়া দেখালেও সিভিল এভিয়েশনের তদন্তে উল্টো ওই প্রবাসীকে দোষী সাব্যস্ত করা হয়েছিলো। এর রেশ কাটতে না কাটতে, এবার মধ্যপ্রাচ্যগামী এক রুটের এক ফ্লাইট কর্মকর্তার কাছে। ভিডিও'র বিবরণ অনুযায়ী, ওই প্রবাসীর কলার টানতে দেখা গেছে ওই কর্মকর্তাকে। এদিকে ঢাকায় বিমানবন্দরে প্রবাসীকে হয়রানী ও নাজেহালের ঘটনায় বিক্ষোভ প্রদর্শিত হয়েছে নিউইয়র্কে। নিউইয়র্কের বিশিষ্টজনরা, এসব ঘটনার দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছেন।

নরওয়ে প্রবাসী সায়েদ উদ্দিন ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে গত ৮ জানুয়ারী, নিরাপত্তা বাহিনীর সদস্য কর্তৃক নির্মমভাবে রক্তাক্ত ও জখম করার প্রতিবাদে এবং দোষী ব্যক্তিদের শাস্তির দাবীতে বিক্ষোভ সমাবেশ হয় নিউইয়র্কে। গত ১৭ জানুয়ারী শুক্রবার বিকাল তিনটায় জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজার সামনে এই সমাবেশ আয়োজন করে প্রবাসী সুরক্ষা আইন বাস্তবায়ন কমিটি, ইউএসএ ইনক। সমাবেশে নেতৃবৃন্দ প্রবাসী সায়েদ উদ্দিনকে জখমের ঘটনায় দোষী ব্যক্তিদের উপযুক্ত শাস্তি প্রদানের বিমানবন্দরে হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও বিমানবন্দরে প্রতিনিয়ত হয়রানী বন্ধের দাবিতে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট কার্যালয়ে কনসাল জেনারেলের মাধ্যমে বাংলাদেশের প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করা হয়। প্রবাসী সুরক্ষা আইন বাস্তবায়ন কমিটি, ইউএসএ'র পক্ষ থেকে এ স্মারকলিপি দেওয়া হয়। স্মারকলিপি প্রদানের সময় সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।





‘খসরু-সুয়েব’ প্যানেল নির্বাচনমুখী, ‘জালাল-রেনু’ প্যানেলের বয়কট





কুলাউড়া বাংলাদেশি এসোসিয়েশন অব ইউএসএ’র ভোটার নিবন্ধন কর্মসূচির আনুষ্ঠানিক কার্যক্রম সম্পন্ন হয়। নির্বাচন কমিশনের কাছে ভোটার তালিকা সংগ্রহ ফরম হস্তান্তর করছেন ‘খসরু-সুয়েব’ পরিষদ।



‘জালাল-রেনু’ পরিষদের সংবাদ সম্মেলন

(শেষ পৃষ্ঠার পর)

কার্যক্রম সম্পন্ন হওয়ার ঘোষণা দেন এসোসিয়েশনের প্রধান নির্বাচন কমিশনার সিরাজ উদ্দিন আহমদ সোহাগ। কমিশন সূত্রে জানা যায়, ১ হাজার ৮ জন সাধারণ ভোটার এবার রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। সাবেক ও বর্তমান মোট লাইফ মেম্বার হচ্ছে ৬২ জন। এ সময় নির্বাচন কমিশনার সদস্য তজম্মুল আলী ও আব্দুল মুকিত চৌধুরী উপস্থিত ছিলেন। এদিকে ভোট রেজিস্ট্রেশনের শেষ দিনে রোববার এস্টোরিয়ায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে ‘পিতার নাম ছাড়া ভোটার তালিকা করার অভিযোগ এনে ভোট বয়কটের ঘোষণা দিয়েছেন ‘জালাল-রেনু’ প্যানেল’।

অপরদিকে ভোটার নিবন্ধন কার্যক্রম সফলভাবে সম্পন্ন হওয়ায় ভোটারদের কৃতজ্ঞতা জানিয়ে আসন্ন এসোসিয়েশনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ‘খসরু-সুয়েব’ পরিষদ সবার সহযোগিতা কামনা করেছেন। আগামী মে মাসের প্রথম সপ্তাহে এই নির্বাচন হওয়ার কথা বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে। খবর ইউএনএ’র।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, অতীতে কুলাউড়া এসোসিয়েশনের ৫টি নির্বাচনে ভোটার তালিকায় পিতার নাম অন্তর্ভুক্তির বিধান ছিলো না। শুধুমাত্র ভোটারের নাম ঠিকানা, মোবাইল ও জন্ম সাল দিয়ে ভোটার রেজিস্ট্রেশনের নিয়ম ছিলো। কিন্তু এবার ভোটারের সদস্য ফর্মে ‘পিতার নাম’ অন্তর্ভূক্তির দাবী উঠেছে। এনিয়ে সংগঠনের মধ্যে মিশ্র প্রক্রিয়া লক্ষ্য করা গেছে এবং পাল্টাপাল্টি বক্তব্য পাওয়া যাচ্ছে।

এ বিষয়ে একাধিক ভোটার জানান, একটি এসোসিয়েশনের ভোটার হতে যদি এতো তথ্য দেওয়া অনেকের পক্ষে সম্ভব না। কারণ তথ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত না হয়ে কেউই এ রকম একটি প্ল্যাটফর্মে ব্যক্তিগত তথ্য দিতে চাইবে না। আগেতো এ রকম নিয়ম ছিলো না। তারা বলেন, তখনও এ রকম তথ্য দিয়ে ভোটার হওয়া যেতো। এখন হঠাৎ শুনি একটি প্যানেল পিতার তথ্য নিয়ে ভোটার তালিকায় নিবন্ধন চায়। কমিউনিটির সাথে সম্পৃক্ত থাকার জন্য এ রকম এসোসিয়েশনের সাথে যুক্ত থাকেন প্রবাসী বাংলাদেশীরা। এখানে ব্যক্তিগত সকল তথ্য দিয়ে কেউই নিজের তথ্যের গোপনীয়তাকে ঝুঁকিতে ফেলে ভোটার হতে চাইবে না।

তাছাড়া এ বছর নির্বাচন প্রস্তুতির অংশ হিসেবে ভোটার রেজিস্ট্রেশনের শেষ দিনে এসে ভোটারদের সাথে তাদের পিতার নামের অন্তর্ভুক্তির দাবি এনে ভোট বয়কটের ঘোষণা দেওয়ায় অনেকটা বিস্মিত ভোটাররা।

রোববার সন্ধ্যা ৭টার দিকে এস্টোরিয়ার বৈশাখী রেষ্টুরেন্টে আনুষ্ঠানিক ভোটার নিবন্ধন কার্যক্রম সম্পন্ন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি শাহ আলাউদ্দিন। সংগঠনের সাধারণ সম্পাদক জাবেদ আহমদের সঞ্চালনায় নির্বাচন কমিশনারবৃন্দ ছাড়াও এসময় প্রবীণ রাজনীতিক লুৎফর রহমান চৌধুরী হেলাল, ‘খসরু-সুয়েব’ প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক রাশেদুল মান্নান চৌধুরী হেশাম, সদস্য সচিব জামাল উদ্দিন লিটন, সভাপতি পদপ্রার্থী সৈয়দ ইলিয়াস খসরু ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী মঈনুর রহমান সুয়েব, বর্তমান কোষাধ্যক্ষ কামাল আহমেদ, ভাটেরা এসোসিয়েশন ইউএসএ’র সাধারণ সম্পাদক হারুনুর রশীদ, সংগঠক শওকত হোসেন, মিসবাউর রহমান এনাম, ফরহাদুল ইসলাম লিটু, রাহাত বিন ওয়াহিদ প্রমুখ উপস্থিত ছিলেন।

অপরদিকে জালালাবাদ ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে নির্বাচন বয়কটের ঘোষণা দিয়ে ‘জালাল-রেণু’ প্যানেলের সভাপতি পদপ্রার্থী এনায়েত হোসেন জালাল বলেন, ‘পিতার নাম’ ছাড়া ভোটারদের নাম তালিকায় অন্তর্ভুক্তির বিষয়টি নির্বাচন কমিশনে বরাবর অভিযোগ করা হয়েছে। তবে কমিশন এ বিষয়ে কোনো ব্যবস্থা নেয়নি। বরং উল্টো নির্বাচন কমিশন পক্ষপাতমূলক আচরণ করছে বলে অভিযোগ করেন জালাল উদ্দিন। এছাড়াও গঠনতন্ত্র সুষ্ঠুভাবে ভোটার অর্ন্তভুক্তির সঠিক নীতিমালা না আনা পর্যন্ত, আগামীতে এসোসিয়েশনের কোনো কর্মসূচীতে অংশগ্রহণ থেকে বিরত থাকার জন্য সবার প্রতি আহবান জানানো। তিনি বলেন, এসোসিয়েশনের গঠনতন্ত্রে সুষ্ঠুভাবে ভোটার অন্তর্ভুক্তির সঠিক নীতিমালা না আনা পর্যন্ত, আগামীতে এসোসিয়েশনের কোনো কর্মসূচিতে অংশগ্রহণ থেকে বিরত থাকবেন বলে জানান।

হাজী বদরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে রেজাউল করিম রেণু, জাভেদ খসরু, আশরাফ আহমেদ ইকবাল, কয়ছর রশীদ, আফাজুর রহমান চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।



The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

বাংলা পত্রিকা ও টাইম টিভি'র বর্ষপূর্তি

নিউইয়র্ক থেকে প্রকাশিত উত্তর আমেরিকা প্রবাসী বাংলাদেশীদের মুখপত্র বাংলা পত্রিকা ও টাইম টিভি'র বর্ষপূর্তী অনুষ্ঠান আগামী ২৪-২৫ জানুয়ারী শুক্র ও শনিবার। গেলো সেপ্টেম্বরে কমিউনিটির অন্যতম পুরনো মিডিয়া বাংলা পত্রিকা প্রকাশনার ৩৭ বছর পেরিয়ে ৩৮ বছরে এবং টাইম টেলিভিশন ১০ বছর পেরিয়ে ১১ বছরে পদার্পণ করে। মিডিয়া দু'টির বর্ষপূর্তী অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। অনুষ্ঠান ঘিরে কমিউনিটির ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে।

নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার বাংলাদেশী কমিউনিটিতে বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন কমিউনিটির মুখপত্র হিসেবে সাধ্যমত দায়িত্ব পালন করে চলেছে। বিশেষ করে টাইম টেলিভিশন উত্তর আমেরিকার গন্ডি ছাড়িয়ে বাংলাদেশ সহ বিশ্বব্যাপী লক্ষ-কোটি দর্শক-শ্রোতার মন জয় করেছে। এটি আমাদেও আর্জন। এই অর্জন আর পাঠক-দর্শক-শ্রোতাদের ভালাবাসাকে পুঁজি করে বাংল পত্রিকা ও টাইম টিভি অগামী দিনগুলোতে আরো ভালো করতে চায়। আমরা জানি ভালোর কোন শেষ নেই, পাঠক, দশর্ক-শ্রোতারও চাওয়া-পাওয়ার শেষ নেই। আমরা সবার সহযোগিতা আর ভালোবাসায় আমাদের ভালোর সর্বশেষটুকু উপহার দিতে চাই। আমাদেও বর্ষপূতি অনুষ্ঠানে এটাই আমাদের প্রতিশ্রুতি।

বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশনের বর্ষপূর্তীর এবারের অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'জেনারেশন জি দি গেম চেঞ্জার'। দু'দিন ব্যাপী এই অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে থাকবে বিজনেস শো এন্ড সেমিনার, আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশ ভোজ। বিজনেস শো-তে বিভিন্ন প্রতিষ্ঠানের স্টল ছাড়াও থাকবে বিশেষ আলোচনা। আরো থাকবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে দেশ ও প্রবাসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করবেন।

বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশনের বর্ষপূর্তীর মূল অনুষ্ঠানে কী নোট স্পীকার থাকবেন প্যারামাউন্ট গ্লোবাল-এর সিনিয়র ডিরেক্টর (ইন্টারন্যাশনাল মার্কেটিং) কারিশমা রহমান আজমত। তরুণ-তরুনীদের মধ্যে স্পীকার থাকবেন বেঙ্গলী এসোসিয়েশন অব স্টুডেন্ট এট হার্ডভার্ড কলেজের প্রেসিডেন্ট নামিরা মেহেদী, নাবিল এইচ মুহিব। আরো বক্তব্য রাখবেন মূধারারার রাজনীতিক, জনপ্রতিনিধি ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ। ইতিমেধ্যেই অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার বাংলাদেশী কমিউনিটিতে বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন কমিউনিটির মুখপত্র হিসেবে সাধ্যমত দায়িত্ব পালন করে চলেছে। বিশেষ করে টাইম টেলিভিশন উত্তর আমেরিকার গন্ডি ছাড়িয়ে বাংলাদেশ সহ বিশ্বব্যাপী লক্ষ-কোটি দর্শক-শ্রোতার মন জয় করেছে। এটি আমাদেও আর্জন। এই অর্জন আর পাঠক-দর্শক-শ্রোতাদের ভালাবাসাকে পুঁজি করে বাংল পত্রিকা ও টাইম টিভি অগামী দিনগুলোতে আরো ভালো করতে চায়। আমরা জানি ভালোর কোন শেষ নেই, পাঠক, দশর্ক-শ্রোতারও চাওয়া-পাওয়ার শেষ নেই। আমরা সবার সহযোগিতা আর ভালোবাসায় আমাদের ভালোর সর্বশেষটুকু উপহার দিতে চাই। আমাদেও বর্ষপূতি অনুষ্ঠানে এটাই আমাদের প্রতিশ্রুতি।

আর একটি কথা বাংলা পত্রিকা'র দীর্ঘপথ এবং টাইম টেলিভিশনের ১০ বছর পেরিয়ে ১১ বছরে পদার্পণ সম্ভব হতো না যদি না আমাদের সম্মানিত পাঠক, দর্শক-শ্রোতা আর পৃষ্ঠাপোষক ও বিজ্ঞাপনদাতারা তাদেও অব্যাহত সমর্থন না রাখতেন, সমর্থন-সহযোগিতা না দিতেন। আমরা তাঁদের এই আবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করতে চাই এবং আগামী দিনের চলার পথে সেই সহযোগিতা অব্যাহত দেখতে চাই। বাংলা পত্রিকা-টাইম টাইম টেলিভিশন হোক সকল প্রবাসীর সবসময়ের সাথী। সবাইকে আন্তরিক শুভেচ্ছা।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

সংস্কারের 'শর্টলিস্ট' করুন

সাম্প্রতিক প্রসঙ্গ



হাসান মামুন

সংবিধান সংস্কার কমিশনের রিপোর্টে এর মূলনীতি পরিবর্তনে যে সুপারিশ করা হয়েছে, তাতে গণতন্ত্র প্রত্যাশিতভাবেই অটুট। স্বাধীনতার ঘোষণাপত্রের অঙ্গীকারগুলো ফিরিয়ে আনার কথাও বলা হয়েছে। এর সঙ্গে রাখা হয়েছে বহুত্ববাদকে। ধর্মের পাশাপাশি জাতি, ভাষা ও লিঙ্গগত বৈষম্যবিরোধী অঙ্গীকার জোরদার করতেই এটি করা হয়েছে। অবশ্য গণতন্ত্র মানেই বহুত্ববাদ। সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার ছাড়া গণতন্ত্র কোথাও সফল হয়নি; হবেও না। 'গণতান্ত্রিক বাংলাদেশ' গড়ে তোলার আকাঙ্ক্ষাই আসলে প্রকাশ পেয়েছে উল্লিখিত সুপারিশে।

গণতন্ত্রই ছিল আমাদের স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের প্রধান অঙ্গীকার। সত্তরের নির্বাচনের রায় বাস্তবায়নে পাকিস্তানি শাসকচক্রের অনীহা এবং সেটি বানচাল করতে তাদের পরিচালিত গণহত্যাই আমাদের ঠেলে দেয় মুক্তিযুদ্ধে। এর পেছনে আবার ছিল পাকিস্তান রাষ্ট্রকাঠামোয় এ অঞ্চলের মানুষকে বঞ্চিত করে রাখার ইতিহাস। তাদের ন্যায্য দাবিকে করা হচ্ছিল পদদলিত। সেখান থেকে বেরিয়ে একটি গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলার প্রতিজ্ঞাই আমরা করেছিলাম মুক্তিযুদ্ধে। এতে অংশগ্রহণকারী কোনো দল এ প্রশ্নে দ্বিমত জানায়নি। এ-ও সত্য, স্বাধীনতা-

উত্তরকালে গণতন্ত্রের দিকে যাত্রাটাই হয় বিঘ্নিত। এমন মত রয়েছে, বাহাত্তরে গৃহীত সংবিধানেও গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে তোলার যথেষ্ট সুযোগ রাখা হয়নি।

পরে এতে যেসব সংশোধনী আনা হয়, তাতেও জনমতের বদলে দল ও গোষ্ঠীবিশেষের ইচ্ছাই হয়েছে প্রতিফলিত। ব্যতিক্রম হিসেবে যা করা হয়েছিল, সেটিকেও পরে করা হয় বিপরীতমুখী। এতে গণতন্ত্রের প্রাথমিক শর্ত নির্বাচন ব্যবস্থাটিই বিনষ্ট করে ফেলা হয়। বিগত সরকারের শাসনামলে স্থানীয় সরকার ও পেশাজীবী সংগঠনের নির্বাচনেও ক্ষমতাসীনদের ইচ্ছার বাস্তবায়ন পরিলক্ষিত। এ পথেই কায়েম হয় কর্তৃত্ববাদ যেটি বর্ণিত হচ্ছে 'মাফিয়াতন্ত্র' কিংবা 'ফ্যাসিবাদ' বলে। নাম নিয়ে বিতর্ক থাকলে এর সরল অর্থ হলো গণতন্ত্রের অনুপস্থিতি। এ অবস্থায় অপশাসন হয় ক্রমে জোরদার এবং রাষ্ট্রের সর্বস্তরে দুর্নীতি হয়ে ওঠে বাধাহীন, নজিরবিহীন। এটি 'মুক্তিযুদ্ধের চেতনা'রও সম্পূর্ণ বিপরীত।

দেরিতে হলেও কর্তৃত্ববাদী শাসনের অবসান ঘটেছে নজিরবিহীন গণঅভ্যুত্থানে। এতে গণতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠার একটি বড় সুযোগ আমরা পেয়েছি। নব্বইয়ে সামরিক একনায়কতন্ত্রের অবসানের পর এমন আরেকটি সুযোগ অবশ্য মিলেছিল, যা আমরা কাজে লাগাতে পারিনি। 'ওয়ান ইলেভেন'ও শেষতক গণতন্ত্র জোরদারের বদলে নির্বাচন ব্যবস্থা ধ্বংস আর অপশাসনের পথ অবারিত করে দেয়। এ বিপুল ক্ষয়ক্ষতির পর চব্বিশে বদলে যাওয়া বাস্তবতা সংস্কার, নির্বাচন ও গণতন্ত্র জোরদারে আমাদের মনোযোগী করবে, এটিই প্রত্যাশা। গণতান্ত্রিক বিশ্বও একটি গণতান্ত্রিক বাংলাদেশ দেখতে চাইছে। তারাও সংস্কার ও অর্থবহ নির্বাচনের মাধ্যমে সুশাসনের পথে বাংলাদেশের অগ্রযাত্রা দেখতে বরাবর আগ্রহী। সমস্ত সীমাবদ্ধতার মধ্যেও এ দেশের আর্থসামাজিক উন্নয়ন এক বড় অর্জন বৈকি। গণতন্ত্রের পথে যাত্রায় আমরা সফল হলে সেটিও কম গৌরবের হবে না। এতে দেশ থাকবে স্থিতিশীল ও নিরাপদ; অন্তর্ভুক্তিমূলক আর টেকসই উন্নয়নের পথেও আমরা এগোতে পারব।

এ লক্ষ্য অর্জনে সামনে অনেক কাজ, সন্দেহ নেই। সব কাজ একসঙ্গে আর দ্রুততার সঙ্গে করাও সম্ভব নয়। পরিবেশ-পরিস্থিতি বিচারপূর্বক 'অগ্রাধিকার' স্থির করেও এগোতে হবে, যাতে মূল সংস্কারে ব্যর্থ না হই। সেটি আমাদের লক্ষ্যচ্যুতও করে দিতে পারে। এ ক্ষেত্রে আধুনিক বিশ্বের বিভিন্ন প্রান্তে বড় রাজনৈতিক পরিবর্তনের পর সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনাগুলোও বিবেচনায় রাখতে হবে।

দেশের বিশেষ পরিস্থিতিও গভীরভাবে



বিবেচ্য। গণঅভ্যুত্থানের পর অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিয়েছে সুদীর্ঘ সময়ের জন্য নয়। তার কাজ 'জরুরি সংস্কার' সম্পন্ন করে একটি মানসম্মত নির্বাচনের ব্যবস্থা করা, যা আন্তর্জাতিকভাবেও হবে গৃহীত। জরুরি সংস্কার মানে যে সংস্কার এ মুহূর্তে না করলেই নয়। এতে সবার আগে আছে

> **এ অবস্থায় প্রত্যাশা, জরুরি সংস্কারের একটি 'শর্টলিস্ট' (সংক্ষিপ্ত তালিকা) তৈরি হবে এবং সব অংশীজনের সম্মতিতে দৃঢ়তার সঙ্গে তা বাস্তবায়নে এগিয়ে যাবে সরকার। আলোচনা হবে সংস্কারের সব সুপারিশ নিয়েই। তবে জরুরি সংস্কারের তালিকা ধরে আলোচনা সম্পন্ন করতে হবে দ্রুত। প্রয়োজনে এর বাস্তবায়ন চলাকালে অন্যান্য সুপারিশ নিয়ে চলবে আলোচনা। সামনে রাষ্ট্র সংস্কারের নানা বিষয়ে আকর্ষণীয় সংলাপ দেখার অপেক্ষায় আমরা থাকব।**

নির্বাচন ব্যবস্থা সংস্কারের প্রশ্ন।

বিদ্যমান বিধিবিধান ও সামর্থ্যে কতটা গ্রহণযোগ্য নির্বাচন করা সম্ভব, সে অভিজ্ঞতা অর্জনের জন্য অনেকে 'আগে স্থানীয় সরকার নির্বাচন' করতেও বলছেন। সামগ্রিক অবস্থা বিচারে তা হয়তো সম্ভব নয়। তবে বিগত জাতীয় নির্বাচনের অভিজ্ঞতার নিরিখে যেসব সংস্কার জরুরি, সেগুলো চিহ্নিত করা কঠিন নয়। এ লক্ষ্যে গঠিত সংস্কার কমিশনও একই দিনে সরকারের কাছে সুপারিশমালা জমা দিয়েছে। সুষ্ঠু নির্বাচন শুধু নয়; বরং একে অর্থবহ করে তুলতে নির্বাচন কমিশনের ক্ষমতা আরও বাড়ানোর পাশাপাশি তার জবাবদিহি নিশ্চিতের সুপারিশও এতে রয়েছে। রাজনৈতিক দলে প্রত্যাশিত সংস্কার আনার লক্ষ্যে দেওয়া তাদের সুপারিশও সবার নজর কাড়বে।

ছাত্র-শ্রমিক-জনতার সম্মিলিত জাগরণে চব্বিশে সংঘটিত পরিবর্তন যে প্রত্যাশার জন্ম দিয়েছে, তার প্রতিফলন সরকার গঠিত সংস্কার কমিশনগুলোর সুপারিশে থাকবে এটিই স্বাভাবিক। একাত্তর ও নব্বইয়ের অপূরিত আকাঙ্ক্ষাও এতে ঘুরেফিরে প্রতিফলিত হবে। সংবিধান সংস্কার কমিশনের প্রধান তাদের রিপোর্ট পেশের দিন সে কথাটি বিশেষভাবে বলেছেন। সরকার এরই মধ্যে একটি 'জাতীয় ঐকমত্য গঠন কমিশন'ও করেছে, প্রধান উপদেষ্টা যার নেতৃত্বে। গণঅভ্যুত্থানের পর তাঁকেই সবাই বেছে নিয়েছিলেন অন্তর্বর্তী সরকারপ্রধান পদে সেরা পছন্দ হিসেবে। সরকারের কাজ ঘিরে নানা সমালোচনার মধ্যেও তাঁর ওপর আস্থা এখনও অটুট। সংস্কার কমিশনগুলোর সুপারিশ নিয়ে ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় রাজনৈতিক সংলাপে তাঁর ভূমিকা যে খুবই গুরুত্বপূর্ণ হবে, তা সহজে অনুমেয়। তবে তিনি বলেছেন, 'রাজনৈতিক ঐকমত্য' ছাড়া কোনো সংস্কারেই হাত দেবে না সরকার। এমন ঘোষণা ভবিষ্যৎ নিয়ে নানা শঙ্কায় থাকা মানুষকে আশ্বস্ত করেছে। সংস্কার ও নির্বাচনের এক ধরনের রোডম্যাপও তিনি ঘোষণা করেছেন, যাতে চাইলেও কেউ এর বাইরে কিছু ভাবতে না পারেন।

এ অবস্থায় প্রত্যাশা, জরুরি সংস্কারের একটি 'শর্টলিস্ট' (সংক্ষিপ্ত তালিকা) তৈরি হবে এবং সব অংশীজনের সম্মতিতে দৃঢ়তার সঙ্গে তা বাস্তবায়নে এগিয়ে যাবে সরকার। আলোচনা হবে সংস্কারের সব সুপারিশ নিয়েই। তবে জরুরি সংস্কারের তালিকা ধরে আলোচনা সম্পন্ন করতে হবে দ্রুত। প্রয়োজনে এর বাস্তবায়ন চলাকালে অন্যান্য সুপারিশ নিয়ে চলবে আলোচনা। সামনে রাষ্ট্র সংস্কারের নানা বিষয়ে আকর্ষণীয় সংলাপ দেখার অপেক্ষায় আমরা থাকব। তার উপযুক্ত পরিবেশ বজায় রাখতেও সরকার সক্রিয় থাকবে বলে আশা। আইনশৃঙ্খলা ও পণ্যবাজার পরিস্থিতি স্বাভাবিক করে আনতে হবে। গণঅভ্যুত্থানের শক্তিগুলোর মধ্যে বাড়াতে হবে সহিষ্ণুতা। সরকারকেও এ ক্ষেত্রে রাখতে হবে ইতিবাচক ভূমিকা। তার দিক থেকে কোনো সংস্কার বা সিদ্ধান্ত চাপিয়ে দেওয়ার ভুল ধারণাও যেন সৃষ্টি না হয়। সামনে সময় বেশি নেই। প্রতিটি দিন তাই গুরুত্বপূর্ণ। বিশেষত জরুরি সংস্কার নিয়ে সংলাপের সময়সীমাও এ অবস্থায় বেঁধে দেওয়া যেতে পারে, যাতে না ওঠে কালক্ষেপণের অভিযোগ। অন্যান্য সংস্কারের ব্যাপারেও 'যৌথ ঘোষণা' আসতে হবে যত দ্রুত সম্ভব। এর মধ্যে নির্বাচনের দিনক্ষণ বিষয়ে ধারণা পাওয়া গেলে রাজনৈতিক দলগুলোকে তার প্রস্তুতিও তো নিতে হবে।

মানসম্মত নির্বাচনের মাধ্যমেই আমাদের এগোতে হবে। নির্বাচিত সরকারকেও সংস্কার কার্যক্রম রাখতে হবে অব্যাহত। রাজনৈতিক দলগুলোকেও জাতির প্রত্যাশা পূরণে স্বচ্ছতার অনুশীলনে যেতে হবে। গণতান্ত্রিক বাংলাদেশ অর্জনের বিপরীতে অবস্থান নিয়ে কেউ টিকতে পারবে না চব্বিশের গণঅভ্যুত্থান থেকে এ শিক্ষাটিও নিতে হবে সবাইকে।

লেখক: সাংবাদিক, কলামিস্ট



মঙ্গলবার থেকে গণ

(১ম পৃষ্ঠার পর)

সপ্তাহ চলবে বলে এনবিসি নিউজ জানিয়েছে। প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্পের শপথ গ্রহণের পর 'অপারেশন সেইফগার্ড' অভিযান নামে ব্যাপক গ্রেপ্তার ও গণ ডিপোর্টেশন করবে আইস। এ অভিযানের পরিকল্পনা তুলে ধরে ধরেছে এনবিসি নিউজ।

ইলিনয় অঙ্গরাজ্যের গভর্ণর জে.বি. প্রিটজকার শিকাগো সিটিতে গণ ডিপোর্টেশনের পরিকল্পনায় প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেছেন, সেংচুয়ারী সিটি হিসেবে শিকাগোতে বসবাসকারী অভিবাসীদের গ্রেপ্তারের হাত থেকে সুরক্ষা করতে তিনি পিছপা হবেন না। তিনি বলেন 'আমাদের আইন রয়েছে যা অবৈধ অভিবাসীদের রক্ষা করে, আমি নিশ্চিত করব যে আইন মেনে চলা হয়। তবে আমি উদ্বিগ্ন যে ট্রাম্প প্রশাসন এবং তার অনুগতরা আইন মেনে চলবে না।'

পর্যালোচনা করা একটি নথি এবং পরিকল্পনার সাথে জড়িত একজন ব্যক্তির সূত্রের বরাত দিয়ে এনবিসি নিউজ এ প্রতিবেদনে বলেছে, আইসিই কর্মকর্তারা কয়েক দিনের জন্য অভিবাসীদের লক্ষ্যবস্তু করার উদ্দেশ্যে 'অপারেশন সেইফগার্ড' নামে একটি বৃহৎ অভিযান পরিচালনার পরিকল্পনা করছেন।

নথির মতে, এই অভিযান মঙ্গলবার ২১ জানুয়ারি থেকে শুরু হয়ে পরবর্তী সোমবারের মধ্যে শেষ হবে। তবে নির্ধারি সময় ও তারিখগুলি পরিবর্তন হতে পারে।

এ পরিকল্পনার সাথে সংযুক্ত এক ব্যক্তি তবে তিনি এই অপারেশন সম্পর্কে আলোচনা করার জন্য অনুমোদিত না হওয়ায় নাম প্রকাশ না করার শর্তে এনবিসি নিউজকে বলেন, শিকাগো থেকে গণ ডিপোর্টেশন অভিযান শুরু হবে।

এনবিসি নিউজ জানায়, আইসিই'র দায়িত্বরতদের কাছে এ সম্পর্কে বিস্তারিত জানতে চাইলে কর্মকর্তারা মন্তব্যের জন্য ট্রাম্পের ট্রানজিশন টিমের কাছে পাঠিয়ে দিয়েছিলেন। ট্রানজিশন টিমের পক্ষ থেকে এ সংক্রান্ত কোনো প্রতিক্রিয়া জানানো হয়নি।

শনিবার এনবিসি নিউজে সাক্ষাৎকারে ট্রাম্প এই অভিযানের কোনো বিস্তারিত বর্ণনা দিতে অস্বীকার করেন। তবে বলেন যে ব্যাপক বহিষ্কার "খুব তাড়াতাড়ি, খুব দ্রুত শুরু হবে। আমরা ইতিমধ্যেই প্রস্তুত এবং এটি শুরু হবে। আমাদের দেশের বাইরে অবৈধভাবে আসা অপরাধীদের বের করতে হবে।"

নথি অনুযায়ী, "অপারেশন সেফগার্ড" নামের অভিযানে অংশগ্রহণের জন্য পরিকল্পিত এজেন্টদের জন্য একটি ব্রিফিং শুক্রবারের বিকেলে শিকাগোতে নির্ধারণ করা হয়েছিল। এতে আরও বলা হয়েছে যে অভিযানটি স্বেচ্ছাসেবী এজেন্টদের নিয়ে গঠিত হবে এবং প্রয়োজনের চেয়ে বেশি এজেন্ট স্বেচ্ছাসেবী হচ্ছেন। অভিযানটি শিকাগোতে শুরু হতে পারে। এছাড়া যে স্টেটগুলোতে প্রাথমিক অভিযানের সম্ভাবনা রয়েছে সেগুলোর মধ্যে ওয়াশিংটন ডিসি, ফিলাডেলফিয়া, লস অ্যাঞ্জেলেস, ডেনভার।

জানা গেছে, বর্তমানে আইসের ২৩ কোটি ডলারের বাজেট ঘাটতি রয়েছে এবং ট্রাম্পের পরিকল্পনাগুলি দীর্ঘমেয়াদী এবং ব্যাপকভাবে কার্যকর করার জন্য তহবিল নেই। কংগ্রেসকে প্রথমে বাস্তবায়ন অভিযান এবং আটক কেন্দ্রগুলির জন্য অতিরিক্ত তহবিল বরাদ্দ করতে হবে। অভিবাসীদের গ্রেফতারের পর তাদের বহিষ্কারের আগে আটক কেন্দ্রে রাখা হয়। আইসের ওয়েবসাইট অনুসারে, বর্তমানে শিকাগোতে তাদের আটক কেন্দ্রে কোনো বেড খালি নেই।

টম হোম্যান ট্রাম্পের নতুন সীমান্ত প্রধান বলেছেন যে, তিনি যুক্তরাষ্ট্রে অন্তত ১,০০,০০০ আটক বেড চান; বর্তমানে, যুক্তরাষ্ট্রে প্রায় ৩৪,০০০ বেড রয়েছে।

অভিবাসন সমর্থনকারী গোষ্ঠী আমেরিকান ইমিগ্রেশন কাউন্সিল অনুমান করে যে এরকম বহিষ্কার করতে অন্তত ৩১৫ বিলিয়ন ডলারের খরচ হবে। খরচের পাশাপাশি, বিশেষজ্ঞরা সতর্ক করেছেন যে ব্যাপক বহিষ্কার কিছু পণ্যের মূল্য বাড়াতে পারে।

ফেডারেল সরকার অনুমান করে যে ৪০% কৃষি কর্মীরা অবৈধ অভিবাসী।

২০২২ সালের একটি ফেডারেল অনুমান বলেছে যে যুক্তরাষ্ট্রে ১১ মিলিয়নেরও বেশি অবৈধ অভিবাসী বসবাস করছেন, তবে এখন সে সংখ্যার নির্দিষ্ট তথ্য নেই।

এনবিসি নিউজ প্রতিবেদনে বলেছে, ডেমোক্র্যাট অধ্যুষিত স্টেট-শহরগুলোকে প্রধান লক্ষ্যবস্তু করায় ট্রাম্পের ডিপোর্টেশন পরিকল্পনাগুলি রাজনৈতিক প্রতিরোধের মুখোমুখি হতে পারে।

হোম্যান বলেছেন যে, নতুন প্রশাসন রাজনৈতিক লড়াই এবং ব্যাপক বহিষ্কারের আর্থিক খরচ নিতে প্রস্তুত। আমি মনে করি ব্যাপক বহিষ্কার এবং এর ফলাফল দেশের জন্য যেকোনো কিছুর চেয়েও গুরুত্বপূর্ণ।

টম হোম্যান শনিবার ফক্স নিউজকে বলেন, 'প্রথম সপ্তাহে সীমান্তে আশ্চর্যজনক এবং বিস্ময় দেখতে পারবেন সবাই।

যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে অবৈধ অভিবাসীদের লক্ষ্য করে ব্যাপক অভিযান চালানো হবে। যখন ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট বের হবে, তারা ঠিক জানবে তারা কাকে খুঁজছে এবং কোথায় তাদের খুঁজে পাবে।'

নিউইয়র্কের সাউথ ব্রুকলিনে অভিবাসী সুরক্ষা সংগঠন 'প্রো সে কমিউনিটি' ট্রাম্পের গণ ডিপোর্টেশনের প্রতিটি পদক্ষেপ, আইসে'র কার্যক্রম ও যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পাওয়া শিশুদের পরিবার থেকে বিচ্ছেদ প্রতিরোধে কাজ করতে প্রস্তুতি নিচ্ছে। তারা এক বিবৃতিতে বলেছে, গণ ডিপোর্টেশনের প্রক্রিয়া কিংবা পরিকল্পনা কি হবে ট্রাম্প ও তার সহযোগিরা সে বিষয়ে স্পষ্ট কিছু বলেনি। তবে সোমবারে পরে হয়তো তাদের আকস্মিক গণ বিতাড়নে নিবন্ধিত ও অনিবন্ধিত অভিবাসীরা বিপাকে পড়তে পারেন। স্যাংকচুয়ারি সিটির অভিবাসীরা যাতে এ পরিস্থিতি মোকাবেলা করতে পারেন আইনগত ভাবে সেজন্য তাদের সচেতন করা হচ্ছে। অভিবাসীদের আইনী সহায়তা দিতে তহবিল সংগ্রহ ও মামলা পরিচালনায় এটর্নী সংস্থান করছে। অভিবাসীরা যাতে কোন অপরাধে জড়িয়ে না যান সেজন্য পরামর্শ দিয়ে যাচ্ছে এ সংগঠনটি। এ ছাড়া তারা স্বেচ্ছাসেবকদের মাধ্যমে অ-নিবন্ধিতদের আইনী প্রক্রিয়া বা এসাইলাম প্রক্রিয়ায় দ্রুত নিবন্ধন করতে সহযোগিতা করছে। সংগঠনটি তাদের স্বেচ্ছাসেবক বৃদ্ধির উদ্যোগ নিয়েছে।

প্রাথমিকভাবে তাদের পরামর্শ হচ্ছে, যত সম্ভব সিটির লো মেনে চলা। আইস বা ইমিগ্রেশন আইন প্রয়োগকারী সংস্থার অভিযানে মুখোমুখি হলে দ্রুত এটর্নীর বা ইমিগ্রেশন নিয়ে কাজ করছে এমন সংগঠন বা ব্যক্তির সাথে যোগাযোগ করা।

এদিকে অভিবাসন নিয়ে দীর্ঘদিন কাজ করছে 'ইমিগ্র্যাশন অ্যাডভোকেট অর্গানইজেশন'। তারা গত বৃহস্পতিবার নিউইয়র্ক সিটি কাউন্সিল ভবনের সামনে প্রতিবাদ সমাবেশ করেছে। তারা বলছে, স্যাংচুয়ারি সিটির লো অনুযায়ী সিটির কর্মকর্তারা কাজ করবেন, যাতে আইস এর গণ গ্রেপ্তার প্রতিরোধ করতে লো' অনুযায়ী পদক্ষেপ নিবেন। অভিবাসীদের তথ্য ও গ্রেপ্তারে সিটি পুলিশকে বিরত রাখবেন। আইস ওয়ারেন্ট ছাড়া স্কুল-হাসপাতাল-বাসায় গিয়ে অভিযান না চালাতে পারে সেদিকে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে।

যদি গণ ডিপোর্টেশনের নামে অভিবাসীদের মানবাধিকার ক্ষুণ্ন করা হয় এবং কোন অগ্রহণযোগ্য সিদ্ধান্ত প্রশাসন নিতে চায় তাহলে তার বিরুদ্ধে কোর্টে যাবে সংগঠনগুলো।

যে সব নির্বাহী অধ্যাদেশ জারী করলেন ট্রাম্প

(১ম পৃষ্ঠার পর)

দেশ থেকে বের করে দেওয়া হবে।'

তবে ট্রাম্পের এই প্রতিশ্রুতি অভিবাসীদের অধিকার রক্ষাকারী গোষ্ঠীগুলোর মধ্যে উদ্বেগ সৃষ্টি করেছে। তারা বলছে, এমন পরিকল্পনা বাস্তবায়ন করা যেমন জটিল, তেমনই মানবিক দিক থেকেও বিতর্কিত।

জন্মসূত্রে নাগরিকত্ব বাতিল

নির্বাচনী প্রচারণায় জন্মসূত্রে নাগরিকত্বের অধিকার বাতিল করার প্রতিশ্রুতি দিয়েছেন। যুক্তরাষ্ট্রের সংবিধানের ১৪তম সংশোধনী অনুযায়ী, 'যদি কেউ মার্কিন ভূমিতে জন্ম নেয়, তিনি দেশটির নাগরিকত্ব পাওয়ার অধিকার রাখেন।' ট্রাম্প এই আইন পরিবর্তন করার ঘোষণা দিয়ে বলেছেন, 'প্রথম দিনেই আমি এই অধিকার বাতিল করব।' তবে বিশেষজ্ঞরা বলছেন, এটি বাস্তবায়নে ব্যাপক আইনি বাধার সম্মুখীন হতে হবে।

ক্যাপিটল হিল দাঙ্গায় অভিযুক্তদের সাধারণ ক্ষমা

ট্রাম্পের আরও একটি বিতর্কিত প্রতিশ্রুতি হলো, ৬ জানুয়ারি ২০২১ সালের ৬ জানুয়ারি ক্যাপিটল হিলে হামলায় অভিযুক্তদের সাধারণ ক্ষমা ঘোষণা। তিনি বলেছেন, 'আমি প্রথম দিনেই বিষয়টি বিবেচনা করব।'

টাইম ম্যাগাজিনকে দেওয়া সাক্ষাৎকারে ট্রাম্প বলেছিলেন, 'দায়িত্ব নেওয়ার প্রথম ৯ মিনিটের মধ্যেই আমি এ বিষয়ে কাজ শুরু করব।' তবে সমালোচকেরা বলছেন, ট্রাম্পের এই পদক্ষেপ আইন ও বিচারব্যবস্থার প্রতি মানুষের আস্থা কমিয়ে দেবে।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের অবসান

ট্রাম্পের সবচেয়ে সাহসী প্রতিশ্রুতির মধ্যে একটি ছিল রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধ করা। তিনি একটি নির্বাচনী প্রচারণায় বলেছিলেন, ক্ষমতায় যাওয়ার আগেই তিনি এই যুদ্ধ শেষ করবেন। কমলা হ্যারিসের সঙ্গে এক বিতর্কে তিনি বলেন, 'এই যুদ্ধের দ্রুত সমাধান করা হবে। আমি জানি, জেলেনস্কি ও পুতিন কীভাবে কাজ করেন। তাঁদের দুজনের সঙ্গেই আমার ভালো সম্পর্ক এবং তাঁরা দুজনই আমাকে সম্মান করেন। তাঁরা বাইডেনকে সম্মান করেন না।'

শুল্ক আরোপ সংক্রান্ত

ট্রাম্প ঘোষণা করেছেন, মেক্সিকো ও কানাডার সব ধরনের পণ্যের ওপর ২৫ শতাংশ শুল্ক আরোপ করবেন। গত বছরের ২৫ নভেম্বর ট্রুথ সোশ্যালের এক পোস্টে ট্রাম্প বলেন, '২০ জানুয়ারি, প্রথম দিনের নির্বাহী আদেশগুলোর একটি হবে মেক্সিকো এবং কানাডার সব পণ্যে শুল্ক আরোপ করা। এটি আমার প্রথম দিনের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ।' তবে অর্থনীতিবিদেরা সতর্ক করেছেন, এমন পদক্ষেপ যুক্তরাষ্ট্রের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

ইলেকট্রিক ভেহিক্যাল ম্যান্ডেট বাতিল

অর্থনৈতিক ইস্যু নিয়ে দেওয়া প্রতিশ্রুতিতে ট্রাম্প ঘোষণা করেছেন, তিনি প্রেসিডেন্টের দায়িত্ব গ্রহণের প্রথম দিনেই বাইডেন প্রশাসনের 'ইলেকট্রিক ভেহিক্যাল (ইভি) ম্যান্ডেট' বাতিল করবেন। হিউস্টনে নির্বাচনী প্রচারণায় ট্রাম্প বলেছিলেন, 'আমি ক্ষমতায় আসার প্রথম দিনেই "কুটিল জো"এর ইলেকট্রিক ভেহিক্যাল ম্যান্ডেট বাতিল করব।'

এই ম্যান্ডেট হলো বাইডেন প্রশাসনের একটি নির্দেশনা। যেখানে বলা হয়, ২০৩০ সালের মধ্যে নতুন বিক্রি হওয়া ৫০ শতাংশ গাড়ি ও ট্রাকে কোনো সাইলেন্সার থাকবে না। অর্থাৎ এসব গাড়ি ও ট্রাক হবে ধোঁয়াহীন। পরিবেশ সংরক্ষণ সংস্থা (ইপিএ) জানিয়েছে, বিদ্যুচ্চালিত গাড়ি এই লক্ষ্য অর্জনে সহায়ক হতে পারে। যদিও বাইডেন প্রশাসন কাউকে বাধ্যতামূলক এ ধরনের গাড়ি কিনতে বলেনি। তবে ট্রাম্প এই উদ্যোগকে 'ইলেকট্রিক ভেহিক্যাল ম্যান্ডেট' বা 'বৈদ্যুতিক গাড়ির ম্যান্ডেট' বলে সমালোচনা করেছেন।

জ্বালানি খাত সংক্রান্ত

জীবাশ্ম জ্বালানি উৎপাদন বাড়ানোর প্রতিশ্রুতি দিয়েছেন ট্রাম্প। ফক্স নিউজে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, 'আমি আমেরিকায় আরও বেশি জ্বালানি তেল উত্তোলন করব। এতে জ্বালানি খরচ কমবে।' তবে পরিবেশবাদীরা বলছেন, এই ধরনের পদক্ষেপ জলবায়ু পরিবর্তনের সংকটকে তীব্র করবে।

ট্রান্সজেন্ডার অধিকার নীতি বাতিল

ট্রাম্প ট্রান্সজেন্ডার নারীদের অধিকার সীমিত করতে চান। ট্রান্সজেন্ডারদের নারীদের খেলায় অংশগ্রহণ নিষিদ্ধ করার প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি বলেছেন, 'আমি প্রথম দিনেই ট্রান্সজেন্ডারদের ওপর বাইডেনের আরোপিত সব নীতি বাতিল করব।'

জেন্ডার-অ্যাফার্মিং কেয়ার বন্ধ

লৈঙ্গিক পরিচয় নিশ্চিত করা এবং ট্রান্সজেন্ডারদের চিকিৎসা সহায়তা দেওয়ার উদ্দেশ্যে বাইডেন সরকারের উদ্যোগ 'জেন্ডার-অ্যাফার্মিং কেয়ার' বন্ধ করার ঘোষণা দিয়েছেন ট্রাম্প। ট্রাম্পের এই ঘোষণা এলজিবিটিকিউ প্লাস সম্প্রদায়ের মধ্যে ক্ষোভের জন্ম দিয়েছে।

মেড-ইন-আমেরিকা উদ্যোগ

ট্রাম্প আমেরিকার গাড়িশিল্পকে পুনরুজ্জীবিত করার প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি বলেছেন, 'আমার জন্য একটি ভোট মানে, আমার নেতৃত্বে আমেরিকার অটোমোবাইল শিল্প পুনরায় শীর্ষস্থানে যাবে। এটি আমেরিকান শ্রমিকদের জন্য নতুন সুযোগ তৈরি করবে।'

প্রথম কর্মদিবসে ট্রাম্পের এসব প্রতিশ্রুতি বাস্তবায়নের ঘোষণা উচ্চাভিলাষী। এসব পরিকল্পনা কতটা বাস্তবায়ন করা সম্ভব হবে, তা নিয়ে সংশয় রয়েছে। আইনি বাধা, অর্থনৈতিক চ্যালেঞ্জ এবং জনমত তাঁর প্রশাসনের সামনে বড় প্রতিবন্ধক হয়ে দাঁড়াতে পারে।

নিউইয়র্কের বিভিন্ন কারাগারে ২৬৯ বন্দির রহস্যজনক মৃত্যু

(১ম পৃষ্ঠার পর)

অজ্ঞাত বা গোপন রাখা হচ্ছে। যদিও কারাগারে বন্দির মৃত্যু ঘটলে তদন্ত হওয়ার কথা। অনেক সময় চিকিৎসাগত কারণে বন্দিদের মৃত্যুর ক্ষেত্রে অনেক ঘটনা প্রকাশিত হয় না এবং তাদের মৃত্যুর কারণ প্রায়ই জানানো হয় না বা গোপন রাখা হয়। এটা বন্দিদের অধিকার লঙ্ঘন ও কারাগার ব্যবস্থার সুশাসনকেই প্রশ্নবিদ্ধ করছে। এর বিরুদ্ধে ক্ষোভের সৃষ্টি হয়েছে এবং ব্যাপক সংস্কারের দাবি উঠেছে।

নিউইয়র্ক স্টেট কারাগারে বন্দি থাকা অসংখ্য মানুষের মৃত্যুর ঘটনা এমনভাবে গোপন রাখা হচ্ছে, যাতে বাহ্যিক তদন্ত বা রিপোর্ট প্রকাশ না পায়। একটি অনুসন্ধানে উঠে এসেছে, ২০০০ সাল থেকে ২০২৩ সালের মধ্যে ২৬৯টি মৃত্যুর কারণ অজ্ঞাত, গোপন অথবা অনুসন্ধানাধীন রাখা হয়েছে।

নিউইয়র্ক স্টেট কমিশন অব কারেকশন এবং স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিস আইন অনুযায়ী কারাগারে আটক ব্যক্তিদের মৃত্যুর তদন্ত করা বাধ্যতামূলক। তবে যেসব বন্দিকে চিকিৎসাগত বা সহানুভূতির ভিত্তিতে মুক্তি দেওয়া হয়, যাদের মৃত্যু অনিবার্য, তাদের মৃত্যু রিপোর্ট বা বাইরের তদন্তের প্রয়োজনীয়তা রাজ্য আইন বা সংস্থার নিয়মে নেই।

জর্জ লিনিয়াকোস, যিনি ৬৭ বছর বয়সে বন্দি অবস্থায় মারা যান। তা তদন্ত বা গণমাধ্যম, জনসাধারণ অথবা বাইরের সংস্থাগুলোর কাছে রিপোর্ট করা হয়নি। তার মৃত্যুর সরকারি কারণ এখনো রিপোর্ট করা হয়নি হিসেবে চিহ্নিত রয়েছে, যা নিউইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব কারেকশনস অ্যান্ড কমিউনিটি সুপারভিশনের দ্বারা প্রকাশিত নথির মধ্যে রয়েছে, যা পাবলিক ইনফরমেশন ল' অনুযায়ী অর্জন করেছে গণমাধ্যম।

২০১০ সালের ৭ জুন, ৬৭ বছর বয়সী জর্জ লিনিয়াকোস, যিনি শিশুদের সঙ্গে যৌন আচরণের অভিযোগে ২৫ বছর কারাদণ্ড ভোগ করছিলেন, চিকিৎসারত অবস্থায় মৃত্যুবরণ করেন। তার মৃত্যুর কারণ এখনও প্রতিবেদন করা হয়নি বলে স্টেট কারাগারের দফতর থেকে জানানো হয়েছে।

নিউইয়র্ক স্টেট কারাগারে ২০০০ থেকে ২০২৩ সালের মধ্যে ১৪৮ জন বন্দি চিকিৎসার পর মারা গেছেন। এদের মধ্যে ৭৮ জনের মৃত্যুর কারণ চিহ্নিত হলেও ৩৪ জনের মৃত্যু প্রতিবেদন করা হয়নি, ২৪ জনের মৃত্যুর কারণ গোপন রাখা হয়েছে, এবং ৯টি মৃত্যুর তদন্ত এখনো চলছে। একদিকে যেখানে প্রমাণিত মৃত্যুর কারণ জানানো হচ্ছে না, অন্যদিকে একাধিক বন্দি মৃত্যুর পরও কোনো প্রতিবেদন ছাড়া বিষয়টি নিয়ে কোনো ধরনের তদন্তও করা হয়নি।

ক্রিস্টোফার রিপলি নামে ২০ বছর বয়সী এক যুবক ২০১৩ সালে মারা যান, তার পরিবার দাবি করেন যে তাকে কারাগারে ক্যানসার চিকিৎসা দেওয়া হয়নি। তার মৃত্যুর পর তার চিকিৎসা সম্পর্কিত কোনো তথ্যও প্রকাশ করা হয়নি। ক্রিস্টোফারের মা, জেনিফার মার্টিনেজ বলেন, ওরা আমার ছেলেকে চিকিৎসা দিতে অস্বীকার করেছে, কিন্তু মৃত্যুর পর তাদের কোনো দায়বদ্ধতা নেই।

নিউইয়র্ক স্টেট সিনেটের আইনপ্রণেতারা, বিশেষ করে ক্রাইম এবং কারেকশন কমিটির চেয়ারপারসন জুলিয়া সালাজার এ রহস্যময় মৃত্যুর ঘটনাগুলোর বিরুদ্ধে নতুন আইন প্রণয়নের দাবিতে সোচ্চার হয়েছেন। তিনি বলেন, এভাবে বন্দিদের মৃত্যুর কারণ অজ্ঞাত রাখা বা গোপন রাখা একেবারেই অগ্রহণযোগ্য। যারা কারাগারে আছেন, তারা আমাদের সমাজের সদস্য, তাদের পরিবারের জন্য তাদের মৃত্যুর সঠিক কারণ জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

স্টেট কারাগারের মধ্যে বন্দিদের মৃত্যুর অজ্ঞাত ও গোপনীয়তা নিয়ে ব্যাপক উদ্বেগ এবং ক্ষোভ সৃষ্টি হয়েছে। সমাজের বিভিন্ন অংশবিশেষ করে মানবাধিকার সংগঠনগুলো দাবি করছে, যেসব মৃত্যুর ঘটনা ঘটেছে, তা সঠিকভাবে তদন্ত করা হোক এবং ঘটনার বিস্তারিত রিপোর্ট প্রকাশ করা হোক। কারাগারে বন্দিদের মৃত্যুর রহস্য উন্মোচন এবং তাদের পরিবারের জন্য সঠিক তথ্য নিশ্চিত করা প্রয়োজন।

আ. লীগ নেতা গোলাপের

(১ম পৃষ্ঠার পর)

জব্দ হওয়া স্থাবর সম্পদ ও অবরুদ্ধ ব্যাংক হিসাবের মধ্যে গোলাপ, তার স্ত্রী গুলশান আরা মিয়া, ছেলে ইভান সোবহান মিয়া ও মেয়ে আনিশা গোলাপ মিয়ার নাম রয়েছে। এর মধ্যে আবদুস সোবহান গোলাপ ও তার স্ত্রী-সন্তানদের নামে থাকা মিরপুরের একটি পাঁচতলা বাড়ি। এর বাইরে যুক্তরাষ্ট্রে ৯টি স্থাবর সম্পদ জব্দের আদেশ দেয়া হয়েছে। এর মধ্যে আটটি হচ্ছে সিঙ্গেল রেসিডেনসিয়াল কন্ডো ইউনিট। আরেকটি হচ্ছে ডুয়েল ফ্যামিলি ইউনিট। এর বাইরে আবদুস সোবহান গোলাপ, তার স্ত্রী ও সন্তানদের নামে থাকা ৫৩টি ব্যাংক হিসাব অবরুদ্ধ করার আদেশ দিয়েছেন আদালত। এর আগে গত ২ অক্টোবর তার বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা দেন একই আদালত। সূত্রঃ বাসস

নিউইয়র্কে সাবওয়েতে থাকবে

(১ম পৃষ্ঠার পর)

মৃত্যু এবং সাবওয়ে স্টেশনে এক যাত্রীকে ট্রেনের নিচে ধাক্কা দিয়ে ফেলার ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে।

এসব ঘটনার পরিপ্রেক্ষিতে সাবওয়েতে যাত্রীদের নিরাপত্তা ও সহিংস অপরাধ প্রতিরোধে রাত্রিকালীন প্রতিটি ট্রেনে এখন থেকে পুলিশ থাকবে বলে ঘোষণা দিয়েছিলেন গভর্ণর ক্যাথি হোকুল।

আইন-শৃংখলার উন্নতিকল্পে বার্ষিক স্টেট ভাষণে এ কথা বলেন তিনি। সোমবার থেকে রাত নয়টা থেকে সকাল পাঁচটা পর্যন্ত, প্রতিটি ট্রেনের কোচে একজন করে পুলিশ অফিসার থাকবে। আর প্রতি সাবওয়েতে নিরাপত্তার দায়িত্বে থাকবে পুলিশ টিম।

তবে তারপরেও স্বস্তিতে নেই পাতাল ট্রেনের যাত্রীরা। কারণ গর্ভনরের ঘোষণার পরদিনই শুক্রবার ম্যানহাটানে পেন স্টেশনে ২০ বছর বয়েসী এক দুর্বৃত্ত ৪৫ বছরের এক যাত্রীকে নির্দয়ভাবে মারধর করেছে।এছাড়া টহল পুলিশ তৎপর হওয়ার পরও শনিবার দিনভর বিভিন্ন স্টেশনের প্ল্যাটফর্মে যাত্রীদের একবারে দেয়ালে পিঠ ঠেকিয়ে ট্রেনের জন্যে অপেক্ষা করতে দেখা গেছে।

তাদের সাথে কথা বলে জানা গেছে , তারা মোটেও পাতাল ট্রেনে এখন আর স্বাস্তি পাচ্ছেন না।

The Weekly Bangla Patrika, January 6, 2025. USA

আমাদের পুলিশ

আজিজুর রহমান

(১১ম পর্ব)

গতদিনের লেখায় সিলেট জেলায় দায়িত্ব পালনকারী একজন এএসপির সাহস,যোগ্যতা,দায়িত্ববোধ ও ব্যাক্তি সততা সংক্ষিপ্তকারে তুলে ধরার চেষ্টা করি।লক্ষ্য দেশবাসীকে জানতে দেয়া যে আমাদের দেশের পুলিশ বাহিনীর চরিত্র অতীত দিনে আজকের মতো এতো ব্যর্থতা বা নিষ্ঠুরতায় আছন্ন ছিলোনা ।

আমি মূলত এএসপি রফিকুল হক মজুমদারের কথাই এখানে উল্লেখ করছি। এর একমাত্র কারণ হচ্ছে তার সাহস দৃঢ়তা ও মানুষের প্রতি নিজ দায়িত্ব থেকে যে সহমর্মিতা ।

মরহুম আবুল হোসনে (মিঞা)জীবদ্দশায় ছিলেন একজন সরকারি চাকুরীজীবি এবং এলাকার মানুষের কাছে ছিলেন খুবই গ্রহণীয়। এসব বিবেচনায় নিয়ে রফিকুল হক তিনি তার বস এসপি সাহেবের সাথে দ্বিমত করেন ।এবং আবুল হোসন সাহেবের বাড়িতে হামলার ঘটনাকে তিনি অন্যায়, বেআইনী ও সন্ত্রাসী কার্য্যকলাপ হিসাবে বিবেচনায় নিয়ে আইনী তৎপরতা শুরু করেন । উল্লেখ্য, সে সময়ের রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত সরকারি দলের কিছু যুব কর্মী এ ঘটনার সাথে জড়িত ছিলো । তাই এসপি সাহেবকে এই ঘটনায় এভাবেই নিজের ভূমিকা রাখতে হয়েছিল ।

ওয়াকিটকিতে এসপি সাহেবের আলাপ আমরা উপস্থিত অনেকেই শুনতে পাচ্ছিলাম । এসময় ঐবাড়িতে বা ঘটনাস্থলে উপস্থিত ছিলেন সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান প্রয়াত লুৎফর রহমান জাসদ নেতা লোকমান আহমদ সহ আরো অনেকে। আমাদের সামনেই এক পর্যায়ে এসপি সৈয়দ বজলুর রহমান রফিকুল হককে বললেন এ ঘটনা প্রতিহিংসা পরায়না থেকে সৃষ্ট আর ক্ষমতাশীন দলের কর্মী এতে সংশ্লিষ্ট তাই এ বিষয়ে ভূমিকা রেখে বিপদে পড়তে পারো ।

কিন্তু এতে দমেননি রফিকুল হক মজুমদার ,তিনি বলেন স্যার কোনো নিরীহ মানুষের বাড়িতে হামলার ঘটনায় কি আইনি ভূমিকা রাখা যাবেনা ? তাইলে পুলিশের ইউনিফর্ম পরে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দায়িত্ব পালনের কি মূল্য থাকবে স্যার। আমি এই ঘটনা আইনের আওতায় নিয়ে আসবো স্যার না হয় পুলিশের চাকরি আর করবোনা। এএসপির দৃঢ়তায় এসপি বললেন তোমার এই তৎপরতায় তুমি কি কাউকে আইও হিসাবে পাবে মনে করো। কথা শেষ হতে না হতে পাশে দাড়ানো ওসি মোয়াজ্জেম হোসেন বললেন স্যার আমি এই মামলার আইও হিসাবে দায়িত্ব পালন করবো ।এসপি সাহেব এ অবস্থায় এই সময়ে আর কিছু বলেননন। উপস্থিত মানুষজন দেখলো যোগ্য পুলিশ অফিসারদের বা নাগরিকের বন্ধুদের ।



এএসপি রফিকুল হক মজুমদার এবং ওসি মোয়াজ্জেম হোসেনের মতো সাহসী ও জনবান্ধব পুলিশ কর্মকর্তাদের দ্বারা সেসময় একটি নিরীহ পরিবারকে সহযোগিতা সত্যিকার অর্থে ছিলো প্রশংসনীয় ও স্বার্থক পুলিশী উদ্যোগ। এমনই উদ্যোগ বা আইন প্রয়োগের দ্বারা নাগরিকদের জানমাল রক্ষায় দৃঢ়তা দেখাবে পুলিশ এটাই কিন্তু জনগণের প্রত্যাশা। কিন্তু, রাষ্ট্রের পুলিশ বাহিনীকে ইদানিং দলীয় পুলিশে রূপ দিয়ে এবং ফ্যাসিস্ট রাষ্ট্র ব্যবস্থার মাধ্যমে জনগণের সব আশা ভরসা দূরাশায় পরিণত করা হয়েছে।

পুলিশ প্রশাসনে এমনই নগ্ন দলীয় রূপ অতীতে এভাবে প্রকাশিত বা ব্যবহৃত হতে দেখা যায় নি।

এভাবেই একদল নাগরিক দলীয় পুলিশের ভয়ে হয়ে গেলো ভীত আর আরেক দল নাগরিক পুলিশ বাহিনীকে ব্যবহার করে হয়ে গেলো অন্য দলের শোষক বা কর্তা।

জানমাল রক্ষার বদলে পুলিশ বাহিনী হয়ে পড়লো ধ্বংসের হাতিয়ার।

আর এভাবেই রাষ্ট্রের মধ্যে জন্ম নিলো অরাজক ও অনৈতিক ব্যবস্থা ।

যাক্ মূল প্রসঙ্গে ফিরে আসি। আমাদের আলোচনার বিষয় হলো অতীত দিনের পুলিশ বাহিনীর কর্মকর্তা বা সদস্যদের জনস্বার্থে যে স্বার্থক ভূমিকা তা তুলে ধরা।

তাই এমতাবস্থায়, বিশেষ করে সিলেট জেলার কতোয়ালী থানার অতীত দিনের দায়িত্ব প্রাপ্ত আরো কয়েকজন পুলিশ অফিসারের জনবান্ধব কার্যক্রম বা সহযোগিতা তুলে ধরার চেষ্টা করবো ইনশাআল্লাহ ।

বিশেষ করে ওসি রফিকুল আলম চৌধুরী, মোহাম্মদ উল্ল্যাহ, রুস্তম আলম ,সালেহ আহমদ ফারুকী, শফিকুল ইসলাম, এসি বাবু নির্মলেন্দু ভট্টাচার্য ওসি খায়রুল ফজল, ওসি মোশাররফ হোসেইন সহ অনেক গুণী ও যোগ্য পুলিশ অফিসারের কিছু প্রশংসনীয় ও জনবান্ধব

তৎপরতা হবে আগামী সংখ্যা গুলোর নিয়ামক।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অন্তর্বর্তী সরকার ও সংস্কার কমিশনে জাসদের ছায়া!



আওয়ামী লীগ থেকে বেরিয়ে আসা একদল তরুণ ১৯৭২ সালের অক্টোবরে গঠন করে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ)। সে সময় ক্ষমতাসীন দলের দুর্নীতি ও প্রশাসনের অব্যবস্থাপনা নিয়ে কথা বলার পাশাপাশি নতুন রাজনৈতিক বন্দোবস্তের দাবিকেও সামনে নিয়ে এসেছিল জাসদের তরুণ কর্মীরা। আবার আশির দশকের শুরুর দিকে রাষ্ট্র সংস্কার নিয়ে জাসদের দাবি ও প্রস্তাবগুলো বেশ আলোড়ন তোলে।

কয়েক দশক পর এখন আবারো জাতীয় রাজনীতির সবচেয়ে বেশি আলোচিত বিষয়গুলোর অন্যতম হয়ে উঠেছে রাজনীতির নতুন বন্দোবস্ত ও রাষ্ট্র সংস্কার। চব্বিশের গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে ক্ষমতায় আসা অন্তর্বর্তী সরকার রাষ্ট্রের বিভিন্ন খাতে সংস্কারের জন্য গঠন করেছে বিভিন্ন কমিশন। সত্তর ও আশির দশকে জাসদ ছাত্রলীগের যে তরুণরা রাষ্ট্র সংস্কার ও নতুন রাজনৈতিক বন্দোবস্তের দাবি তুলেছিলেন, তাদের একাংশ এখন এসব সংস্কার কমিশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত রয়েছেন। আবার বর্তমান অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পদেও আসীন রয়েছেন কেউ কেউ। সত্তর ও আশির দশকের সেসব তরুণের মধ্যে যারা এখন সরকার ও সংস্কার কমিশনগুলোয় উল্লেখযোগ্য দায়িত্ব পালন করছেন; তারা হলেন শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খান, অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান, সংবিধান সংস্কার কমিশনের প্রধান আলী রীয়াজ, প্রধান উপদেষ্টার স্বরাষ্ট্র মন্ত্রণালয়বিষয়ক বিশেষ সহকারী খোদা বকশ চৌধুরী, গুম-সংক্রান্ত তদন্ত কমিশনের সদস্য নূর খান লিটন প্রমুখ।

গত সপ্তাহেই রাষ্ট্র সংস্কারে গঠিত কয়েকটি কমিশনের পক্ষ থেকে অন্তর্বর্তী সরকারের কাছে তাদের সুপারিশসংবলিত প্রতিবেদন জমা দেয়া হয়। এসব প্রতিবেদনে উঠে আসা নানা প্রস্তাবে পাঁচ দশক আগে জাসদের পক্ষ থেকে তোলা রাষ্ট্র সংস্কার ও নতুন রাজনৈতিক বন্দোবস্তের দাবিগুলোর কিছু হলেও প্রতিফলন দেখা গেছে বলে অভিমত বিশ্লেষকদের।

একসময়ের জাসদ ছাত্রলীগের প্রভাবশালী নেতা ছিলেন মাহমুদুর রহমান মান্না। ছাত্র সংগঠনটির নেতা হিসেবে ১৯৭৯-৮০ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি নির্বাচিত হন। সে সময় জাসদ ছাত্রলীগের নেতাকর্মীদের রাজনৈতিক দর্শন তৈরিতে নেয়া পদক্ষেপের কথা তুলে ধরে নাগরিক ঐক্যের সভাপতি বলেন, 'উনারা জাসদের রাজনীতির সঙ্গে ছিলেন। একটি বিষয় হলো সে সময় জাসদ রাজনীতিতে বিপ্লব চেয়েছিল। বিদ্যমান ব্যবস্থার উন্নতি নয়, বরং আমূল পরিবর্তন করা। যার জন্য জাসদ গঠনের পর সবাইকে এ বিষয়গুলোয় আলাদা পাঠদানের ব্যবস্থা করা হয়। যদিও পরবর্তী সময়ে নানান কারণে সেটি বাধাগ্রস্ত হয়ে পড়ে।'

অন্তর্বর্তী সরকারের শিল্প এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপদেষ্টা আদিলুর রহমান ছিলেন জাসদ ছাত্রলীগের রাজনীতিতে যুক্ত। সে সময় তিনি ঢাকা কলেজ ছাত্র সংসদে জাসদ ছাত্রলীগের হয়ে নির্বাচন করেন। পরবর্তী সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াকালে জাসদ ছাত্রলীগের রাজনীতির সঙ্গেই সম্পৃক্ত থাকেন। জাসদ ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৩-৮৪ সালের কমিটির সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করেন তিনি।

সংবিধান সংস্কারে সরকারের গঠিত কমিশনের প্রধান ড. আলী রীয়াজও ছাত্রজীবনে জাসদ

বাকি অংশ ৩১ পৃষ্ঠায়

সংস্কারের কিছু প্রস্তাবে মনঃক্ষুণ্ন বিএনপি

চার কমিশনের সুপারিশ

- নির্বাচন-সংক্রান্ত সংস্কারের প্রস্তাব নিয়ে বিএনপির আপত্তি নেই।
- সংবিধানের মূলনীতি বদলের সুপারিশ ভালোভাবে নেয়নি দলটি।
- জুলাই অভ্যুত্থানের ঘোষণাপত্রেও আগ্রহ নেই।
- সংস্কারের পাশাপাশি নির্বাচনী প্রস্তুতির পরামর্শ।



ঢাকা ডেস্ক: অন্তর্বর্তী সরকারের নেওয়া সংস্কার কার্যক্রমের অংশ হিসেবে ১৫ জানুয়ারি প্রধান উপদেষ্টার কাছে প্রতিবেদন জমা দিয়েছে চারটি সংস্কার কমিশন। এসব কমিশনের দেওয়া কিছু প্রস্তাবে মনঃক্ষুণ্ন বিএনপি। দলটির একাধিক নেতার সঙ্গে কথা বলে জানা যায়, সংস্কারে সম্মতি থাকলেও কিছু প্রস্তাব নিয়ে ঘোরতর আপত্তি রয়েছে বিএনপির। বিশেষ করে সংবিধানের মূলনীতিতে পরিবর্তনের যেসব সুপারিশ এসেছে, তা নিয়ে দ্বিমত আছে। তবে এ নিয়ে এখনই আনুষ্ঠানিকভাবে কিছু জানাচ্ছে না দলটি।

গত বুধবার সংবিধান, নির্বাচন, পুলিশ এবং দুদকের সংস্কারের বিষয়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কাছে প্রতিবেদন জমা দেন সংশ্লিষ্ট কমিশনগুলোর প্রধানেরা। সংবিধান সংস্কার কমিশন তাদের প্রস্তাবে বাংলাদেশের নাম 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ'-এর পরিবর্তে 'জনগণতন্ত্রী বাংলাদেশ' রাখার সুপারিশ করেছে। সেই সঙ্গে রাষ্ট্র পরিচালনার মূলনীতি থেকে ধর্মনিরপেক্ষতা, জাতীয়তাবাদ ও সমাজতন্ত্র বাদ দিয়ে সংবিধানের মূলনীতি ও রাষ্ট্র পরিচালনার মূলনীতি হিসেবে সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ এবং গণতন্ত্রকে অন্তর্ভুক্ত করার সুপারিশ করেছে কমিশন। মূলত সংবিধান সংস্কার কমিশনের এ প্রস্তাবগুলো নিয়ে ঘোর আপত্তি রয়েছে বিএনপির।

দলটির এক নেতা নাম প্রকাশ না করার শর্তে বলেন, নির্বাচন-সংক্রান্ত সংস্কারের প্রস্তাব নিয়ে বিএনপির আপত্তি নেই বললেই চলে। তবে সংবিধানের চার মূলনীতি সংস্কারের প্রস্তাবে ঘোর আপত্তি আছে দলের। জাতীয়তাবাদ বাদ দিয়ে বহুত্ববাদের প্রস্তাব কোনোভাবেই মানবে না বিএনপি। একই সঙ্গে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পরিবর্তে 'জনগণতন্ত্রী বাংলাদেশ' করার প্রস্তাবও ভালোভাবে নেয়নি দল। এসব কারণে গত বৃহস্পতিবার জুলাই ঘোষণাপত্র নিয়ে প্রধান উপদেষ্টার ডাকা সর্বদলীয় বৈঠকে যেতে চায়নি বিএনপি। তবে পরিস্থিতি বিবেচনায় শেষমেশ একজন প্রতিনিধিকে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়।

বাকি অংশ ১৬ পৃষ্ঠায়

পুলিশের সংস্কারে জরুরি রাজনৈতিক সদিচ্ছা

বিশিষ্টজনের বিশ্লেষণ

সুপারিশে কিছু বিষয় পরিষ্কার নয়
নুরুল হুদা, সাবেক আইজিপি

"রাজনৈতিক সদিচ্ছা ছাড়া গুণগত পরিবর্তন আনা কঠিন"
ড. তৌহিদুল হক, অপরাধ বিশেষজ্ঞ

ঢাকা ডেস্ক: পুলিশ সংস্কার কমিশনের প্রস্তাবে একগুচ্ছ সুপারিশ করা হয়েছে। এর মধ্যে একটি মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তদন্ত ও সরাসরি সব পদক্ষেপ নেওয়ার ক্ষমতা আইন প্রয়োগকারী সংস্থার পরিবর্তে জাতীয় মানবাধিকার কমিশনের ওপর ন্যস্ত করা। বিশেষজ্ঞরা বলছেন, আইন বদলানো ছাড়া জাতীয় মানবাধিকার কমিশনের এই ধরনের এখতিয়ার নেই। আইন পরিবর্তন করা হলে তারা তদন্ত করতে পারবে। এর আগে তাদের তদন্ত করার মতো জনবল ও প্রশিক্ষণ দেওয়ার প্রয়োজন হবে। কারও মতে আইন প্রয়োগকারী সংস্থার তদন্তে 'মাল্টি ডিসিপ্লিনারি টিম' থাকতে পারে। পুলিশ সংস্কার কমিশন বিভিন্ন বিষয়ে যে প্রস্তাব দিয়েছে তাতে রাজনৈতিক সদিচ্ছা, বাজেট বাড়ানো এমনকি বেশ কিছু আইনের সংস্কারসহ নানা চ্যালেঞ্জ রয়েছে। তারা বলছেন, সংস্কার প্রস্তাবের উদ্দেশ্য ভালো হলেও এটি কীভাবে কোন প্রক্রিয়ায় বাস্তবায়ন হবে, তা নিয়ে এখনই বলা কঠিন। কারণ এর আগে পুলিশ সংস্কারের উদ্যোগ নেওয়া হলেও তা শেষ পর্যন্ত আলোর মুখ দেখেনি।

এ ব্যাপারে সাবেক পুলিশ মহাপরিদর্শক মুহাম্মদ নুরুল হুদা বলেন, আইন প্রয়োগকারী সংস্থার কোনো সদস্যের বিরুদ্ধে অভিযোগের তদন্ত করার আইনগত ক্ষমতা মানবাধিকার কমিশনের নেই। আইন বদল করলে তারা সেটি করতে পারবে। আবার যে পুলিশ কমিশনের কথা বলা হয়েছে তাদের কর্মপরিধি কী হবে তা স্পষ্ট নয়। বিদেশে 'কমপ্লেইনস কমিশন' রয়েছে। তারা গুরুতর অভিযোগ তদন্ত করে।

তিনি আরও বলেন, সুপারিশে বলা হয়েছে আদালতের আদেশ ছাড়া কোনোভাবে এফআইআরবহির্ভূত আসামি গ্রেপ্তার করা যাবে না। যদি এফআইআরে সব আসামির নাম থাকে তাহলে তদন্তের দরকার হবে কেন? অনেক মামলায় তদন্তের সময় জড়িত অপরাধীদের নাম উঠে আসে। এর পর তাকে গ্রেপ্তার করা হয়। আসামি গ্রেপ্তারের ব্যাপারে যে সুপারিশ করা হয়েছে সেটি খুব বেশি বাস্তবসম্মত নয়।

অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক বলেন, পুলিশের যে সমস্যা রয়েছে তা আমাদের কম-বেশি জানা রয়েছে। আগেও পুলিশ সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। রাজনৈতিক সদিচ্ছা ছাড়া পুলিশের গুণগত পরিবর্তন আনা কঠিন। কারণ অনেকে পুলিশকে রাজনৈতিকভাবে ব্যবহার করতে চায়। একদিকে পুলিশকে বলব স্বাধীন ও স্বচ্ছতার সঙ্গে কাজ করতে, আরেকদিকে রাজনৈতিকভাবে ব্যবহার করার চেষ্টা থাকবে এটা হতে পারে না। স্বাধীনভাবে কাজ করার জন্য পর্যাপ্ত জনবল, বাজেট, যানবাহনসহ সরবরাহ করা দরকার।

পুলিশের একজন কর্মকর্তা জানান, সংস্কার কমিশনের প্রস্তাবে বেশ কয়েকটি বিষয় আসেনি।

পুলিশ থেকে যখন মতামত দেওয়া হয়, তখন ওই বিষয়গুলো নিয়ে আলোকপাত করা হয়েছে। বর্তমানে চার ধাপে পুলিশে জনবল নিয়োগ করা হয় কনস্টেবল, এসআই ও সার্জেন্ট এবং এএসপি। পুলিশের অনেকে মনে করেন দুটি ধাপে নিয়োগ দেওয়া যেতে পারে। একটি কনস্টেবল; তারা যোগ্যতা ও মেধার ভিত্তিতে পদোন্নতি পেয়ে এএসপি এবং তদূর্ধ্ব কর্মকর্তা হবেন। যারা পদোন্নতির যোগ্য হবেন না, তারা নির্দিষ্ট বয়সের পর অবসরে যাবেন। আরেকটি হলো এএসপি হিসেবে নিয়োগ দেওয়া। বর্তমানে এসআই থেকে পরিদর্শক এবং পরিদর্শক থেকে এএসপি হতে দীর্ঘ সময় লাগে। অনেকে যোগ্যতা নিয়ে বাহিনীতে ঢুকলেও তাঁর সামনে বড় ধরনের স্বপ্ন থাকে না। পুলিশের মানবসম্পদ ব্যবস্থাপনার বিষয়টি সংস্কার কমিশনের সুপারিশে স্পষ্টভাবে থাকলে ভালো হতো।

পুলিশ সংস্কার কমিশনের প্রস্তাবে বলা হয়েছে, জব্দকৃত মালপত্রের যথাযথ তালিকা না হলে ও তল্লাশি কার্যক্রমকে সন্দেহজনক মনে হলে তাৎক্ষণিকভাবে ডেপুটি পুলিশ কমিশনার ও জেলা পুলিশ সুপার বরাবর জরুরি কল সার্ভিস চালু করা। থানায় মামলা রুজু ও তদন্ত কঠোরভাবে সার্কেল অফিসার বা পুলিশ সুপার নিয়মিত তদারক করবেন। পুলিশের তত্ত্বাবধানে থানা হাজত ও কোর্ট হাজতে পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং বন্দিদের আদালত থেকে আনা-নেওয়ার সময় ব্যবহারকারী যানবাহনগুলোতে মানবিক সেবার মান উন্নয়নে সুযোগ-সুবিধা বাড়ানো। থানার কোনো কর্মকর্তার বিরুদ্ধে ভয়ভীতির মাধ্যমে অর্থ

বাকি অংশ ০২ পৃষ্ঠায়

কেমন আছেন ক্ষমতাচ্যুত আ. লীগ সরকারের ১৩১ 'ভিআইপি বন্দী'

ঢাকা ডেস্ক: ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর হত্যাসহ বিভিন্ন অভিযোগে করা মামলায় এ পর্যন্ত ১৩১ জন ভিআইপিকে (বিশেষ গুরুত্বপূর্ণ ব্যক্তি) গ্রেপ্তার করা হয়েছে। তাঁদের মধ্যে দেশের ১৫টি কারাগারে থাকা ১০৮ ভিআইপি বন্দীকে বিশেষ ডিভিশন দেওয়া হয়েছে।

কারা অধিদপ্তর সূত্র জানায়, ৭ জানুয়ারি পর্যন্ত ১০৮ জনকে ডিভিশন দেওয়া হয়। তাঁদের মধ্যে সাবেক মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী ২৯ জন; সাবেক সংসদ সদস্য ২২ জন; সরকারি কর্মকর্তা ৪৪ জন এবং অন্যান্য পেশার ১৩ জন। ভিআইপি হিসেবে কারাগারে আটক ২৩ জন এখনো ডিভিশন পাননি।

জেলকোডের ৬১৭ বিধিতে বলা আছে, 'যাঁরা ভালো চরিত্রের অধিকারী ও অনভ্যাসগত অপরাধী; সামাজিক মর্যাদা, শিক্ষা এবং অভ্যাসের কারণে যাঁদের জীবনযাপনের ধরন উচ্চমানের, যাঁরা নৃশংসতা, নৈতিক স্খলন এবং ব্যক্তিগত প্রতিহিংসামূলক অপরাধ বা বিস্ফোরক আগ্নেয়াস্ত্র সঙ্গে রাখা, সম্পত্তিসংক্রান্ত মারাত্মক অপরাধে সাজাপ্রাপ্ত নন বা অন্য কাউকে এসব অপরাধে প্ররোচিত বা উত্তেজিত করেননি, তাঁরা ডিভিশন-১ প্রাপ্তির যোগ্য হবেন।'

কারাবিধির ৬১৭ (২)-এ বলা হয়েছে, 'নাগরিকত্বনির্বিশেষে সামাজিক মর্যাদা, শিক্ষা ও অভ্যাসের কারণে জীবনমান উন্নত মানের, এমন বন্দীরা ডিভিশন-২ প্রাপ্তির যোগ্য হবেন।' সাবেক কারা তত্ত্বাবধায়ক মো. ফরমান আলী বলেন, আদালত বা জেলা ম্যাজিস্ট্রেটের অনুমোদন সাপেক্ষে ডিভিশন-১ ও ডিভিশন-২ দেওয়া হয়। ডিভিশন পাওয়া বন্দী একা বা একাধিক বন্দীর সঙ্গে থাকতে একটি কক্ষ বরাদ্দ পান। সেখানে খাটে জাজিম ও তোশকের ওপর চাদর বিছানো থাকে। একটি চেয়ার ও একটি টেবিল থাকে। বন্দী বা বন্দীদের জন্য আলাদা শৌচাগার থাকে। বন্দীকে প্রতিদিন একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক দেওয়া হয়। সরকারের অনুমোদন সাপেক্ষে টেলিভিশন থাকে। আলাদা রান্নার ব্যবস্থা থাকে। নির্ধারিত বরাদ্দের টাকায় বন্দী নিজের পছন্দের খাবার তালিকা রান্নার জন্য বলতে পারেন। ডিভিশন পাওয়া বন্দীর তত্ত্বাবধানে একজনকে (কয়েদি) দায়িত্ব দেওয়া হয়। ১৫ দিন বা এক মাসে স্বজনদের সঙ্গে একবার সাক্ষাৎ করতে পারেন।

ডিভিশন পাওয়া বন্দী হিসেবে বর্তমানে দেশের বিভিন্ন কারাগারে আছেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগবিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান, সাবেক জ্বালানি উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, সাবেক মন্ত্রী আনিসুল হক, সাবেক মন্ত্রী লেফটেন্যান্ট কর্নেল (অব.) মুহাম্মদ ফারুক খান, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির সভাপতি ও সাবেক মন্ত্রী রাশেদ খান মেনন, জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি ও সাবেক মন্ত্রী হাসানুল হক ইনু, সাবেক মন্ত্রী দীপু মনি, শাজাহান খান, গোলাম দস্তগীর গাজী, টিপু মুনশি, নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন, আমির হোসেন আমু, আবদুর রাজ্জাক, নুরুল ইসলাম সুজন, ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, আসাদুজ্জামান নূর, কামরুল ইসলাম, সাধন চন্দ্র মজুমদার, ইমরান আহমেদ, ক্যাপ্টেন (অব.) এ বি তাজুল ইসলাম ও রমেশ চন্দ্র সেন।



এ ছাড়া আছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের সাবেক মেয়র আতিকুল ইসলাম, সাবেক প্রতিমন্ত্রী জুনাইদ আহ্ মেদ, ফরহাদ হোসেন, শহিদুজ্জামান সরকার, মাহবুব আলী, কামাল আহমেদ মজুমদার, জাকির হোসেন ও কর্নেল (অব.) জাহিদ ফারুক শামীম এবং সাবেক উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম ওরফে জ্যাকব ও আরিফ খান জয়।

কারা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ডিভিশন পাওয়া তালিকায় আছেন সাবেক ডেপুটি স্পিকার সামসুল হক, সাবেক মন্ত্রী আবদুস শহীদ, সাবেক চিফ হুইপ আ স ম ফিরোজ, সাবেক সংসদ সদস্য ধীরেন্দ্র দেবনাথ শম্ভু, শাহজাহান ওমর, নারায়ণ চন্দ্র চন্দ, আবদুস সালাম মুর্শেদী, সৈয়দ সায়েদুল হক সুমন ও দিলীপ কুমার আগরওয়ালা।

ডিভিশন পাওয়া তালিকায় সরকারি কর্মকর্তাদের মধ্যে আছেন বিচারপতি এ এইচ এম মোহাম্মদ শামসুদ্দিন চৌধুরী (মানিক), ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টারের (এনটিএমসি) মহাপরিচালক মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান, নৌবাহিনীর রিয়ার অ্যাডমিরাল (অব.) এম সোহায়েল, সাবেক প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও সাবেক মুখ্যসচিব কামাল আবদুল নাসের চৌধুরী, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রীর মুখ্যসচিব নজিবুর রহমান ও আবুল কালাম আজাদ, সাবেক জ্যেষ্ঠ সচিব মোস্তাফা কামাল উদ্দিন, হেলালুদ্দিন আহমেদ, মহিবুল হক, আমিনুল ইসলাম খান ও শাহ কামাল।

এই তালিকায় আরও আছেন সাবেক সচিব মেজবাহ উদ্দিন, জাহাঙ্গীর আলম, শমসের মবিন চৌধুরী, সাবেক অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল মেহেদী হাসান চৌধুরী, সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন ও এ কে এম শহীদুল হক, ঢাকা মহানগর পুলিশের সাবেক কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া, বাংলাদেশ ডেটা সেন্টারের সাবেক মহাপরিচালক তারেক এম বরকত উল্লাহ, অতিরিক্ত উপমহাপরিদর্শক মশিউর রহমান, সোনালী ব্যাংকের সাবেক উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) মাইনুল হক, বেসিক ব্যাংকের মহাব্যবস্থাপক মো. আলী চৌধুরী।

অধিদপ্তরের তথ্যমতে, ডিভিশনে আরও আছেন ডিএমপির সাবেক উপকমিশনার মো. জসীম উদ্দীন মোল্লা, পুলিশ কর্মকর্তা মো. রফিকুল ইসলাম, পুলিশ সুপার আবদুল্লাহেল কাফি, র‍্যাবের অতিরিক্ত পুলিশ সুপার মো. আলেপ উদ্দিন, যাত্রাবাড়ী থানার সাবেক ওসি মো. আবুল হাসান ও গুলশান থানার সাবেক পুলিশ পরিদর্শক মো. মাজহারুল ইসলাম।

ডিভিশন পাননি ২৩ ভিআইপি

দেশের বিভিন্ন কারাগারে থাকা সাবেক ২২ সংসদ সদস্য আদালতে আবেদন করলেও ৭ জানুয়ারি পর্যন্ত তাঁরা ডিভিশন পাননি। তাঁদের মধ্যে রয়েছেন কাজী জাফর উল্যাহ, হাজী মোহাম্মদ সেলিম, তানভীর ইমাম, সোলায়মান মোহাম্মদ সেলিম, গোলাম কিবরিয়া, আবু রেজা

বাকি অংশ ১৬ পৃষ্ঠায়

হোয়াইট হাউসে ডোনাল্ড ট্রাম্পের অভিষেক ঘিরে উৎসব



বাংলা পত্রিকা ডেস্ক: দ্বিতীয় বারের মতো ২০ জানুয়ারি যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসের মসনদে আনুষ্ঠানিকভাবে বসছেন নব নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ডোনাল্ড ট্রাম্পের শপথ গ্রহণ উপলক্ষে ওয়াশিংটনে উৎসবের আমেজ বইছে। দুইলাখ মানুষের উপস্থিতি হতে পারে ট্রাম্পের এ অভিষেক সমাবেশে। নেয়া হয়েছে বাড়তি নিরাপত্তা। এদিকে সোমবার হোয়াইট হাউসের সম্মুখে অভিষেক অনুষ্ঠানের সকল প্রস্তুতি নেওয়া হলেও ওইদিন তাপমাত্রা কম থাকার কারলে কংগ্রেসের হাউসের ভিতরে অনুষ্ঠানটি আয়োজন হবে।

এমনটি প্রতিবেদন দ্য গার্ডিয়ান ও ভয়েজ অব আমেরিকার।

দ্য গার্ডিয়ান প্রতিবেদনে বলেছে, যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিষেক অনুষ্ঠান আগামী সোমবার দেশটির ক্যাপিটাল হিলের কংগ্রেস ভবনের একটি অংশে অনুষ্ঠিত হবে। ঠান্ডা আবহাওয়ার কারণে এমনটি করা হচ্ছে বলে শুক্রবার ট্রাম্প নিজেই এই কথা জানিয়েছেন।

ভয়েজ অব আমেরিকা তাদের প্রতিবেদনে কর্মকর্তাদের বরাত দিয়ে বলছে, এ সপ্তাহে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ইলেক্ট ডনাল্ড ট্রাম্পের অভিষেক ঘিরে রাজধানীতে প্রায় আড়াই লাখ মানুষ টিকিট কেটে প্রবেশ করবেন বলে তারা প্রত্যাশা করছেন। ট্রাম্প সর্বশেষ ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত প্রেসিডেন্ট পদে ছিলেন।

এক সংবাদ সম্মেলনে স্থানীয় ও কেন্দ্রীয় সরকারের কর্মকর্তারা জানান, ট্রাম্পের প্রথম অভিষেকের তুলনায় আগামী সোমবারের অনুষ্ঠানে দর্শনার্থীর সংখ্যা কম হবে বলে তারা ধারণা করছেন। ২০১৭ সালে তারা ১০ লাখেরও বেশি দর্শনার্থীর জন্য প্রস্তুতি নিয়েছিলেন।

সোমবার ওয়াশিংটনের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় কম থাকবে বলে আশা করা হচ্ছে।

গার্ডিয়ানের এক প্রতিবেদনে বলা হয়েছে, ঐতিহাসিকভাবে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের শপথগ্রহণ অনুষ্ঠান খোলাস্থানে হয়ে থাকে। কিন্তু এবার ওয়াশিংটনে তীব্র ঠান্ডার পূর্বাভাস থাকায় তা বাইরে করা অনিরাপদ হবে। এ কারণে এবার তা কংগ্রেস ভবনের ভেতরে করা হবে।

ট্রাম্পে নিজের মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যাল লিখেছেন, 'দেশজুড়ে "আর্কটিক ব্লাস্ট" চলছে। এ কারণে অভিষেক অনুষ্ঠানের ভাষণ, প্রার্থনা এবং অন্যান্য বক্তৃতা যুক্তরাষ্ট্রের ক্যাপিটল রোটুন্ডায় করার নির্দেশ দিয়েছি।'

আর্কটিক ব্লাস্টের কারণে যুক্তরাষ্ট্রের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ২০ থেকে ৪০ ডিগ্রি পর্যন্ত কমে যায়, বেড়ে যায় তুষারপাত। বাতাসেও পরিবর্তন আসে। স্থানীয় সময় শুক্রবার সন্ধ্যা থেকে ওয়াশিংটনসহ যুক্তরাষ্ট্রের নানা স্থানে আর্কটিক ব্লাস্ট শুরু হয়েছে।

বাড়তি নিরাপত্তা

ট্রাম্পের অভিষেককে কেন্দ্র করে ওয়াশিংটনে উদযাপনমূলক অনুষ্ঠান ও বিক্ষোভ, উভয়ই অনুষ্ঠিত হতে যাচ্ছে।

ক্যাপিটাল ওয়ান অ্যারিনায় রবিবার বিকেলে ট্রাম্পের বিজয় উদযাপন উপলক্ষ্যে শোভাযাত্রার পরিকল্পনা করা হয়েছে। সেখানে আমেরিকান ব্যান্ড ভিলেজ পিপল সঙ্গীত পরিবেশন করবে। এখানে ২০ হাজার আসন রয়েছে। এই অ্যারিনার কার্যক্রমের দায়িত্বে থাকা প্রতিষ্ঠান মনুমেন্টাল স্পোর্টস অ্যান্ড এন্টারটেইনমেন্ট ডিসি নিউজ স্টেশনকে এই তথ্য জানিয়েছে।

তিনটি আনুষ্ঠানিক অভিষেক বল (উদযাপনমূলক অনুষ্ঠান) অনুষ্ঠিত হওয়ার পাশাপাশি ওয়াশিংটনে সপ্তাহান্তজুড়ে এক ডজনেরও বেশি অনানুষ্ঠানিক বলের আয়োজন করা হয়েছে।

লস অ্যাঞ্জেলেসের দাবানলে প্রাণহানি বেড়ে ২৭, ভূমিধ্বসের শঙ্কা

লস অ্যাঞ্জেলেসের দাবানলে প্রাণহানি বেড়ে দাঁড়িয়েছে ২৭ জনে। এখনো নিখোঁজ কমপক্ষে ৩১ জন। ভূমিধ্বসের শঙ্কায় আরো এক সপ্তাহ বাড়ি না ফিরতে বাসিন্দাদের অনুরোধ করেছেন শহরের পুলিশ প্রধান। এদিকে লুটের সঙ্গে জড়িত প্রায় ১০০ ব্যক্তিকে আটক করেছে পুলিশ। বাড়ছে দাতব্য সংস্থার নামে ভুয়া তহবিল সংগ্রহের অভিযোগ। কৃত্রিমভাবে পণ্য ও বাড়িভাড়া বৃদ্ধিতে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে জেল ও জরিমানার সাজা প্রয়োগের ঘোষণা লস অ্যাঞ্জেলেসের অ্যাটর্নি জেনারেলের।

জানা গেছে, বাতাসের গতি কমে আসার সঙ্গে নিয়ন্ত্রণে আসতে শুরু করেছে লস অ্যাঞ্জেলেসের দাবানল। ইতোমধ্যে হার্স্ট অঞ্চলের দাবানল শতভাগ নিয়ন্ত্রণে এসেছে। ইটনে অর্ধেক ও প্যালিসেডসের এক-তৃতীয়াংশ অঞ্চলের দাবানল নিয়ন্ত্রণে এনেছে দমকলবাহিনী। যদিও পুড়ে ছাই প্রায় ৪০ হাজার একর এলাকা। দাবানলের কারণে ভূমিধ্বসের শঙ্কা বাড়ছে প্রতিনিয়ত। তাই আরো এক সপ্তাহ বাড়ি না ফিরতে বাসিন্দাদের অনুরোধ করেছেন শহরের পুলিশ প্রধান। আগামী সপ্তাহে ঝড়ো হাওয়া সান্তা অ্যানা শুরুর পূর্বাভাস থাকায় বাড়ি ছাড়ার নির্দেশ দেয়া হয়েছে ৮২ হাজার মানুষকে। আরো ৯০ হাজার বাসিন্দা রয়েছে সতর্কতার আওতায়। দুর্যোগের সুযোগে মাথাচাড়া দিয়ে উঠেছে ব্যবসায়ীরা। অনেকেই বাড়ি ও হোটেল ভাড়ার দাম এক লাফে বাড়িয়েছেন ১০ শতাংশ। এর মধ্যে চলছে লুটতরাজ। ইতোমধ্যে আটক করা হয়েছে প্রায় ১০০ ব্যক্তিকে। এমন পরিস্থিতিতে সুযোগ সন্ধানীদের বিরুদ্ধে কড়া বার্তা দিয়েছেন ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নি জেনারেল। জানান, কৃত্রিমভাবে মূল্যবৃদ্ধিতে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে জেল ও জরিমানার সাজা প্রয়োগ করা হবে। লুটতরাজে জড়িত কাউকে ছাড় না দেয়ার ঘোষণা দেন তিনি। ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নি জেনারেল রব বন্টা বলেন, 'জমির মালিক, স্বল্পমেয়াদে বাড়ি ভাড়া প্রদানকারী এমনকি নিত্য পণ্য বিক্রেতাদের মধ্যে অনেকেই কৃত্রিমভাবে মূল্য বৃদ্ধির অপরাধে জড়িত। অপরাধিদের প্রতিটি প্রতারণার বিরুদ্ধে সাজা ভোগ করতে হবে।' এদিকে দাতব্য সংস্থার নামে ভুয়া তহবিল সংগ্রহের অভিযোগ পেয়েছে এফবিআই। প্রতিষ্ঠানের বিষয়ে বিস্তারিত তথ্য না জেনে অর্থ দানের বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা।

বিদায়ী সংবাদ সম্মেলনে সাংবাদিকের তোপের মুখে ব্লিঙ্কেন

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে শেষ সংবাদ সম্মেলনে এসে বেশ কয়েকজন সাংবাদিকের তোপের মুখে পড়লেন অ্যান্টনি ব্লিঙ্কেন। স্থানীয় সময় বৃহস্পতিবার ওয়াশিংটনে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরে এই সংবাদ সম্মেলন হয়। ফিলিস্তিনের গাজায় নির্বিচার হামলা চালিয়ে মানুষ হত্যাকারী ইসরায়েলকে সমর্থনের জন্য ব্লিঙ্কেনকে প্রশ্নবাণে জর্জরিত করেন ওই সাংবাদিকেরা। এ সময় সেখানে হট্টগোলের মতো পরিস্থিতি তৈরি হয়। উদ্ভূত পরিস্থিতিতে নিরাপত্তাকর্মীদের দুই সাংবাদিককে জোর করে ধরে ওই কক্ষের বাইরে নিয়ে যেতে দেখা যায়।

সংবাদ সম্মেলনে নিজের বক্তব্যে ১৫ মাস ধরে চলা গাজা যুদ্ধ ঘিরে নিজের কূটনৈতিক তৎপরতার পক্ষে কথা বলছিলেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী। এ সময় তাঁকে প্রশ্ন করতে গিয়ে একের পর এক আক্রমণাত্মক বক্তব্য দেন সাংবাদিকেরা।

স্যাম হুসেইনি নামের একজন সাংবাদিক চিৎকার করে বলেন, 'অপরাধী! আপনি কেন হেগে নেই।' দীর্ঘদিন বহির্বিশ্বের প্রতি যুক্তরাষ্ট্রের নীতি সমালোচক হিসেবে পরিচিত এই স্বাধীন সাংবাদিক মূলত আন্তর্জাতিক অপরাধ আদালতকে ইঙ্গিত করে এ কথা বলেন।

পররাষ্ট্র দপ্তরের ব্রিফিং কক্ষে অচেনা এই সাংঘর্ষিক দৃশ্যের সমাপ্তি ঘটে নিরাপত্তাকর্মীরা হুসেইনিকে ধরে নেওয়ার মধ্য দিয়ে। তাঁরা এই সাংবাদিককে জোর করে কক্ষের বাইরে নেওয়ার সময়ও তিনি অ্যান্টনি ব্লিঙ্কেনের উদ্দেশে অবমাননাকর নানা প্রশ্ন ছুড়তে থাকেন।

কয়েক দশক ধরে চলে আসা ইসরায়েলুফিলিস্তিন সংঘাতে সর্বশেষ এই রক্তপাত শুরু হয় ২০২৩ সালের ৭ অক্টোবর। তখন থেকে ইসরায়েলকে সমরাস্ত্র সরবরাহ ও কূটনৈতিক সমর্থন দিয়ে আসার জন্য সমালোচিত হয়ে আছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী ব্লিঙ্কেন।

গাজাভিত্তিক সশস্ত্র গোষ্ঠী হামাস ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলে হামলা চালিয়ে হাজারের বেশি মানুষকে হত্যা এবং প্রায় ২৫০ জনকে জিম্মিকে করে গাজায় নিয়ে আসে। এরপর থেকে গাজায় নৃশংস হামলা চালিয়ে আসছে ইসরায়েল, যাতে ৪৬ হাজারের বেশি মানুষ নিহত হয়েছে বলে স্থানীয় স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে। এ ঘটনায় ইসরায়েলের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ আন্তর্জাতিক অপরাধ আদালতে করেছে দক্ষিণ আফ্রিকা।

এ নিয়ে ক্ষুব্ধ ম্যাক্স ব্লুমেনথাল নামের আরেক সাংবাদিক ব্লিঙ্কেনকে বলেন, 'মে মাসে যখন একটি চুক্তি হয়েছিল তখন কেন আপনি বোমা পাঠিয়ে গিয়েছিলেন?' যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির বিভিন্ন দিক নিয়ে সমালোচনামুখর সংবাদমাধ্যম গ্রেজোনের সম্পাদক ব্লুমেনথালকেও নিরাপত্তাকর্মীরা ওই কক্ষের বাইরে নিয়ে যান।

আগামী সোমবার পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব থেকে বিদায় নিতে চলা অ্যান্টনি ব্লিঙ্কেন নিজের বক্তব্য শেষে সাংবাদকিদের প্রশ্ন করতে বলেন। সে সময় তিনি ছিলেন খুবই শান্ত। কিন্তু এরপর তাঁকে একের পর এক অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির মুখোমুখি হতে হয়।

গাজা যুদ্ধ শুরু হওয়ার পর থেকেই ওয়াশিংটনে বিভিন্ন সময়ে এ ধরনের বিব্রতকর প্রশ্নের মুখে পড়তে হয়েছে ব্লিঙ্কেনকে। এই যুদ্ধ বন্ধের দাবিতে বিক্ষোভকারীরা ভার্জিনিয়ায় তাঁর বাসার সামনে কয়েক মাস ধরে ঘাঁটি গেড়ে ছিলেন। তাঁরা দফায় দফায় ব্লিঙ্কেন ও তাঁর পরিবারের সদস্যদের গাড়িতে রক্তের প্রতীক হিসেবে লাল রং ছুড়ে মারতেন। -প্রতিবেদন রয়টার্স

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রাণকেন্দ্র সিটি লাইসেন্স পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতার এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে শিক্ষার্থী এক গ্রুপ ২টি লেসন একসঙ্গে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St, City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158, Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

বিএনপি ওয়ার্ল্ড ফোরাম অফ চৌদ্দগ্রামের কমিটি গঠিত

সভাপতি কামরুল, সাধারণ সম্পাদক কামাল



নিউইয়র্ক: প্রবাসে চৌদ্দগ্রামস্থ বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির নেতাকর্মীদের সংগঠিত করার লক্ষ্যে 'বিএনপি ওয়ার্ল্ড ফোরাম অফ চৌদ্দগ্রাম' নামে সংগঠনে আত্মপ্রকাশ ও একটি আহবায়ক কমিটি গত বছর নভেম্বর মাসে করা হয়েছে। সংগঠনকে গতিশীল করার লক্ষ্যে গত ১লা জানুয়ারী ২০২৫ বিভিন্ন দেশে অবস্থানরত জাতীয়তাবাদী বিশ্বাসী চৌদ্দগ্রামবাসী উপস্থিতিতে এক ভার্চুয়াল প্রোগ্রামে উপস্থিত সকলের মতামতে ভিত্তিতে ১০১ সদস্য বিশিষ্ট পুর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। নবনির্বাচিত কমিটির সভাপতি কামরুল হাসান (আমেরিকা) সাধারণ সম্পাদক কামাল হোসেন (বেলজিয়াম)।

ভার্চুয়াল মিটিং-এ সভাপতিত্ব করেন, সাবেক ছাএনেতা নিউইয়র্ক মহানগর বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ কামরুল হাসান (আমেরিকা), সঞ্চালনা করেন বেলজিয়াম বিএনপির দপ্তর সম্পাদক কামাল হোসেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাবেক যুক্তরাষ্ট্রের বুশ প্রশাসনের জলবায়ু বিষয়ক উপদেষ্টা ড. জয়নুল আবদ্দীন (আমেরিকা), বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চৌদ্দগ্রাম পৌরসভার সাবেক সভাপতি এডভোকেট গোলাম রাব্বানী নয়ন বাঙালী, (আমেরিকা)। উপস্থিত ছিলেন চৌদ্দগ্রাম উপজেলা ছাত্রদলের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক, যুবদলের সাবেক সভাপতি এম এ আজাদ পাটোয়ারী (আমেরিকা) ডিসি বিএনপির সহ সভাপতি কাজী মোস্তাফিজুর রহমান (আমেরিকা), মোঃ শাজাহান সিরাজী (আমেরিকা), মোঃ আরিফ মজুমদার (ইংল্যান্ড), ফজলুল হক টিটু (ফ্রান্স), এমদাদুল হক কামাল (আমেরিকা), ফরিদ আহমেদ শাহিন (দুবাই), আজগর হোসেন (সুজারল্যান্ড), মীর আনোয়ার হোসেন (আমেরিকা), গাজী সালাউদ্দিন (ইতালি), কাজী আমজাদুল হক দিপু (বেলজিয়াম), তাজুল ইসলাম (সৌদি), কাজী বাবু (বেলজিয়াম) জসিম মিয়াজী (ইতালি), মনির মজুমদার (আমেরিকা),আবুকালাম মিলন (দুবাই), কাজী মোঃ আইয়ুব আলী, আব্দুল কাইয়ম (সৌদি), ইকবাল হোসেন (আমেরিকা), কে এম বাবুল (সৌদি), মোহাম্মদ ফরিদ (কাতার), এম আব্দুল গফুর (সৌদি), সহেল আরমান (পর্তুগাল), হৃদয় হাসান রউফ, (কুয়েত), মোহাম্মদ সোলাইমান (আরব আমিরাত), শ্রীপুর মাইনউদ্দিন মজুমদার (আরব আমিরাত)

আইয়ুবর রহমান (কাতার), জাহিদুর রহমান (সৌদি), আশিক হোসেন (সৌদি), শামিম চৌধুরী (তুরস্ক)।

সভাপতি কামরুল হাসান বলেন, বর্হি:বিশ্বে বসবাসকারী চৌদ্দগ্রামের জাতীয়তাবাদী আদর্শের সবাইকে ঐক্যবদ্ধ হওয়া বর্তমান সময়ের দাবী। আমরা আমাদের মূলকে শক্তিশালী করার পাশাপাশি প্রবাসী চৌদ্দগ্রামবাসীকেও শক্তিশালী করতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে কুমিল্লা ১১ চৌদ্দগ্রামের ধানের শীষের পক্ষে কাজ করতে হবে। ভৌগলিক দিক থেকে বাংলাদেশের গুরুত্বপূর্ণ উপজেলা চৌদ্দগ্রাম। চৌদ্দগ্রাম বিএনপি শক্তিশালী মানে পুরো চট্টগ্রাম বিভাগে বিএনপির শক্তিশালী। কারণ ঢাকা-থেকে চট্টগ্রাম প্রবেশাগার আমাদের প্রিয় চৌদ্দগ্রাম। সুরাতাং বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান এর হাতকে শক্তিশালী করতে কুমিল্লা ১১ আসনে ধানের শীষের প্রার্থীকে বিজয়ী করতে হবে।

প্রধান অতিথি ড. জয়নুল আবদীন বলেন, বাংলাদেশে বর্তমানে সবচেয়ে জনপ্রিয় নেত্রী বেগম খালেদা জিয়া এবং জনপ্রিয় নেতা তারেক রহমান। আর সবচেয়ে বেশী ঘৃনিত নেত্রী স্বৈরাচারী শেখ হাসিনা। তিনি বলেন, প্রতিষ্ঠার পর থেকে বিএনপি নেতাকর্মীদেরকে বিভিন্ন ভাবে মুল্যায়ন করা হয়েছে। এখন আমাদের প্রয়োজন দেশ গড়ার কাজে ঐক্যবদ্ধভাবে কাজ করা। চৌদ্দগ্রামে উন্নয়নমূলক প্রসঙ্গে প্রধান অতিথি বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে ঐক্যবদ্ধ হতে হবে। বর্হি:বিশ্বে বিএনপিকে শক্তিশালী করতে সকল সহযোগিতার প্রতিশ্রুতি দেন তিনি।

বিশেষ অতিথি এডভোকেট নয়ন বাঙালী বলেন, ওয়ার্ল্ড ফোরাম বর্হি:বিশ্বে প্রবাসীদের অধিকার আদায়ের সচেষ্ট হতে হবে, প্রতিটি ইউনিয়নে প্রবাসী তথ্য কেন্দ্র গঠন করতে হবে। দেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা এবং জনগণকে তাদের ভোটের অধিকার ফিরিয়ে আনতে বিএনপির প্রত্যেককর্মীকে অতন্দ্র প্রহরী হিসেবে কাজ করবে।

এম এ আজাদ পাটোয়ারী বলেন, বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান যাকে নমিনেশন দিবেন, আমরা তার পক্ষে কাজ করব তাকে সার্বিক সহযোগিতা করব। আগামী দিনে দলীয় নেতৃত্বের প্রতি আনুগত্য থেকে ও সাংগঠনিক নিময় মেনেই কাজ করে হবে।-- প্রেস বিজ্ঞপ্তি

নিউইয়র্কে 'বর-কনে সমাবেশে' খুঁজে পাবেন জীবন সঙ্গী

নিউইয়র্ক: এখন থেকে নিউইয়র্কে প্রতি মাসে শেষ বৃহস্পতিবার 'বর-কনে সমাবেশ' খুঁজে নিতে পারবেন নিজের পছন্দসই জীবন সঙ্গী। নিউইয়র্ক কাজী অফিসের ৩৪ তম বর্ষে (১৯৯১-২০২৫) পদার্পণ উপলক্ষে উত্তর আমেরিকার বাংলাদেশি কমিউনিটির সেবা আরোও এক ধাপ এগিয়ে নিতে এ বিশেষ প্রয়োজনে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে অনলাইন-অফলাইন ম্যাচ ম্যাকিং প্রতারণা ও বিড়ম্বনা থেকে মুক্তি মিলবে। থাকবেনা ঘটকালির ব্যবসায়িক কোনো ঝামেলা কিংবা কোন প্রকারের কোনো প্রতারণা।

কেননা, এমন সমাবেশে বিবাহ ইচ্ছুক বর-কনে উভয়ই একই টেবিলে বসে সরাসরি ও সামনা-সামনি কথা বলতে পারবেন একজন আরেকজনের সাথে। দেখে ও জেনে শুনে তাঁরা বেঁচে নিতে পারবেন তাদের কাঙ্খিত জীবন সঙ্গীকে। প্রয়োজনে সাথে নিয়ে আসতে পারবেন পিতামাতা কিংবা লিগ্যাল অভিভাবককেও।

উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশি কমিউনিটিতে এই প্রথম যুগোপযোগী এমন আয়োজনের নাম দেয়া হয়েছে "বর-কনে সমাবেশ বা দুলহা-দুলহান এক্সপো"। নতুন বছরের (২০২৫) জানুয়ারি মাস থেকে প্রতি মাসের শেষ বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে এই সমাবেশ বা এ্যাক্সপো। সময় সন্ধ্যে ৭ঃ০০ টা থেকে রাত ১১ঃ০০টা। অংশগ্রহণকারীদের জন্য ফ্রি ডিনারেরও ব্যবস্থা থাকবে। ইচ্ছুক বর-কনে বা প্রার্থীকে একটি নির্দিষ্ট ফর্ম ফিলাপ করে রেজিষ্ট্রি করতে হবে ই-মেইলে। আয়োজনের ব্যয় মিটাতে প্রতিবার বা একাধিক বার যোগদান করতে একটি নির্দিষ্ট ফি প্রদান করতে হবে। তাছাড়া সমাবেশে যোগদানের জন্য অন্য আর কোনো হিডেন বা গোপনীয় ঘটকি ফি নেই। বিবাহ ইচ্ছুক সর্বনিম্ন ১৮ বছর বয়স থেকে উর্ধ্বের যে কোনো বয়সের অবিবাহিত-অবিবাহিতা কিংবা ডিভোর্সী যুবক-যুবতী, নারী-পুরুষরা এতে অংশগ্রহণ করতে পারবেন। বিস্তারিত তথ্যের জন্য ইমেইল: quaziqayyoom@gmail.com ও মোবাইল -হোয়াটসঅ্যাপে (৭১৮) ৪৯৬-৯৩৭৭ নাম্বারে যোগাযোগ করা যেতে পারে।

মিশিগান হ্যামট্র্যামেক সিটির মেয়র আরি গালিব ও আসেফ বারীর সৌজন্য সাক্ষাত

নিউইয়র্ক: বারী গ্রুপের প্রধান কার্যালয়ে মিশিগানের হ্যামট্র্যামেক শহরের মেয়র আমির গালিব ও বারী গ্রুপের সিইও আসেফ বারীর এক সৌজন্য সাক্ষাৎ করেন। গত জানুয়ারী ১৬ বৃহস্পতিবার সাক্ষাতের শুরুতে আসেফ বারী মেয়র আমি গালিবকে ফুলেল শুভেচ্ছা জানান। মেয়র আমির গালিব নিউইয়র্ক শহরে এক সংক্ষিপ্ত সফরে আসেন।

পরিদর্শন শেষে সংক্ষিপ্ত এক বৈঠকে উভয়ই নিউইয়র্ক ও মিশিগান শহরের ইয়েমেনী ও বাংলাদেশী মুসলিম কমিউনিটির উন্নয়ন সম্পর্কিত আলোচনা করেন। এছাড়াও ইসরায়েল ও হামাসের যুদ্ধ বিরতি নিয়ে আলোচনা হয়। এই যুদ্ধবিরতি ফিলিস্তিনের পাশাপাশি সারা বিশ্বের মুসলমানদের জন্য স্বস্থি বয়ে আনবে বলে দু'জনে একমত হোন।

বৈঠকে অন্যান্যের মধ্যে হ্যামট্র্যামেকের পুলিশ প্রধান জামিয়েল আলতাহেরী, বারী গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সাইফুল ইসলাম, ব্লু গ্রীন ইন্সুরেন্সের সিইও মফিজুর রহমান, শাহ গ্রুপের সিইও শাহ জে চৌধুরী উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।



QIRAT COMPETITION 2025

Light Of The Quran



আসন্ন মাহে রমজান উপলক্ষে
প্রতি বছরের ন্যায় এবারো
টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা যৌথভাবে আয়োজন
করতে যাচ্ছে মাসব্যাপী ক্বিরাত কমপিটিশন

"লাইট অব দ্য কোরআন"

এ প্রতিযোগিতায় অংশ নিতে উত্তর আমেরিকায় বসবাসরত আগ্রহী গ্রেড ওয়ান থেকে গ্রেড টুয়েলভ পর্যন্ত শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন। আগ্রহীরা শিক্ষার্থীর নাম, ঠিকানা, মোবাইল নাম্বার ও স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের নাম আমাদের ঠিকানায় পাঠিয়ে দিন।

TIME

আবেদন পাঠানোর শেষ তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৪

যোগাযোগের ঠিকানা: টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা

36-50, 38th STREET, LONG ISLAND CITY

Phone: 718-753-0086 & 718-482-9923

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFBI KJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1888780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6062	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *এ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



IRS e-file PROVIDER

37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমরা বাংলায় কথা বলি

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

জয় দিয়ে বিশ্বকাপ শুরু বাংলাদেশের মেয়েদের



নারী অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ

বাংলা পত্রিকা ডেস্ক: দ্বিতীয়বারের মতো মালয়েশিয়ায় অনুষ্ঠিত হচ্ছে নারীদের অনূর্ধ্ব-১৯ টি-টোয়েন্টি বিশ্বকাপ। আসরের প্রথম ম্যাচেই দাপুটে জয় পেয়েছে বাংলাদেশের মেয়েরা। শনিবার তারা নেপালকে এক প্রকার উড়িয়েই দিয়েছে। তাদের ৫২ রানে অলআউট করে ৫ উইকেটে হারিয়ে ১৩.২ ওভারেই লক্ষ্য ছুঁয়ে ফেলে বাংলাদেশ। শুধু বোলিং কিংবা ব্যাটিং নয়, বাংলাদেশের মেয়েরা ফিল্ডিংয়েও দারুণ কারিশমা দেখিয়ে বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচ জিতে নিয়েছে।

গতকাল শনিবার বাঙ্গিতে অনুষ্ঠিত ম্যাচে টস জিতে নেপালকে ব্যাটিংয়ের আমন্ত্রণ পাঠায় বাংলাদেশ। আগে ব্যাটিংয়ে করে বাংলাদেশকে ৫৩ রানের লক্ষ্য দেয় তারা। জবাবে তিন ওভারের মধ্যে ১১ রানে তিন উইকেট হারিয়ে চাপে পড়ে গিয়েছিল লাল-সবুজ দল। এরপর চতুর্থ উইকেটে সাদিয়া ইসলাম ও সুমাইয়া আক্তার মিলে ২১ রানের জুটি গড়ে বিপর্যয় সামাল দেন। সাদিয়া ২৪ বলে ১৬ রান করে আউট হলে ভাঙে জুটি। স্কোরবোর্ডে আরও ৯ রান যোগ করে সুমাইয়াও আউট হন ব্যক্তিগত ১২ রান করে। বাকি পথ অনায়াসেই পাড়ি দেন আফিয়া ইরা ও জান্নাতুল মাওয়া। তাদের অবিচ্ছিন্ন ১২ রানের জুটিতে বাংলাদেশ ১৩.২ ওভারে ৫ উইকেট হারিয়ে জয় তুলে নেয়।

নেপালের মেয়েদের মধ্যে রচনা চৌধুরী, রিয়া শর্মা, সীমানা ও পূজা প্রত্যেকে একটি করে উইকেট নিয়েছেন।

এর আগে টস হেরে ব্যাটিংয়ে নেমে বাংলাদেশের বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ে নেপাল ৫২ রানে অলআউট হয়েছে। নেপালের হয়ে দুইজন কেবল দুই অঙ্কের ঘরে রান করতে পেরেছেন। ওপেনার সানা পারভীনের ব্যাট থেকে আসে ১৯ রান। এছাড়া সীমানা খেলেন ১০ রানের ইনিংস। এদের দুইজনের ব্যাটেই মূলত ১৮.২ ওভারে সবকটি উইকেটে হারিয়ে ৫২ রান সংগ্রহ করে নেপাল।

বাংলাদেশের বোলারদের মধ্যে সর্বোচ্চ দুটি উইকেট নিয়েছেন মাওয়া। নিশিতা আক্তার, ফাহমিদা ছোঁয়া ও আনিসা আক্তার শোভা নেন একটি করে উইকেট।

পদত্যাগ দাবি ফাহিমের

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) গঠনতন্ত্র সংস্কার কমিটির সদস্য হিসেবে নানা রকম উদ্যোগ নিয়েছেন সংস্থার পরিচালক নাজমুল আবেদীন ফাহিম। খসড়া গঠনতন্ত্রে ঢাকার ক্লাবগুলোর প্রতিনিধি কমানোর যে প্রস্তাব তিনি রেখেছেন, তা-ও আর গোপন নেই।

ইতিমধ্যেই বিষয়টি চাউর হয়ে গেছে। সেই সঙ্গে ফুঁসে উঠেছেন ক্লাব কর্মকর্তারা।

রাজধানীর এক হোটেলে একজোট হওয়া ক্রিকেট সংগঠকরা দিয়েছেন আলটিমেটামও। তারা অচিরেই গঠনতন্ত্রের বিতর্কিত এই প্রস্তাবনা প্রত্যাহারের দাবি জানিয়েছেন। দাবি না মানা পর্যন্ত ১৯ জানুয়ারি থেকে শুরু হতে যাওয়া ঢাকার প্রথম বিভাগ ক্রিকেট লিগের ক্লাবগুলো অংশ নেবে না বলে সিদ্ধান্ত নিয়েছে।

পাশাপাশি সামনের ঘরোয়া আসরগুলোও বয়কট করার হুমকি ক্লাব কর্মকর্তাদের।

ঘরোয়া লিগে অংশ নেওয়ার ক্ষেত্রে তাদের আরেকটি শর্ত- বোর্ড পরিচালকের পদ থেকে ফাহিমের পদত্যাগ। তিনি পদত্যাগ না করলে ক্লাবগুলো ঢাকা লিগে খেলবে না। গতকাল নিজেদের মধ্যে সভার পর সংবাদমাধ্যমকে এই সিদ্ধান্তগুলো জানিয়েছেন বিসিবির সাবেক যুগ্ম সম্পাদক ও বর্তমান কাউন্সিলর রফিকুল ইসলাম বাবু এবং ক্লাব কর্মকর্তা আদনান রহমান দীপন।

হামজা আসায় আশা দেখছেন জামাল ভুঁইয়াও



বাংলা পত্রিকা ডেস্ক: লিস্টার সিটিতে খেলা হামজা চৌধুরীর আসার খবরে যেন প্রাণ ফিরেছে দেশের ফুটবলে। সমর্থকদের মধ্যেও বাড়তি উন্মাদনা দেখতে পাওয়া যাচ্ছে। তাতে আশার পালে লেগেছে হাওয়া। আসছে মার্চে এশিয়ান কাপ বাছাইয়ের প্রথম ম্যাচেই অভিষেক হতে পারে ইংল্যান্ডে বেড়ে ওঠা এই ডিফেন্সিভ মিডফিল্ডারের।

ভারতের বিপক্ষে সেই ম্যাচ ঘিরে প্রত্যাশা যেন আকাশচুম্বী! জাতীয় দলের অধিনায়ক জামাল ভুঁইয়াও হামজার অন্তর্ভুক্তিকে বিশাল ব্যাপার মনে করছেন।

শনিবার সকালে শুরু হয়েছে বাফুফে-এএফসি 'এ' ডিপ্লোমা কোচিং কোর্সের প্রথম পার্ট। যেখানে অংশ নিয়েছেন জামাল, মামুনুল ইসলামসহ বেশ কয়েকজন সাবেক ফুটবলার। কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানের পর গণমাধ্যমে কথা বলেছেন জামাল।

সেখানে হামজাকে নিয়ে তিনি বলেছেন, 'হামজার খেলা দেশের জন্য এটা অনেক বড় বিষয়। কেননা, উনি সর্বোচ্চ পর্যায়ে, ইংলিশ প্রিমিয়ার লিগে খেলছেন। তো হামজাসহ আরো তিন-চারজন থাকলে দেশের জন্য ভালো না! হামজা এলে এটা সবার জন্য ভালো।'

গত সেপ্টেম্বরের পর থেকে প্রতিযোগিতামূলক ম্যাচের বাইরে জামাল। পারিবারিক কারনে গত নভেম্বরে মালদ্বীপের বিপক্ষে দুটি প্রীতি ম্যাচ খেলেননি। বাংলাদেশ প্রিমিয়ার লিগের প্রথম পর্বে কোনো দলের সঙ্গে ছিলেন না তিনি। বিদেশি কোনো লিগেও সুযোগ হয়নি। তো এই সময়টা কীভাবে পার করছেন এই মিডফিল্ডার? জামাল বলছিলেন, 'এতদিন আমি ডেনমার্কের ছিলাম। ওখানে স্থানীয় পর্যায়ের একটি ক্লাবে খেলেছি, অনুশীলন করেছি।

মৌসুমের দ্বিতীয় ভাগে কোনো দলে দেখা যাবে কিনা প্রশ্নের জবাবে জামালের উত্তর, 'আগামী দশ দিনের ভেতর সেটা জানাতে পারব। ক্লাবগুলো সঙ্গে আলোচনা চলছে।

অবিশ্বাস্য ডেলিভারিতে কিংবদন্তিকে স্মরণ করালেন মোস্তাফিজ



বাংলা পত্রিকা ডেস্ক: পাকিস্তানের সাবেক অধিনায়ক ও কিংবদন্তি ক্রিকেটার ওয়াসিম আকরামকে ফলো করে সাফল্য পেলেন কাটার মাস্টার মোস্তাফিজুর রহমান।

রিভার্স সুইংয়ের জনক হিসেবে পরিচিত পাকিস্তানের সাবেক তারকা ওয়াসিম আকরাম। তার মতো ইনসুইং ডেলিভারিতে ওয়েস্ট ইন্ডিজের তারকা ব্যাটসম্যান রাহকিম কর্নওয়ালকে ফাঁদে ফেলেছেন মোস্তাফিজুর রহমান।

১০ জানুয়ারি শুক্রবার সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) ১১তম আসরের ১৬তম ম্যাচে মুখোমুখি হয় ঢাকা ক্যাপিটাল ও সিলেট স্টাইকার্স।

সেই ম্যাচে আগে ব্যাট করে লিটন দাস ও মুনিম শাহরিয়ারের ব্যাটিং তাণ্ডবে ১৯৩ রানের চ্যালেঞ্জিং স্কোর গড়ে ঢাকা ক্যাপিটাল। টার্গেট তাড়া করতে নেমে ৮ বল হাতে রেখেই ৩ উইকেটের জয় পায় সিলেট স্টাইকার্স। সেই ম্যাচে ঢাকার বাঁহাতি পেসার মোস্তাফিজুর রহমান অবিশ্বাস্য সুন্দর কয়েকটি ডেলিভারি দেন। সিলেটের হয়ে খেলতে আসা ক্যারিবীয় ব্যাটসম্যান রাহকিম কর্নওয়ালকে ইনসুংয়ের ফাঁদে ফেলেন মোস্তাফিজ।

তার সেই ডেলিভারি দেখে ক্রিকেট ভক্তদের মনে পড়ে গেল পাকিস্তানের কিংবদন্তি ওয়াসিম আকরামের কথা। মোস্তাফিজের করা বলটি রাহকিম কর্নওয়ালের প্যাডে আঘাত করার সাথে সাথে এলবিডব্লিউর আবেদন করেন, ফিল্ড আম্পায়ার সময়ক্ষেপণ না করে আউটের সিদ্ধান্ত জানিয়ে দেন।

কর্নওয়াল ডিআরএস নিয়ে বেঁচে যাওয়ার আশায় ছিলেন। তার ধারণা ছিল বল স্টাম্প মিস করবে; কিন্তু ডিআরএস নিয়েও রক্ষা হয়নি, হতাশ হয়ে প্যাভিলিয়নে ফেরেন সিলেটের এই বিদেশি রিক্রুইট।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Email: moinlaw@gmail.com

Moin Choudhury, Esq

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(ফোস অফিস ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)

Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



শঙ্কামুক্ত সাইফ আলি খান

বাংলা পত্রিকা ডেস্ক: গভীর রাতে মুম্বাইয়ের বান্দ্রায় নিজ বাড়িতে ছোট নবাবখ্যাত বলিউড অভিনেতা সাইফ আলি খানের বাড়িতে হামলা করে দুর্বৃত্তরা। এ সময় বাড়িতে ছিলেন তার স্ত্রী বলিউড অভিনেত্রী কারিনা কাপুর খান এবং তাদের দুই সন্তান তৈমুর ও জেহ ওরফে জাহাঙ্গীর। বেবোখ্যাত অভিনেত্রী কারিনা জানান, দুর্বৃত্তরা সাইফকে একের পর এক ছুরিকাঘাত করে পালিয়ে যায়। রক্তাক্ত অবস্থায় সাইফকে মুম্বাইয়ের লীলাবতী হাসপাতালে ভর্তি করা হয়। তবে অস্ত্রোপচারের পর এখন অভিনেতা শঙ্কামুক্ত। চিকিৎসকরা জানিয়েছেন, অস্ত্রোপচারের পর পর্যবেক্ষণের জন্য আইসিইউতে নেওয়া হয়েছে সাইফ আলি খানকে। আগামীকাল সকালে শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, দুই দিন পর বাড়িতে নেওয়া হতে পারে সাইফকে।

গত বৃহস্পতিবার স্থানীয় সময় দুপুর ১২টার দিকে সাইফ আলি খানের জনসংযোগ টিমের পক্ষ থেকে গণমাধ্যমে অভিনেতার শারীরিক অবস্থা নিয়ে হালনাগাদ তথ্য জানানো হয়। বিবৃতিতে বলা হয়, 'সাইফ আলি খানের অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে, তিনি এখন শঙ্কামুক্ত। তিনি এখন সেরে ওঠার প্রক্রিয়ায় আছেন, চিকিৎসকরা তার দেখভাল করছেন।' বিবৃতিতে আরও জানানো হয়, তার পরিবারের অন্য সদস্যরা নিরাপদে আছেন। পুলিশ ঘটনার তদন্ত করছে। বিবৃতিতে মুম্বাইয়ের লীলাবতী হাসপাতালের চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়। এ ছাড়া প্রার্থনার জন্য অভিনেতার ভক্ত-অনুসারীদের ধন্যবাদ দেওয়া হয়।

বুধবার মধ্যরাতের হামলার ঘটনায় সাইফ আলি খানের মেরুদকেতর পাশে আর ঘাড়ে গভীর ক্ষতের কথা জানান চিকিৎসকরা। জানা গেছে, সাইফকে দুর্বৃত্তরা ছুরি দিয়ে ছয়বার আঘাত করে। গতকাল সকালে সাইফপত্নী কারিনা কাপুর বলেন, 'সাইফ হাতে আঘাত পেয়েছে। আর তাই হাসপাতালে ওর চিকিৎসা চলছে। পরিবারের বাকি সদস্যরা ভালো আছেন। পুলিশ ইতোমধ্যে তদন্তের কাজ শুরু করে দিয়েছে। আমরা মিডিয়া আর ভক্তদের ধৈর্য ধরার জন্য আবেদন জানাচ্ছি। অনুগ্রহ করে এ নিয়ে কেউ গুজব ছড়াবেন না। এ ঘটনায় আপনারা সবাই যে উদ্বেগ প্রকাশ করছেন এবং দুশ্চিন্তায় আছেন, এ কারণে আপনাদের ধন্যবাদ।'

মুম্বাই পুলিশ জানিয়েছে, বুধবার দিবাগত রাত আড়াইটার দিকে এ ঘটনা ঘটেছে। অজ্ঞাত পরিচয় এক বা একাধিক ব্যক্তি ঘরে ঢুকে অভিনেতার গৃহকর্মীদের হুমকি দেয়। সে সময় বাড়ির সবাই ঘুমাচ্ছিলেন। শব্দ পেয়ে ঘুম ভেঙে যায় সাইফের। এ সময় সাইফ সেখানে গেলে তার ওপর হামলা করা হয়।

বাংলাদেশে নিষিদ্ধ কঙ্গনার 'ইমার্জেন্সি'

বাংলা পত্রিকা ডেস্ক: অবেশেষে সময় একদম দ্বারপ্রান্তে। আগামীকাল শুক্রবারই মুক্তি পাচ্ছে বারবার পিছিয়ে যাওয়া বহুল চর্চিত সিনেমা 'ইমার্জেন্সি'। বলিউড 'কুইন' কঙ্গনা কঙ্গনা রানাউত অভিনীত ও পরিচালিত এই ছবিটি ভারত উপমহাদেশজুড়ে মুক্তি পেলেও আসছে সা বাংলাদেশে। জানা গেছে, কেবলমাত্র রাজনৈতিক কারণেই বাংলাদেশে মুক্তি পাচ্ছে না ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে নির্মিত সিনেমাটি। এখানে ইন্দিরা গান্ধীর চরিত্রে দেখা যাবে সাংসদ, অভিনেত্রী কঙ্গনাকে। ইমার্জেন্সি সিনেমাটি পরিচালনা, চিত্রনাট্য ও প্রযোজনা করেছেন অভিনেত্রী নিজেই। ছবিটি মুক্তি পেলে স্বস্তির নিশ্বাস ফেলবেন তিনি।

সত্তরের দশকের উত্তাল সময়ের প্রেক্ষাপটেই সাজানো 'ইমার্জেন্সি'র চিত্রনাট্য। এরইমধ্যে মুক্তি পেয়েছে ছবিটির ট্রেলার। 'ইন্দিরাই ইন্ডিয়া'-নতুন ট্রেলারে সত্তর দশকের উত্তাল সময়ের ঝলক দেখা যাচ্ছে। আর এমন ছবি বাংলাদেশে মুক্তি পাবে না কেন? ভারতীয় গণমাধ্যমগুলোর দাবি, এই সিদ্ধান্তের সঙ্গে ছবিটির 'কনটেন্টে'র সঙ্গে কোনো সম্পর্ক নেই। মূলত দুই দেশের রাজনৈতিক অস্থিরতার কারণেই এমন সিদ্ধান্ত নিচ্ছে মহম্মদ ইউনুসের অন্তর্বর্তী সরকার।

ঢাকার উৎসবে ফারিণের 'ফাতিমা'

বাংলা পত্রিকা ডেস্ক: বেশ ব্যস্ত সময় পার করছেন অভিনেত্রী তাসনিয়া ফারিণ। নাটক, ওটিটির পাশাপাশি সিনেমায়ও অভিনয় করছেন তিনি। অভিনয় দিয়ে মানুষের মন কেড়ে নিচ্ছেন এই অভিনেত্রী।

২০২২ সালে কলকাতায় 'আরও এক পৃথিবী' সিনেমা দিয়ে বড় পর্দায় অভিষেক হয় ফারিণের। তবে, এর অনেক আগেই সিনেমায় অভিনয় করেছিলেন তিনি। তবে, 'ফাতিমা' নামের সিনেমাটি মুক্তি পায় গত বছর অর্থাৎ ২০২৪ সালে। সে হিসেবে ফাতিমা-ই ফারিণের ক্যারিয়ারের প্রথম সিনেমা।

ফাতিমা সিনেমাটি পরিচালনা করেছিলেন ধ্রুব হাসান। মুক্তির আগেই বিদেশের বেশ কিছু উৎসবে প্রকাশ করা হয় সিনেমাটি। সেসব উৎসবে সবার মন কাড়ে ফাতিমা। নিয়ে আসে বিভিন্ন পুরস্কারও। এবার ফারিণের ফাতিমা দেখা গেল ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে।

গতশুক্রবার সন্ধ্যায় জাতীয় জাদুঘরের মূল মিলনায়তনে সিনেমাটি প্রদর্শিত হয়। এ বিষয়ে ফারিণ বলেন, বিদেশে কয়েকটি



চলচ্চিত্র উৎসব ঘুরে এবার দেশের উৎসবে সিনেমাটি প্রদর্শিত হলো।

দর্শকদের প্রতি অনুরোধ জানিয়ে এই অভিনেত্রী বলেন, আপনারা সিনেমাটি দেখুন, তাহলে আমাদের পরিশ্রম সার্থক হবে।

কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করলেন তাহসান খান



বাংলা পত্রিকা ডেস্ক: মালদ্বীপ থেকে হানিমুন শেষ করে দেশে ফিরে কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন দেশের জনপ্রিয় গায়ক ও অভিনেতা তাহসান খান। গত ১৬ জানুয়ারি এই পরিদর্শনে যান তিনি, যা তার ফেসবুক পেজে প্রকাশিত হয়।

সেখানে, তিনি রোহিঙ্গা শিবিরের বিভিন্ন ছবি শেয়ার করে ক্যাপশনে লিখেন যে, গত কয়েক সপ্তাহে কক্সবাজারের রোহিঙ্গা আশ্রয়শিবিরে ভয়াবহ অগ্নিকাকেত বহু শিবির ক্ষতিগ্রস্ত হয়েছে। এই দুর্ঘটনায় তিনি গভীরভাবে অনুপ্রাণিত হয়েছেন, বিশেষ করে অগ্নিনির্বাপণকর্মী ও স্বেচ্ছাসেবকদের কাজ দেখে।

তাহসান বলেন, "জাতিসংঘের শরণার্থী সংস্থার শুভেচ্ছাদূত হিসেবে আমি রোহিঙ্গা আশ্রয়শিবির পরিদর্শন করেছি। সেখানে শরণার্থীদের কষ্ট, তাদের সাহসিকতা এবং সহনশীলতা আমাকে সব সময় অনুপ্রাণিত করে।" তিনি আরও জানান, মানবিক সহায়তা এবং বিভিন্ন সংস্থার অব্যাহত সাহায্যের কারণে শরণার্থীরা আবার নতুন করে জীবন শুরু করেছে। তাহসান খান, যিনি ইউএনএইচসিআরের শুভেচ্ছাদূত হিসেবে কাজ করছেন, তার ফেসবুক পেজে এ প্রসঙ্গে বিস্তারিত লিখেছেন। তিনি বাংলাদেশ থেকে সংস্থাটির প্রথম শুভেচ্ছাদূত। বর্তমানে পৃথিবীজুড়ে ইউএনএইচসিআরের ৩২ জন শুভেচ্ছাদূত রয়েছেন, যারা শরণার্থীদের পরিস্থিতি এবং সংস্থার কাজের প্রচার করেন।

এছাড়া, সদ্য বিয়ে করেছেন তাহসান। এটি তার দ্বিতীয় বিয়ে। তার স্ত্রী রোজা আহমেদ নিউ ইয়র্কে ব্রাইডাল মেকআপ আর্টিস্ট হিসেবে কাজ করছেন। গত ৪ জানুয়ারি তারা পারিবারিক আয়োজনে বিয়ে করেন।

ক্যারিয়ারের সোনালি সময়েই হত্যা করা হয় মডেল তিন্নিকে

বাংলা পত্রিকা ডেস্ক: নব্বই দশকের জনপ্রিয় মডেল ও অভিনেত্রী সৈয়দা তানিয়া মাহবুব তিন্নি হত্যা মামলায় খালাস পেয়েছেন সাবেক সংসদ সদস্য (এমপি) গোলাম ফারুক অভি। বর্তমানে কানাডায় পলাতক রয়েছেন তিনি। মামলায় অভির খালাসের রায় ঘোষণার সময় তিন্নির পরিবারের কেউই আদালতে উপস্থিত ছিলেন না।

গত মঙ্গলবার এ রায় দেন ঢাকার দ্বিতীয় অতিরিক্ত জেলা ও দায়রা জজ মোছা. শাহীনুর আক্তার।

এ রায়ের পর অভির পক্ষে রাষ্ট্র নিযুক্ত আইনজীবী শাহ ইলিয়াস রতন সংবাদমাধ্যমে বলেন, আমার মক্কেল ন্যায় বিচার পেয়েছেন। তবে এ রায়ে সন্তুষ্ট নন রাষ্ট্রপক্ষ। রায় পর্যালোচনা করে উচ্চ আদালতে আপিলের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে বলে জানান আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর (পিপি) সৈয়দ মো. আবু জাফর রিজবী।

২০০২ সালের ১০ নভেম্বর বুড়িগঙ্গা নদীর ওপরে অবস্থিত বাংলাদেশ-চীন মৈত্রী সেতু-১-এর নিচে পাওয়া যায় মডেল, অভিনেত্রী তিন্নির মরদেহ।

এ ঘটনায় মামলা হলে ২০০৮ সালে তদন্তে অভিযুক্ত হন সাবেক এমপি গোলাম ফারুক অভি।

কে এই অভি

ইতিহাস বলে সাবেক এমপি গোলাম ফারুক অভির উত্থান ঘটে সাবেক প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের শাসনামলে। ছাত্র হিসেবে তিনি অত্যন্ত মেধাবী ছিলেন। এসএসসি এবং এইচএসসিতে বোর্ড পর্যায়ে মেধার স্বাক্ষর রাখেন।

নব্বইয়ের গণআন্দোলন ঠেকাতে এরশাদের নজর পান অভি। ওই সময় অপহরণ ও মুক্তিপণ এবং চাঁদাবাজিসহ নানা অভিযোগ ছিল তার বিরুদ্ধে। তিনি নিজস্ব ক্যাডার বাহিনী গড়ে তোলেন। একপর্যায়ে তিনি গ্রেপ্তার হন। তবে নব্বইয়ের গণআন্দোলনের চরম পর্যায়ে ডিসেম্বরের প্রথম দিকে কারাগার থেকে মুক্তি পান।

আর ছাড়া পেয়েই পুরো ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ত্রাসের রাজত্ব কায়েম করেন। তিনি ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ছিলেন।

১৯৯০ সালের ডাকসু নির্বাচনকে কেন্দ্র করে ছাত্রদল দুই ভাগে বিভক্ত হয়ে যায়। অভি একটি অংশের নেতৃত্ব দিয়েছেন এবং তার সঙ্গে তৎকালীন সরকারের গোপন যোগাযোগ রয়েছে, এই অভিযোগে ওই বছরের ২৫শে নভেম্বর তাকে ছাত্রদল থেকে বহিষ্কার করা হয়। ১৯৯৬ সালের ৯ই মে তিনি জাতীয় পার্টিতে যোগ দেন এবং ১২ই জুন অনুষ্ঠিত ৭ম সংসদ নির্বাচনে বরিশাল-২ (উজিরপুর-বানারীপাড়া) আসন থেকে সর্বকনিষ্ঠ এমপি নির্বাচিত হয়েছিলেন।



অভিযোগের পাহাড়

১৯৮৯ সালে একটি হত্যা মামলার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস থেকে অভিকে গ্রেপ্তার করা হয়। এ ছাড়াও ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনে তার বিরুদ্ধে আটকাদেশ দেয়া হয়। ১৯৯০ সালের ২৭শে নভেম্বর ডা. মিলন হত্যায়ও তিনি অভিযুক্ত ছিলেন। ১৯৯২ সালের ১৮ই মে সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের গেস্টরুম থেকে একটি কাটা রাইফেল ও বিদেশি পিস্তলসহ অভিকে গ্রেপ্তার হয়। ২১শে আগস্ট ১৯৯৩ সালে ওই মামলায় ১৭ বছরের কারাদণ্ড হলে তিন বছর কারাভোগের পর উচ্চ আদালতে আপিল করে জামিন পান তিনি। কানাডার টরেন্টো থেকে অভি পাওয়ার অব অ্যাটর্নির প্রয়োজনীয় কাগজপত্র পাঠিয়ে এক আইনজীবীর মাধ্যমে মামলাটির স্থগিতাদেশ চেয়ে ২০১০ সালের ৫ই ডিসেম্বর হাইকোর্টে একটি রিট আবেদন করেন। যার রিট পিটিশন নম্বর ৯৫৩১/২০১০। শুনানি শেষে ২০১১ সালের ১৫ই জানুয়ারি রুল জারি করেন হাইকোর্ট।

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com











দেশমুখী যুক্তরাষ্ট্র

(শেষ পৃষ্ঠার পর)

দিয়েই চলছে তাদের রাজনৈতিক কর্মকান্ড। নিউইয়র্ক মহানগর উত্তর-দক্ষিণ নামে কমিটি আছে, আছে অভ্যন্তরীণ বিভিন্ন গ্রুপিং-মনোমালিন্য, এমনকি কেন্দ্রীয় কোনো নেতা আমেরিকায় এলে তাকে নিয়েও চলে 'বলয়ভিত্তিক' কার্যক্রম। শুধু নেই নেতৃত্বের জন্য মূল কমিটি। কেনই বা বিশ্বের সবচেয়ে শক্তিশালী রাষ্ট্র আমেরিকার মতো দেশে বিএনপি'র কমিটি নেই- এই বিষয়ে কেন্দ্রীয় বিএনপি'র পক্ষ থেকেও সুস্পষ্ট কোনো নির্দেশনা পাননি নেতারা। এ অবস্থায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা, 'ব্লাক ডায়মন্ড' খ্যাত জনপ্রিয় সঙ্গীত শিল্পী বেবি নাজনীন, বিএনপি'র কেন্দ্রীয় জাতীয় নির্বাহী কমিটির সদস্য এবং যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি ও দলের প্রভাবশালী নেতা আব্দুল লতিফ সম্রাট, বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সিনিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ, বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু, বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক যুগ্ম আহ্বায়ক মিল্টন ভূঁইয়া, কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিসয়ক সম্পাতক ও যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আবু সাঈদ আহমদ, নিউইয়র্ক ষ্টেট বিএনপি'র সভাপতি ওয়ালিউল্লাহ আতিকুর রহমান, নিউইয়র্ক মহানগর বিএনপি (উত্তর)-এর সভাপতি আহবাব চৌধুরী খোকন, বিএনপি নেতা জসিমউদ্দীন ভূঁইয়া (ভিপি জসিম), যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক দল নেতা সাইফুর রহমান হারুন ও কাওসার আহমেদসহ বিভিন্ন স্তরের অনেক নেতা এখন দেশে অবস্থান করছেন। আবার কেউ কেউ দেশে যাওয়ার প্রস্তুতিও নিচ্ছেন। নিউইয়র্ক মহানগর বিএনপি (দক্ষিণ)-এর সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা সম্প্রতি দেশ থেকে ঘুরে এসেছেন।

বিভিন্ন সূত্রে জানা গেছে, যুক্তরাষ্ট্র বিএনপি'র অনেক নেতাই আগামী জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে ইচ্ছুক। এর মধ্যে আব্দুল লতিফ চৌধুরী সম্রাট নড়াইলে, গিয়াস আহমেদ ঢাকায়, জিল্লুর রহমান জিল্লু সিলেটে, মিজানুর রহমান মিল্টন ভূঁইয়া চট্টগ্রামের সন্দ্বীপ, আবু সাঈদ আহমদ মৌলভীবাজারে, হাবিবুর রহমান সেলিম রেজা ঝালকাঠিতে নির্বাচন করার লক্ষ্যে দলীয় মনোনয়ন চাইতে পারেন।

বিএনপি'র এক নেতা জানান, দেশে এতদিন নেতারা যেতে পারেননি ভয়ে, কারণ দেশে গেলেই মামলা-মোকদ্দমা, জেল জরিমানার ভয় থাকতো। এমনকি নেতাদের পরিবারের সদস্যদের ওপর নির্যাতন মামলা মোকদ্দমা দেয়া হতো। এখন সু-সময়। সামনে নির্বাচন। তাই দেশপ্রেম আর মনোনয়ন দুটোই দেশে ফিরে যাওয়ার কারণ হতে পারে।

তবে বিদেশী নেতাদের হঠাৎ করে দেশে যাওয়ার হিড়িক আর বিমানবন্দরে সংবর্ধনা-গাড়ির মহড়া দেখে ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছেন সিলেট বিএনপি'র অন্যতম নেতা সালেহ আহমেদ খসরু। তিনি জানান এটা পরিহাস! জীবনের সব সুখ ভোগকারী এসে যখন বিপ্লবী বক্তব্য দেন তখন গুম খুন হওয়া আত্মা বাতাসে হু হু করে কাঁদে। শেখ হাসিনার আমলে রাজপথে থেকে আন্দোলন করা এই নেতা জানান, 'দেশনায়ক' তারেক রহমান যা নিষেধ করেছেন সেই হোন্ডা মহড়া চলছে, এ যেন একশ' হোন্ডা দুইশ' গুন্ডা। প্রিয়নেতা দেশ টেনে নিয়ে যেতে চাইছেন নিঃশঙ্ক উচ্চতায় আর বিদেশ প্রত্যাগতরা বিএনপিকে জনতার কাঠগড়ায় প্রশ্নবিদ্ধ করছেন।

বাংলাদেশে অবস্থান করা যুক্তরাষ্ট্র বিএনপি নেতা গিয়াস আহমেদ মানবজমিনকে জানান, দেশের বাইরে থাকলেও সব সময়ই নির্বাচনী এলাকার (ঢাকা-১ এর) মানুষের পাশে ছিলেন। সম্প্রতি দেশে আসার পর বিভিন্ন পক্ষ থেকে নির্বাচন করার জন্য অনুরোধ করছেন।

আরেক প্রভাবশালী নেতা জিল্লুর রহমান জিল্লু জানান, ওয়ান ইলেভেনের সময় থেকেই তিনি দেশে যেতে পারেননি, ডিজিএফআই'র তালিকাভুক্ত ছিলেন। তাকে হুমকিও দেয়া হয়েছিল। তাই বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলামও দেশে যেতে নিষেধ করেছিলেন। কিন্তু আমেরিকা থেকে ফ্যাসিস্ট হাসিনার বিরুদ্ধে কথা বলেছেন, আন্দোলন করেছেন, বহির্বিশ্বে জনমত সৃষ্টি করতে ভূমিকা রাখার চেষ্টা করেছেন। কিন্তু মনোনয়নের বিষয়ে এখনোই কোনো মন্তব্য করতে চান না। তবে যুক্তরাষ্ট্র বিএনপি'র এই সাবেক সাধারণ সম্পাদক মানবজমিনকে জানান, নির্বাচনী সংস্কারের যে প্রক্রিয়া চলছে তা সম্পূর্ণ হওয়ার পরই নির্ভর করবে একজন প্রবাসী হিসেবে তার জাতীয় নির্বাচনে অংশগ্রহণ।

অনুসন্ধানে আরো জানা গেছে, দেশের আগামী জাতীয় সংসদ নির্বাচনে বিশিষ্ট ব্যবসায়ী, যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সহ সভাপতি আলহাজ সোলায়মান ভূইয়া, কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক যুগ্ম আহ্বায়ক মিজানুর রহমান ভূইয়া মিল্টন, যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল, যুক্তরাষ্ট্র বিএনপি'র প্রতিষ্ঠাতা সাংগঠনিক সম্পাদক ও সাবেক যুগ্ম সম্পাদক, বিশিষ্ট ব্যবসায়ী আখতার হোসেন বাদল, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ইলিয়াস খান ও ঝালকাঠি জেলা বিএনপি'র সহ সভাপতি আলহাজ শহীদুল ইসলাম শিকদার মনোনয়ন প্রত্যাশী। বিএনপি'র এই নেতারা দীর্ঘদিন ধরে নিউইয়র্কে বসবাস করেন এবং দলীয় কর্মকান্ডে সক্রিয়।

উল্লেখিত বিএনপি নেতাদের মধ্যে আলহাজ সোলায়মান ভূইয়া ফেনী থেকে, মিজানুর রহমান ভূইয়া মিল্টন ও মোস্তফা কামাল পাশা বাবুল চট্টগ্রাম-৩ (সন্দ্বীপ) আসন থেকে মনোনয়ন প্রত্যাশী। অপরদিকে আখতার হোসেন বাদল চাঁদপুর-৫, ইলয়াস খান শেরপুর-২ এবং শহীদুল ইসলাম শিকদার ঝালকাঠির একটি আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করতে আগ্রহী। এছাড়াও যুক্তরাষ্ট্র জাতীয়তাবাদী শ্রমিক দল নেতা জাহাঙ্গীর মোহাম্মদ আলম ভোলা-২ (দৌলতখান ও বোরহানউদ্দিন) আসন থেকে সংসদ সদস্য প্রার্থী হিসেবে মনোনয়ন প্রত্যাশী। এজন্য তার কাজ করে চলেছেন এবং বিভিন্ন ভাবে এলাকার সাথে যোগাযোগ রাখছেন। আবার কেউ কেউ ইতিমধ্যেই দেশে গিয়ে এলাকায় জনসংযোগ, সভা-সমাবেশ করছেন, কেন্দ্রীয় নেতা সাথে দেখা-সাক্ষাৎ আর কুশল বিনিময় করছেন। আবার কেউ কেউ কেন্দ্রের গ্রীন সিগন্যালের অপেক্ষায় আছেন।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

জানুয়ারি ২০২৫ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জানুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জানুয়ারি ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আপনাদের প্রায়োরিটি তারিখ হবে অবশ্যই এই তারিখের পূর্বে।

জানুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্স

প্রথম: (এফ ১) ইউ এস সিটিজেনদের অবিবাহিত পুত্রকন্যা নভেম্বর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস স্বামী বা স্ত্রী সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ, (এফ ২ এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস স্বামী বা স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তান: জানুয়ারি ১, ২০২২।

বি, (এফ ২ বি): পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত সন্তান ২১ বছর বা তদূর্ধ বয়সী। মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফ ৩): ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: জুলাই ০১, ২০১০।

চতুর্থ: (এফ ৪): প্রাপ্ত বয়সী ইউএস সিটিজেনদের ভাই বোন। আগস্ট ০১, ২০০৭।

এ ব্যাপারে পারিবারিক এবং চাকুরী ভিসার বিষয়ে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

নিউইয়র্ক থেকে ম. হামিদের প্রশ্ন

আমি একজন ইউএস সিটিজেন। আমি এই বিভাগের একজন নিয়মিত পাঠক। আজ আমি আমার এবং আমার এক আত্মীয়ের জন্য দুটি বিষয় জানতে এই লেখাটি লিখছি। আমার পাঠানো দুটি প্রশ্নের মত প্রশ্ন এবং তার উত্তর পরেছিলাম। কিন্তু আজ আপনার পরামর্শ পেতে আবারো প্রশ্ন পাঠালাম। আশা করি উত্তর পাবো এবং কৃতজ্ঞ থাকবো।

আমার প্রথম প্রশ্নটি হচ্ছে: আমি একজন ইউএস সিটিজেন। আমার আবেদনের প্রেক্ষিতে আমার স্ত্রী গ্রীন কার্ড নিয়ে এদেশে এসেছে। কিন্তু আমার স্ত্রী যে গ্রীন কার্ড পেয়েছে সেই গ্রীন কার্ডটি হচ্ছে কন্ডিশনাল গ্রীন কার্ড। তার এই কার্ডের মেয়াদ শীঘ্রই শেষ হয়ে যাবে। এ ব্যাপারে আপনার পরামর্শ প্রত্যাশা করছি।

আমার পাঠানো দ্বিতীয় প্রশ্নটি হচ্ছে:

আমি একজন গ্রীন কার্ডধারী। আমি রাজনৈতিক আশ্রয়ের কেসের মাধ্যমে গ্রীন কার্ড পেয়েছিলাম। বাংলাদেশ থেকে বৈধ ভিসা নিয়ে আসা একজনকে আমি বিয়ে করেছি। আমার স্ত্রীর এদেশে কোন বৈধ স্ট্যাটাস নেই। কিন্তু আমি জানিনা যে আমি আমার স্ত্রীর জন্য আবেদন করতে পারব কিনা। আমাকে কি অপেক্ষা করতে হবে আমার সিটিজেনশিপ লাভ করার আগ পর্যন্ত, নাকি আমি এখনই আমার স্ত্রীর জন্য আবেদন করতে পারবো ?

আমি ইমিগ্রেশন বিষয়ে তেমন কিছু জানি না। আমার পাঠানো দুটি প্রশ্নের জন্য পরামর্শ পেলে উপকৃত হব এবং কৃতজ্ঞ থাকবো।

ম. হামিদের প্রশ্নের উত্তর:



আপনার প্রথম প্রশ্ন হচ্ছে আপনি একজন ইউএস সিটিজেন। আপনার মাধ্যমে আপনার স্ত্রী যে গ্রীনকার্ড পেয়েছে সেই গ্রীন কার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রীন কার্ড। অর্থাৎ আপনার স্ত্রী হচ্ছেন কন্ডিশনাল গ্রীনকার্ডধারী। অর্থাৎ বিয়ের ২ বছর পূর্ণ না হতেই যদি আপনার স্ত্রী গ্রীনকার্ড পেয়ে থাকেন তবে সেই গ্রীনকার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রীনকার্ড।

ইমিগ্রেশন নিয়ম অনুযায়ী কন্ডিশনাল গ্রীনকার্ডের মেয়াদ শেষ হবার আগেই ইমিগ্রেশনে ওই কন্ডিশন রিমুভ করার জন্য এবং পার্মানেন্ট কার্ড ইস্যু করার জন্য আবেদন করতে হয়। এ কারণে আপনার স্ত্রীকে তার কন্ডিশনাল কার্ডের মেয়াদ শেষ হওয়ার আগেই তার কন্ডিশন রিমুভ করার জন্য আবেদন জানাতে হবে। পার্মানেন্ট গ্রীন কার্ড ইস্যু করার জন্য ফরম আই ৭৫১ ফাইল করতে হয়। সেখানে স্বামী-স্ত্রী উভয়কে সই দিতে হয়। এবং যথাযথ ফিস দিতে হয়। আর স্বামী স্ত্রী একত্রে বসবাসের স্বপক্ষে বাড়ির লিজ, ইউটিলিটি বিলের কপি, ক্রেডিট কার্ড, ব্যাংক স্টেটমেন্ট, যৌথ ট্যাক্স রিটার্ন ইত্যাদি পেশ করতে হয়।

আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তর:

আপনি একজন গ্রীন কার্ডধারী। ইমিগ্রেশন নিয়ম অনুযায়ী একজন গ্রীনকার্ডধারী তার স্ত্রী এবং অবিবাহিত সন্তানদের জন্য আবেদন করতে পারেন। রাজনৈতিক আশ্রয়ের আবেদন গৃহীত হবার পর বিয়ে করায় তার স্ত্রী সাধারন নিয়মে পড়বেন। অতিরিক্ত বেনিফিটের আওতায় পড়বেন না। স্ট্যাটাস এডজাস্টমেন্ট এর ইন্টারভিউ এর জন্য উপযুক্ত হতে স্পাউসকে বৈধ প্রবেশদ্বারী হতে হবে এবং বৈধ স্ট্যাটাসধারী হতে হবে। পিটিশনার যদি ইউএস সিটিজেন হন এবং সন্তান মা-বাবা অথবা স্পাউসের গ্রীনকার্ডের জন্য ফাইল করতে চান, সেক্ষেত্রে শুধুমাত্র বৈধ প্রবেশদ্বারী হলেই চলবে।

আপনি একজন গ্রীনকার্ডধারী সে কারণে যেকোনো সময় প্রয়োজনে আপনি এক বছরের জন্য এ দেশের বাইরে ভ্রমণে যেতে পারেন বিনা অনুমতিতে। মনে রাখবেন এক বছরের বেশি সময় অবস্থান করতে চাইলে অনুমতি নিতে হবে। উল্লেখ্য যে, রাজনৈতিক আশ্রয়ের কেসের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন সে কারণে জরুরি না হলে নিজ দেশে বেড়াতে যাওয়া থেকে বিরত থাকাই ভালো ।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

মূলধারার রাজনীতিতে

(শেষ পৃষ্ঠার পর)

ডেমোক্র্যাটিক পার্টির প্রতি বাংলাদেশী-আমেরিকান নতুন প্রজন্মের আগ্রহ ও এই দলের রাজনীতিতে অংশ গ্রহণ এবং নতুন নতুন বাংলাদেশী-আমেরিকানের আংশগ্রহনের উচ্ছ্বসিত প্রশংসা করেন। বক্তারা মূলধারার রাজনীতিতে আরো সক্রিয় হওয়ার জন্য বাংলাদেশীদের প্রতি আহ্বান জানান। তারা বাংলাদেশী-আমেরিকানদের কমিউনিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য বাংলাদেশী কমিউনিটিরও ভূয়সী প্রশংসা করেন।

অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে ছিলো শুভেচ্ছা বিনিময়, অ্যাওয়ার্ড বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ। ব্যতিক্রমী এই অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতায় ছিলো নিউ আমেরিকান ইয়ুথ ফোরাম অব নিউইয়র্ক ও নিউ আমেরিকান ওমেন্স ফোরাম অব নিউইয়র্ক। খবর ইউএনএ'র।

যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্যদিয়ে শুরু হওয়া অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নিউ আমেরিকান ওমেন্স ফোরামের সভাপতি অ্যাডভোকেট রুবাইয়া রহমান। এরপর নিউ আমেরিকান ওমেন্স ফোরামের নতুন অ্যাডভাইজরি কমিটিকে পরিচয় করিয়ে দেন সাবিনা হাই উর্বি এবং সংগঠনের কার্যনির্বাহী কমিটিকে পরিচয় করিয়ে দেন সালমা ফেরদৌস। এরপর অনুষ্ঠানে নিউ আমেরিকান ইয়ুথ ফোরানের কার্যনির্বাহী কমিটিকে পরিচয় করিয়ে দেন সংগঠনের সভাপতি আহনাফ আলম, নুসরাত আলম ও মুশরাত শাহীন অনুভা।

অনুষ্ঠানে নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মোরশেদ আলম সহ আমন্ত্রিত অতিথি হিসেবে শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্ক সিটির পাবলিক অ্যাডভোকেট জুমানি উইলিয়ামস, নিউইয়র্ক স্টেট সিনেটর জন সি ল্যু, ষ্টেট অ্যাসেম্বলি মেম্বার স্টিভেন রাগা ও জোহরান মামদানি, নিউইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার শেখর কৃষ্ণান, নানতাশা উইলিয়ামস ও লিন্ডা লি, ডিস্ট্রিক্ট লিডার মার্থা টেইলর, ফ্র্যাঙ্কলিন টাউনশিপ ডেপুটি মেয়র শিপা উদ্দিন, ডেমোক্রেটিক পার্টির কুইন্স ডিস্ট্রিক্ট লিডার অ্যাট লার্জ এটর্নি মঈন চৌধুরী, প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট নাসির আলী খান পল, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মেরাজ, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সাবেক সাধারণ সম্পাদক ফখরুল্ল আলম। অনুষ্ঠানে ইউএস সিনেট ও কংগ্রেসের একাধিক মেম্বাররা ভিডিও বার্তায় শুভেচ্ছা জানান। এসময় তাদের প্রতিনিধিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবীব, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি এবং কমিউনিটি বোর্ড মেম্বার ফখরুল ইসলাম দেলোয়ার, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী পরিতোষ পাল, বাংলাদেশী-আমেরিকান এডভোকেসী গ্রুপ-বাগ এর সভাপতি জয়নাল আবেদীন, ঢাকা জেলা এসোসিয়েশন, ইউএসএ'র সভাপতি দুলাল বেহেদু, নিউ আমেরিকান ওমেন্স ফোরামের এক্সিকিউটিভ অ্যাডভাইজার অধ্যাপিকা হুসনে আরা ও বীর মুক্তিযোদ্ধা মুজিবুর রহমান সহ কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আমীন মেহেদী, জে মোল্লা সানি, রাব্বি সৈয়দ, আনজাম সিদ্দিকী প্রমুখ।

কমিউনিটির বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসাবে অনুষ্ঠানে বেশকয়েকজনকে সম্মাননা প্রদান করা হয়। সম্মাননাপ্রাপ্তরা হলেন- 'ইয়ুথ ইনোভেশন অব দ্য ইয়ার' সাপ্তাহিক ঠিকানা'র ভাইস চেয়ারম্যান মুশরাত শাহীন অনুভা, 'ইয়ুথ এন্টারপ্রেনার অব দ্য ইয়ার' রিভারটেলের ফাউন্ডার ও সিইও রুহিন হোসেন, 'এডুকেটর অব দ্য ইয়ার' ড. কিম হিল এবং 'কমিউনিটি লিডার অব দ্য ইয়ার' প্রেস্টন বাকের।

এছাড়াও 'আউটস্ট্যান্ডিং লিডারশিপ অ্যাওয়ার্ড' লাভ করেছেন ষ্টেট অ্যাসেম্বলী মেম্বার স্টিভেন রাগা, 'ইয়ুথ এন্টারপ্রেনার অ্যান্ড ইমপ্যাক্ট অ্যাওয়ার্ড' পেয়েছেন তাজিন খান এবং 'আউটস্ট্যান্ডিং ফিজিশিয়ান অ্যাওয়ার্ড' লাভ করেন ডা. ইলোরা রফিক।

সহজে মিলছে না

(১ম পৃষ্ঠার পর)

ফাউন্ডেশন সংশ্লিষ্টরা বলছেন, বহু ধাপে যাচাই এবং দক্ষ ও পর্যাপ্ত জনবলের অভাবে প্রয়োজনীয় সেবা দেয়া যাচ্ছে না। এজন্য সেবাপ্রত্যাশীদের ভোগান্তি পোহাতে হচ্ছে। ধাপে ধাপে যাচাই প্রক্রিয়া থাকায় অনেকে দিনের পর দিন ঘুরছেন ফাউন্ডেশনের কার্যালয়ে। সরজমিন ঘুরে দেখা যায়, শহীদ পরিবারের সদস্যরাও আসছেন সরকার ঘোষিত অনুদান গ্রহণ করতে। আহতদের কেউ কেউ আসছেন তালিকায় নাম অন্তর্ভুক্তি করতে। আহত হিসেবে নাম অন্তর্ভুক্ত করতে তাদের বেশ কিছু ধাপ অনুসরণ করতে হচ্ছে। দিতে হচ্ছে নানা তথ্য। এসব তথ্য দিতে গিয়ে অনেকে ভোগান্তিতে পড়ছেন।

শাহবাগে ফাউন্ডেশনের কার্যালয়ে গিয়ে দেখা যায়, শহীদ পরিবার ও আহতদের সমস্যা সমাধানে ব্যস্ত সময় পার করছেন ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ। পাশেই দায়িত্ব পালন করছেন ভেরিফিকেশন অফিসার মো. প্রিন্স, মিডিয়া অ্যান্ড পিআরও কর্মকর্তা মো. জাহিদ হোসেন। খিলগাঁওয়ের ইনডোর গেমস ব্যবসায়ী মো. মাসুম এসেছিলেন আন্দোলনে আহত আলী নামের ১৩ বছরের এক পথশিশুর অর্থসহায়তা পাওয়ার ক্ষেত্রে কি কি কাগজপত্র লাগবে তা জানতে। এ প্রতিবেদককে তিনি বলেন, ১৭ই জুলাই আন্দোলনের সময় একটি দোকান থেকে পানি নিয়ে আন্দোলনকারীদের দিচ্ছিল আলী। একপর্যায়ে পুলিশের সামনে পড়ে যায়। তখন পুলিশ তার পা লক্ষ্য করে গুলি করে। আশপাশের লোকজন তাকে নিয়ে যায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে। এখন আলীর নামে বরাদ্দকৃত টাকা দিয়ে একটি স্বল্প পুঁজির ব্যবসার ব্যবস্থা করে দিতে চান মাসুম। এজন্য তিনি ফাউন্ডেশনের অফিসে এসেছেন আলীর নাম আহতদের তালিকায় অন্তর্ভুক্তির জন্য।

গত ১৮ই জুলাই রামপুরা টিভি সেন্টারের সামনে গুলিবিদ্ধ হন সুমন হাওলাদার। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট 'ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)' এ প্রায় ২ মাস আগেই তার সকল তথ্য ভেরিফাইড হয়। কিন্তু এখনো টাকা না পাওয়ায় কয়েকদিন ধরে ফাউন্ডেশনের অফিসে ঘুরছেন। সুমনকে টাকা পাওয়ার আশ্বাস দিলেও কবে নাগাদ পাবে সে ব্যাপারে নিশ্চিত করে বলতে পারছে না ফাউন্ডেশন অফিস।

আন্দোলনে আহত মাঈদুলের মা সালমা আক্তার এসেছেন আহতদের তালিকায় তার ছেলের নাম অন্তর্ভুক্তি করতে। প্রায় দুই মাস আগে সকল তথ্য দেয়া হলেও এখন শুনেন ছেলের ফাইল পাওয়া যাচ্ছে না। তিনি অপেক্ষায় আছেন ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মীর মাহবুবুর রহমান স্নিগ্ধর সঙ্গে দেখা করে তার অভিযোগ জানাতে।

গাইবান্ধা থেকে আসা আহত শাহাদুল হক জানেন না কীভাবে ভেরিফিকেশনের জন্য আবেদন করবেন। জুলাই ফাউন্ডেশন থেকে তার ফাইল ওপেন হলেও ভেরিফিকেশনের জন্য আজিমপুর কেন যেতে হবে সে প্রশ্নের উত্তর জানতে এসেছেন তিনি। আরেকজন সজীব ফারাজী ৪ঠা আগস্ট নারায়ণগঞ্জ বেকারীর মোড় এলাকায় গুলিবিদ্ধ হন। ফাউন্ডেশনের অফিসে অনেক আগে সকল তথ্য দিয়ে গেলেও তার নামে কোনো ফাইল এখনো খোলা হয়নি। এ ব্যাপারে জানতে অফিসে এসেছেন তিনি।

মিরপুরের গাড়িচালক আপন এবং রুবেল। তারা এসেছেন এসএমএসে একবার তাদের নাম অন্তর্ভুক্ত হওয়ার তথ্য জানানোর পরেও পুনরায় তার ফাইল নাম্বার এবং ভোটার আইডি দিয়ে ভেরিফিকেশনের জন্য এসএমএস দেয়া হচ্ছে কেন তা জানতে। একবার তাদের নাম উঠছে, কিন্তু পুনরায় ভেরিফিকেশনের জন্য ভোটার আইডিসহ আপলোড দিতে তাতে কোনো সমস্যা হবে কিনা তা জানতে চাইছেন তারা। আন্দোলনে শহীদ সুমন শিকদারের বাবা বরিশালের বাকেরগঞ্জ থেকে এসেছেন। নিহতের স্ত্রীর নামের গড়মিল থাকায় তিনি এসেছেন করণীয় সম্পর্কে জানতে। স্ত্রীর নামের প্রত্যয়নপত্র নিয়ে উপস্থিত কর্মকর্তা অনলাইনে পাঠানোর পরামর্শ দেন।

১৯শে জুলাই, যাত্রাবাড়ীতে পুলিশের গুলিতে আহত হওয়া মুজাহিদুল ইসলাম বলেন, আমি 'জুলাই স্মৃতি ফাউন্ডেশনের' প্রধান নির্বাহী সিদ্ধ ভাইয়ের সঙ্গে যাত্রাবাড়ীতে একটি প্রোগ্রামে দেখা করে আমার আহত হওয়ার সব তথ্য দেই। কিন্তু পরে গিয়ে দেখি তাদের ওয়েবসাইটে আহতদের তালিকায় আমার নাম নেই। তাই আমি কিছুদিন পূর্বে আবার 'জুলাই স্মৃতি ফাউন্ডেশনের' অফিসে গিয়ে সব তথ্য দিয়ে আসি। তখন কয়েকবার আমাকে ফোন দিয়ে ভেরিফিকেশনের জন্য বিভিন্ন তথ্য নেয় তারা। কিন্তু এখনো কোনো খবর নেই। চিকিৎসা করাতে অনেক টাকা ব্যয় হচ্ছে জানিয়ে তিনি বলেন, এখন জুলাই ফাউন্ডেশনের ১৬০০০ নাম্বারে ফোন দিলে তারা ফোন-ই ধরে না। আমি অসুস্থ মানুষ। আমার পক্ষে প্রতিদিন জুলাই ফাউন্ডেশনে গিয়ে খোঁজখবর নেয়া সম্ভব নয়, তাই এখন আর ফাউন্ডেশনের অফিসে যাই না।

রাজধানীর মোহাম্মদপুরে পুলিশি নির্যাতনে আহত মো. মোর্শেদ আলম বলেন, আমি আন্দোলন করেছি মোহাম্মদপুর আল্লাহ করিম মসজিদের সামনে। ঢাকা সিএমএইচ হাসপাতালে ১৫ দিন ভর্তি থেকে দুটি অপারেশন করিয়েছি। আমার স্থায়ী ঠিকানা রংপুর হওয়ায় অসুস্থ শরীর নিয়ে সেখানে গিয়ে ভেরিফিকেশন করতে হয়েছে। এটি অনেক ভোগান্তির বিষয়। তিনি বলেন, আন্দোলনের সময়ে ডেভেলপার কোম্পানিতে চাকরিরত থাকলেও আহত হওয়ার পর থেকে বেকার। ৪ মাস হলো বাড়িভাড়া দিতে পারছি না। দুইবেলা ডাল-ভাত জোটাও অনেক কষ্ট হয়ে দাঁড়িয়েছে।

তিনি বলেন, গত ২২শে অক্টোবর জুলাই স্মৃতি ফাউন্ডেশনে নিজে ফরম জমা দিয়েছি। এখনো কোনো সাহায্য পাইনি। এখন পর্যন্ত অনেকবার ১৬০০০ নম্বরে ফোন দিয়েছি তারাও কোনো আপডেট দিচ্ছে না। আমার শারীরিক কন্ডিশন এতটাই খারাপ যে আমার পক্ষে বার বার ফাউন্ডেশনে যাওয়া সম্ভব না। আমার এ মুহূর্তে উন্নতি চিকিৎসার প্রয়োজন।

মোহাম্মদপুরের আরেক বাসিন্দা জিহাদুল ইসলাম বলেন, আন্দোলনে দুই হাঁটুর লিগামেন্ট ছিঁড়ে গেছে। প্রাইভেট হাসপাতালে চিকিৎসা করাতে প্রায় সাড়ে ৭ লাখ টাকা প্রয়োজন। কিন্তু এখন পর্যন্ত কোনো সহায়তা পাইনি। জিহাদুল মোহাম্মদপুর ও আশপাশের এলাকায় যারা শহীদ হয়েছেন তাদের স্বজন এবং আহতদের নিয়ে একটি সংগঠন গঠনের কাজ করছেন। কিন্তু এসব সংগঠন যেন না করা হয় সেজন্য একটি গ্রুপ তার ওপর চাপ প্রয়োগ করছে বলে অভিযোগ করেন তিনি।

ছাত্র আন্দোলনে আহত নিরাপত্তা প্রহরীর কাজ করা সুমন বলেন, আন্দোলনে হাঁটুর গোড়ালিতে গুলি লাগে। প্রায় ৫ মাস অতিবাহিত হলেও এখন পর্যন্ত কোনো সহায়তা পাইনি। আহত হওয়ার পর চাকরিটা চলে যায়। ৩ মাসের বাসাভাড়া বাকি। দুই মাস আগে জুলাই ফাউন্ডেশনে প্রয়োজনীয় সব তথ্য দিয়ে আসলেও এখনো পর্যন্ত কোনো সহায়তা পাননি বলে দাবি তার।

নুরেন্নাহার চিনু নামে মধ্যবয়সী এক নারী বলেন, আমার ছেলে আন্দোলনে যাত্রাবাড়ীতে গুলিবিদ্ধ হয়ে মারা যায়। বার বার আশ্বাস পেলেও জুলাই ফাউন্ডেশন থেকে এখনো পর্যন্ত কোনো সহায়তা পাইনি। অভিযোগের বিষয়ে 'জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের' মিডিয়া অ্যান্ড পিআরও কর্মকর্তা মো. জাহিদ হোসেন মানবজমিনকে বলেন, স্বাস্থ্য অধিদপ্তর 'এমআইএস' ওয়েবসাটের মাধ্যমে আহতদের যে তালিকা করেছে সেটি ডিসি অফিস থেকে ভেরিফিকেশন করা হয়। কিন্তু ডিসি অফিসে ফ্যাসিস্টদের অনুসারী অনেক কর্মকর্তা সেটির মিসইউজ করছে। তাই আমরা এমআইএস ওয়েবসাইটকে প্রাইমারি সোর্স ধরে নিজেরা আবার ভেরিফিকেশন করে থাকি। মূলত ডাবল ভেরিফিকেশনের কারণে অনেকের ক্ষেত্রে সময় লাগছে। তিনি বলেন, শিগগিরই জুলাই ফাউন্ডেশনের সকল কার্যক্রম মোবাইল অ্যাপের মাধ্যমে সম্পন্ন করা হবে। আশা করছি তখন ভোগান্তি কমে আসবে।

অদক্ষ জনবলের বিষয়ে তিনি বলেন, আমরা সমাজকল্যাণ মন্ত্রণালয়সহ বিভিন্ন সরকারি সংস্থা থেকে লোকবল নিয়ে থাকি। বর্তমানে ৩০ জনের মতো লোক সেবা দিয়ে যাচ্ছে। এত অল্পসংখ্যক জনবল দিয়ে এ কাজ সম্পন্ন করা কঠিন। তবে জনবল বাড়ানো ও দক্ষতা বাড়ানো নিয়ে কাজ করছি।

বাংলা পত্রিকা ও টাইম টিভি'র

(১ম পৃষ্ঠার পর)

টেলিভিশন ১০ বছর পেরিয়ে ১১ বর্ষে পদার্পণ করে। মিডিয়া দু'টির বর্ষপূর্তী অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। অনুষ্ঠান ঘিরে কমিউনিটির ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে।

বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশনের বর্ষপূর্তীর এবারের অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'জেনারেশন জি দি গেম চেঞ্জার'। দু'দিন ব্যাপী এই অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে থাকবে বিজনেস শো এন্ড সেমিনার, আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশ ভোজ। বিজনেস শো-তে বিভিন্ন প্রতিষ্ঠানের স্টল ছাড়াও থাকবে বিশেষ আলোচনা। সাংস্কৃতিক পর্বে বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীত শিল্পী সুলতানা ইয়াসমীন লায়লা ছাড়াও প্রবাসের জনপ্রিয় শিল্পী রানো নেওয়াজ সহ অন্যান্য শিল্পীরা সঙ্গীত পরিবেশন করবেন।

বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশনের বর্ষপূর্তীর মূল অনুষ্ঠানে কী নোট স্পীকার থাকবেন প্যারামাউন্ট গ্লোবাল-এর সিনিয়র ডিরেক্টর (ইন্টারন্যাশনাল মার্কেটিং) কারিশমা রহমান আজমত। তরুণ-তরুনীদের মধ্যে স্পীকার থাকবেন বেঙ্গলী এসোসিয়েশন অব স্টুডেন্ট এট হার্ডভার্ড কলেজের প্রেসিডেন্ট নামিরা মেহেদী, নাবিল এইচ মুহিব। আরো বক্তব্য রাখবেন কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিয়া কর্টেজ-এর ডেপুটি চীফ অব স্টাফ নূরীন আকতার, ভার্জিনিয়া ষ্টেট সিনেটর (৩৭ ডিষ্ট্রিক্ট) সাদমান আজলান সেলি, ডেমোক্র্যাটিক লীডার ও মিশিগানের হ্যামট্রাক সিটির সাবেক কাউন্সিল সদস্য কাজী মিয়া প্রমুখ। এছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভেচ্ছা বক্তব্য রাখবেন।

গদীতে বসলেই

(শেষ পৃষ্ঠার পর)

তো শেখ হাসিনা করতো। উনারা কি শেখ হাসিনা! অভ্যুত্থানের সরকার বলেই কি জনগন তাদেরকে যা কিছু করার লাইসেন্স দিয়েছে! এসেছে দুইদিনের জন্য। ছাত্ররা ডেকে এনে বসিয়েছে। তা কি পাবলিকের ঘাড়ে ট্যাক্স-ভ্যাটের বোঝা চাপানোর জন্য!

ফো নের টাকায় থাবা বসা নোর জন ্য! বাজারে জিনিষের দাম বাড়ানোর জন্য। পারলে কমিয়ে স্বস্তি দেন। মানুষ বাহবা দেবে। ভাবটা এমন যেন কত দায়িত্ব ঘাড়ে! এত দায়িত্ব তো ভাইসাবেরা আমরা আপনাদেরকে দেই নাই! শেখ হাসিনা দিতো উন্নয়নের ধুয়া, এনাদের মুখে ফোটে তথাকথিত সংস্কারের খৈ!

প্রফেসর ইউনুস একজন ভাল মানুষ। তবে এই বয়সে মানুষের তালতবা একটু কম থাকে। এর মধ্যেই কথা উঠেছে ক্ষমতা হাতে পাওয়ামাত্র নিজের প্রতিষ্ঠানের ট্যাক্স মওকুফ করিয়ে নিয়েছেন। গ্রামীন ব্যাংকের সরকারি মালিকানা কমিয়ে দিয়েছেন। মানুষের ঘাড় মটকে গলায় গামছা দিয়ে কিস্তির টাকা আদায়ের অভিযোগ তার বিরুদ্ধে বেশ পুরনো। এখন কারা তার ঘাড়ে বন্দুক রেখে জনগনের পকেট কাটার ফন্দি করেছে সেটা কি তিনি বুঝতে পারছেন! ছাত্ররা কোথায়! তাদের কোন রা আওয়াজ শুনি না কেন! সরকার এই যে ১০০ আইটেমের ওপর ট্যাক্স-ভ্যাট বাড়িয়ে মানুষের গলাকাটার ব্যবস্থা করছে এটা কি জুলাই-আগষ্ট বিপ বের চেতনার সা থে যায়! শত শত ছেলে প্রাণ দিয়েছে এই জন্য!

প্রশাসনে এখনও স্বৈরাচারের প্রেতাত্মারা দাপিয়ে বেড়াচ্ছে। উপদেষ্টা পরিষদের কোন কোন সদস্য একেবারেই নাদান বেকুব বা বলদা টাইপের। কিছু আছে ধড়িবাজ। বিশেষজ্ঞ বা আঁতেলরা আমলাদের কথায় নাচতে চলেছেন কেন! তাদের কি এতটুকু বোধ নেই ঘাপটি মেরে থাকা স্বৈরাচারের দোসররা সরকারকে অজনপ্রিয় করতে সরকারের বিরুদ্ধে মানুষকে ক্ষেপাতে একের পর এক গুটি চেলে চলেছে!

আপনারা কোন রেগুলার সরকার না। এসেছেন কিছু দৈনন্দিন কাজের জন্য। খাজনা ট্যাক্স বাড়ানো জিনিষের মূল্য বৃদ্ধি করা দৈনন্দিন কাজের মধ্যে পরে না। বছর শেষ হওয়ার আগেই একটা নির্বাচন দিয়ে মানে মানে কেটে পড়ুন। আপনাদেরও মান বাঁচবে, জনগনেরও জান বাঁচবে। আমরা শুনতে চাইনা- শেখ হাসিনা আর ইউনুসের মধ্যে তাহলে পার্থক্য কি!

বন্ধ করুন এই ফাজলামতো!



ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq

এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338

Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com

421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বহাল থাকছে

(শেষ পৃষ্ঠার পর)

করা হয়। সিটি ইমিগ্রেশন বিষয়ক কর্মকর্তাদের কাছে ইমিগ্রেশন এনফোর্সমেন্টের বিষয়ে প্রস্তুতি কেমন তা জানতে চান কাউন্সিল স্পিকার এড্রিয়েন এডামস ।

ইমিগ্রেশন এফেয়ার্সের কমিশনার ম্যানুয়েল ক্যাস্ট্রো শুনানিতে বলেন, যেহেতু আমরা ফেডারেল সরকারের এ্যাকশনকে নিয়ন্ত্রণ বা প্রতিরোধ করতে পারব না, আমরা তাই এই ঝুঁকিপূর্ণ অভিবাসীদের তাদের অধিকার বিষয়ে সচেতন করে তুলছি।

ক্যাস্ট্রো বলেন, মেয়র এডামস ইতিমধ্যেই 'পাবলিক সেফটি' বিষয়ক কর্মসূচী গ্রহণ করেছেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বর্তমান স্যাংচুয়ারি আইন মেনে চলার নির্দেশ দিয়েছেন।

এদিকে ৩০ ডিসেম্বর মেয়র সিটির বিভিন্ন এজেন্সিকে পাঠানো এক ইমেইলে ইমিগ্রান্টদের রক্ষার কথা পুনর্ব্যক্ত করে বলেছেন, আমাদের স্টাফ ও সবাইকে মনে করিয়ে দিতে চাই সিটির স্যাংচুয়ারি আইন ও প্রাসঙ্গিক নির্বাহী আদেশ মেনে চলতে হবে।

যদিও ৫ নভেম্বরের পর একাধিক সংবাদ সম্মেলনে মেয়র এরিক এডামস বলেছেন তিনি আসন্ন ট্রাম্প প্রশাসনের সাথে কাজ করবেন। ১২ ডিসেম্বর একটি সংবাদ সম্মেলনে সিটির স্যাংচুয়ারি আইনে শিথিলতা আনতে তিনি নির্বাহী আদেশে স্বাক্ষরের পরিকল্পনার কথা বলেছিলেন। মেয়র আরো বলেছিলেন, শহরে অপরাধীদের স্বর্গরাজ্য হতে দিবেন না। অপরাধীদের বিতাড়নে তাঁর প্রশাসন আইস ও হোমল্যান্ড সিকিউরিটিকে সহযোগিতা করবে।

বৃহস্পতিবার সিটি কাউন্সিলে শুনানির আগে সিটি হলের সামনে ২০০এরও বেশি ইমিগ্রান্ট এডভোকেটস এবং সিটি কাউন্সিল সদস্য এক প্রতিবাদ সমাবেশে ইমিগ্রান্টদের পাশে দাঁড়ানোর জন্য মেয়রের প্রতি আহবান জানান। ইমিগ্রান্ট এফেয়ার্স ডিপার্টমেন্ট গত বছরের জুন মাস থেকেই বিভিন্ন শেল্টারে, স্কুলে এবং ধর্মীয় প্রতিষ্ঠানে 'নো ইয়োর রাইটস' বিষয়ক সেশনের আয়োজন করেছে। সর্বশেষ বৃহস্পতিবার সিটি কাউন্সিল স্পিকার এডমস ইমিগ্রান্ট কমিউনিটিকে সুরক্ষার জন্য কাউন্সিলে ওভারসাইট হেয়ারিং এর আয়োজন করলেন।

এক স্লিপ

(শেষ পৃষ্ঠার পর)

সংবিধান বলা হচ্ছে। যা খুব সচেতনভাবেই ভুল করা হচ্ছে বলেই আমার অভিমত। বিষয়টি সংশ্লিস্ট সকলে ভেবে দেখবেন কি?

১৯ জানুয়ারী ২০২৫

২১ বছর পর দেশে ফিরে ফুলেল শুভেচ্ছায় অভিষিক্ত জিল্লুর রহমান

মির্জা ফখরুলের সাথে সাক্ষাৎ

নিউইয়র্ক: দীর্ঘ ২১ বছর পর বাংলাদেশে ফিরে ফুলেল শুভেচ্ছায় অভিষিক্ত হলেন কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু। ফ্যাসিবাদী আওয়ামী লীগ সরকারের সময়কালে রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়ে তিনি দেশে যেতে পারেননি বলে তার ঘনিষ্টরা জানান।ঢাকায় পৌছে জিল্লু বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সাথে সাক্ষাৎ করেন এবং সিলেটে বিপুলভাবে সংবর্ধিত হন।

জিল্লুর রহমান জিল্লু সপরিবারে গত ১২ জানুয়ারী রোববার কাতার এয়ারওয়েজের একটি ফ্লাইটে নিউইয়র্ক ত্যাগ করেন। এদিন সকালে জেএফকে আন্তর্জাতিক বিমানবন্দরে যুক্তরাষ্ট্র বিএনপি ও যুবদলের নেতারা তাকে বিদায় জানান। বিমানবন্দরে তকে বিদায় জানাতে তার পুত্র কৌশিক ও তার বন্ধু মামুন ছাড়াও যুক্তরাষ্ট্র বিএনপি নেতা এবাদ চৌধুরী, কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আবু সাঈদ আহমদ, বিএনপি নেতা মোহাম্মদ জাহাঙ্গীর, মোহাম্মদ রিপন প্রমুখ উপস্থিত ছিলেন।

ঢাকা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে, জিল্লুর রহমান জিল্লু ১২ জানুয়ারী রোববার সন্ধ্যায় ঢাকাস্থ শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌছলে সেখানে দলীয় নেতা-কর্মীরা ফুলেল শুভেচ্ছা জানান। এসময় বিমানবন্দরে তাকে স্বাগত জানান সিলেটের সাবেক মেয়র ও বিএনপি চেয়ারপার্সনের অন্যতম উপদেষ্টা আরিফুল হক চৌধুরী, বিএনপি নেতা লালবাগের সাবেক কমিশনার আলহাজ্ব মোশারফ হোসেন খোকন, যুবদল নেতা মাসুদ আহমেদ মিলন, মোহাম্মদ কামাল উদ্দিন, স্বেচ্ছাসেবক দল নেতা আসাদ মুরাদ তালুকদার, ছাত্রদল নেতা হাবীব ও আনোয়ার সহ যুবদল, স্বেচ্ছাসেবক দল, শ্রমিকদলের বিপুল সংখ্যক নেতা-কর্মী। এসময় তারা ফুলেল শুভেচ্ছায় বিমানবন্দরে তাকে বরণ করেন।

বিমানবন্দরে অন ্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাধারণ সম্পাদক রাজীবুল ইসলাম তালুকদার বিন্দু, ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সদ্য সাবেক সহ সাধারণ সম্পাদক খন্দকার সোলায়মান কবির আরিফ, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আসাদ মুরাদ তালুকদার, কেন্দ্রীয় ছাত্রদল নেতা রবিউল ইসলাম রবি, বেসরকারি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সহ সভাপতি নাজমুল হাসান লাভলু, বেসরকারি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, কাজী নওসীন পাশা দিপু, সাকিল রিয়াজ, সহ সাধারণ সম্পাদক মনসুর আলম, প্রচার সম্পাদক জুনাইদ সিদ্দিক আবুবকর, সহ দফতর সম্পাদক (যুগ্ম সাধারণ সম্পাদক পদমর্যাদা) আনোয়ার হোসেন, ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য সচিব তাজরিয়ান শহীদ তোহা, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক সালমান ফারসী, স্কলার্স বিশ্ববিদ্যালয় ছাত্রনেতা জুয়েল রানা, প্রাইম বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক হাবিবুর রহমান সজীব, সদস্য সচিব রায়হান মিয়া, প্রথম যুগ্ম আহ্বায়ক মেহেদী হাসান রনি, গ্রীন ইউনিভার্সিটি ছাত্রদলের যুগ্ম আহবায়ক কাজী মাজিদুল ইসলাম, সাউথইস্ট বিশ্ববিদ্যালয় ছাত্রনেতা সাখাওয়াত হাসান রিয়াজ, রাফিন খান,সাকিল আহমেদ, অতীশ দীপঙ্কর বিশ্ববিদ্যালয় ছাত্রনেতা রেজাউল ইসলাম রেজা,নর্দান বিশ্ববিদ্যালয় ছাত্রদল নেতা রিজন আহমেদ, মিরাজ ইসলাম, তাওহীদ রিয়াদ, রাকিবুল ইসলাম, কানাডিয়ান বিশ্ববিদ্যালয় ছাত্রনেতা ইজাজুল ইসলাম ইম,আসেফ রহমান, বিমানবন্দর এভিয়েশন নেতা মানিক, সিরাজ, এহসান, আব্দুর রব, চুন্নু প্রমুখ।











মহাসচিবের সাথে সাক্ষাৎ

এদিকে ঢাকায় পৌছার পরদিন ১৩ জানুয়ারী সোমবার জিল্লুর রহমান জিল্লু বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সাথে তার বাসভবনে সৌজন্য সাক্ষাত করেন। এসময় মহাসচিব বিগত ১৬/১৭ বছরের কঠিন আন্দোলনে ফ্যাসিবাদী শেখ হাসিনা সরকার বিরোধী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য তাকে এবং তার মাধ্যমে যুক্তরাষ্ট্রের সকল দলীয় নেতাকর্মী সহ প্রবাসী বাংলাদেশীদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

সিলেটে ব্যাপক ফুলেল শুভেচ্ছা


সিলেটের বিয়ানিবাজার গোলাপগঞ্জের কৃতি সন্তান জিল্লুর রহমান জিল্লু ঢাকায় দু'দিন অবস্থান করে ১৫ জানুয়ারী বুধবার দুপুর সিলেট পৌছেন। সেখানে সিলেট ওসমানী বিমানবন্দরে দলীয় নেতা-কর্মীরা তাকে বিপুলভাবে ফুলেল শুভেচ্ছায় অভিনন্দিত করেন।

জিল্লুর রহমান জানান, ওসমানী বিমানবন্দরে প্রথমেই তাকে স্বাগত জানান সিলেটের 'নন্দিত সাবেক মেয়র' ও বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আরিফুল হক চৌধুরী, সিলেট জেলা বিএনপির সভাপতি কাইউম চৌধুরী, জেলা বিএনপি'র সাবেক সভাপতি ও কেন্দ্রীয় বিএনপির সদস্য আবুল কাহের শামীম, জেলা বিএনপির সাধারণ সম্পাদক এমরান আহমেদ চৌধুরী, সিলেট মহানগর বিএনপি'র সাধারণ সম্পাদক এমদাদ আহমেদ চৌধুরী এবং সাবেক সভাপতি নাসিম আহমদ সহ বিএনপি, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবক দল, শ্রমিক দল, বিয়ানীবাজার বিএনপি, ৩৮ নং ওয়ার্ড এবং বালাগঞ্জের দলীয় নেতাকর্মীরা।

এদিকে জিল্লুর রহমান জিল্লু বার্ত সংস্থা ইউএনএ'র সাথে আলাপকালে দীর্ঘ ২১ বছর পর মাতৃভূমি বাংলাদেশে ফেরার পর দলীয় নেতা-কর্মীরা তাকে বিপুলভাবে সম্বর্ধিত করায় তিনি সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।







Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

অন্তর্বর্তী সরকার ও

(৭ম পৃষ্ঠার পর)

ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। ১৯৭৯-৮০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনে সদস্য নির্বাচিত হন। এর পরের বছর অর্থাৎ ১৯৮০-৮১ সালে ডাকসুর সাহিত্য সম্পাদক পদে জাসদ ছাত্রলীগ থেকে বিজয়ী হন। যদিও পরে জাসদের রাজনীতি থেকে দূরে সরে যান তিনি।

এ বিষয়ে জানতে যোগাযোগ করা হলে ব্যক্তিগত ব্যস্ততার কারণে তিনি তাৎক্ষণিকভাবে কথা বলতে অপারগতা প্রকাশ করেন।

গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে শেখ হাসিনা সরকারের পতনের পর বেশ কয়েকটি সংস্কার কমিশন গঠন করে অন্তর্বর্তী সরকার। সংবিধান, নির্বাচন, দুদক ও পুলিশ৬এ চারটি সংস্কার কমিশন এরই মধ্যে তাদের প্রতিবেদন জমা দিয়েছে।

ড. আলী রীয়াজের নেতৃত্বে সংবিধান সংস্কার কমিশন শাসন ব্যবস্থায় বড় রকমের পরিবর্তনের প্রস্তাব দিয়েছে। কমিশনের প্রতিবেদনে বাংলাদেশের আইনসভাকে এক কক্ষের পরিবর্তে দ্বিকক্ষবিশিষ্ট করার প্রস্তাব দেয়া হয়েছে। এর মধ্যে জাতীয় সংসদ (ন্যাশনাল অ্যাসেম্বলি) হবে নিম্নকক্ষ। আরেকটি হবে উচ্চকক্ষ বা সিনেট। উভয় কক্ষের মেয়াদ হবে চার বছর। আর ২১ বছর বয়সে সংসদ নির্বাচনে প্রার্থিতার সুযোগ রাখার কথা বলা হয়েছে প্রস্তাবে। দেশের বিদ্যমান সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূল স্তম্ভ হিসেবে চার মূলনীতি অনুসরণের কথা বলা হয়েছে। এগুলো হলো জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। এর মধ্যে শুধু 'গণতন্ত্র' বহাল রেখে বাকিগুলো বাদ দেয়ার সুপারিশ করেছে সংবিধান সংস্কার কমিশন। এর পরিবর্তে নতুন চারটি মূলনীতি যুক্ত করার প্রস্তাব দিয়ে সুপারিশে বলা হয়েছে, সংস্কারকৃত সংবিধানের মূলনীতি হবে পাঁচটি। এগুলো হলো সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ ও গণতন্ত্র।

১৯৭২ সালে জাসদ প্রতিষ্ঠা হয়। সে সময় দলটির উদ্দেশ্য হিসেবে বলা হয়েছিল শ্রেণী সংগ্রামকে ত্বরান্বিত করে সামাজিক বিপ্লবের মাধ্যমে বৈজ্ঞানিক সমাজতন্ত্র প্রতিষ্ঠা করার কথা। পরে ১৯৮০ সালে ১৮ দফা কর্মসূচি প্রণয়ন করে জাসদ। সে কর্মসূচিতে বিস্তারিতভাবে রাষ্ট্র সংস্কারের বেশকিছু দাবি তোলা হয়। পরে জাসদের প্রতিষ্ঠাতা সিরাজুল আলম খান সম্প্রসারিত গণতন্ত্র বা অংশীদারত্বের গণতন্ত্রের ধারণাটি নিয়ে আসেন। যেখানে দ্বিকক্ষবিশিষ্ট আইনসভাসহ আরো বেশকিছু গুরুত্বপূর্ণ রাষ্ট্র সংস্কারের কথা বলে জাসদ। ফেডারেল পদ্ধতির সরকার ব্যবস্থা, স্থানীয় শাসন ব্যবস্থাকে স্থানীয় সরকারে রূপান্তর করা, বিচার ব্যবস্থার বিকেন্দ্রীকরণ, হাইকোর্টকে প্রাদেশিক পর্যায়ে পৌঁছানো, নিম্ন আদালতকে সুপ্রিম কোর্টের অধীনে নিয়ে আসা, অর্থনৈতিক ব্যবস্থা সংস্কারের জন্য উপ-আঞ্চলিক অর্থনৈতিক জোট গঠন এবং জাতীয় নিরাপত্তা কাউন্সিল গঠন করার কথাও সে সময় উল্লেখ করা হয়।

জাসদের সংস্কার প্রসঙ্গে জাতীয় সমাজতান্ত্রিক দলের (রব) সাধারণ সম্পাদক শহীদ উদ্দিন মাহমুদ স্বপন বলেন, 'রাষ্ট্র কাঠামো তৈরির জন্য যে সংবিধান দরকার ছিল তা ১৯৭২ সালে হয়নি। যার জন্য রাষ্ট্র ব্যবস্থার গণতান্ত্রিক রূপান্তর করার জন্য জাসদ অনেকগুলো কর্মসূচি গ্রহণ করেছে। স্বাধীনতার পর সর্বপ্রথম জাসদই রাষ্ট্র সংস্কারের চিন্তা করে। যেখানে এসব চিন্তা না করে অন্য রাজনৈতিক দলগুলো ক্ষমতা পালাবদলের রাজনীতিই করে গেছে। কিন্তু ক্ষমতা পরিবর্তনের সঙ্গে সঙ্গে ক্ষমতার রূপান্তরের জন্য যে রাষ্ট্র সংস্কার দরকার সেটিই আমরা করেছি। বিভিন্ন শ্রেণী-পেশার মানুষের ক্ষমতায়নের মধ্য দিয়ে সব অংশীজনের গণতন্ত্র প্রতিষ্ঠার কথা জাসদ বলেছে। এটিকে আমরা বলি অংশীদারত্বের গণতন্ত্র। অর্থাৎ শুধু রাজনৈতিক দলের শাসন কায়েমের পাশাপাশি সমাজ শক্তিগুলো অদলীয় ভিত্তিতে তাদেরও রাজনীতি ও ক্ষমতায় অংশীদারত্ব নিশ্চিত করা। আমরা মনে করি ভিত্তির কাজটি আমরা করেছি, যা আজকের রাজনীতিতে এজেন্ডা হয়ে উঠল। ধারণাগতভাবে আমাদের বিষয়গুলো সংস্কার কমিশনে এলেও পুরোপুরি আসেনি। আগামী দিনে এগুলো রাষ্ট্রীয় পর্যায়ে বাস্তবায়ন হবে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাকালে ১৯৮৯-১৯৯৪ সালে জাসদের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন বর্তমান অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামানও। ১৯৯৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটির সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করেছেন। পরে ১৯৯৪ সালে তিনি জাসদ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির প্রচার সম্পাদক হন। এরপর আর জাসদের রাজনীতির সঙ্গে ছিলেন না।

মো. আসাদুজ্জামান বলেন, 'যারা সংস্কারের প্রস্তাব এনেছেন, তাদের সঙ্গে আমার কথা হয়নি। সুতরাং এ বিষয়ে আমার কোনো মন্তব্য নেই।'

অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিশেষ সহকারী খোদা বকশ চৌধুরী ১৯৭২ থেকে ১৯৭৪ সালে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী থাকাকালে জাসদ ছাত্রলীগের মাঠের রাজনীতিতে সক্রিয় ছিলেন।

গুম-সংক্রান্ত তদন্ত কমিশনের সদস্য নূর খান লিটনও ছাত্রজীবনে ছিলেন জাসদ ছাত্রলীগের রাজনীতিতে জড়িত। তিনি বলেন, '১৯৭১ সালে একটি নির্দিষ্ট কাঠামো এবং প্রক্রিয়ার মধ্য দিয়ে একটি বিপ্লবী শক্তি গড়ে উঠেছিল। তারা ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে লড়াই করে গড়ে উঠেছিল। স্বাধীনতার পরপর বিপ্লবী শক্তি জাতীয় সরকার এবং রাষ্ট্র সংস্কারের মতো কতগুলো দফা নিয়ে খুব নিবিড়ভাবে কাজ করেছে। কিন্তু বঙ্গবন্ধু শেখ পর্যন্ত এটিকে গুরুত্ব দেননি। এর মধ্যে আওয়ামী লীগের নেতৃত্ব এটিকে ভয় হিসেবে দেখেছে। এরপর নানা ক্রিয়াকলাপের মধ্য দিয়ে জাসদের জন্ম হয়। সবসময়ই জনগণকে যুক্ত করে একটি অভীষ্ট লক্ষ্যে পৌঁছানোর জন্য জাসদ চেষ্টা করে। যার লক্ষ্য গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে বিপ্লবী শক্তির জাগরণের মাধ্যমে সামাজিক পরিবর্তন। মাঝপথে সামরিক শাসন এটিকে বাধাগ্রস্ত করে।'

সংস্কার কমিশনের প্রতিবেদন প্রসঙ্গে তিনি আরো বলেন, 'সংস্কার কমিশনের প্রতিবেদনের কিছু ক্ষেত্রে জাসদের আকাঙ্ক্ষাগুলোকে সুপারিশ আকারে আনা হয়েছে। কিন্তু এটির অবস্থা হলো কালের এক ফোড়ন, অকালের দশ ফোড়নের মতো অবস্থা। অর্থাৎ যখন যেটি করা দরকার সেটি করতে ব্যর্থ হলে ওই জায়গাটি দুর্বল হয়ে যায়। শুধু ঘোষণা থাকলে হবে না, জনমতও থাকতে হবে।'

ছাত্রজীবনের রাজনীতি এখনো প্রভাব ফেলছে কিনা সে প্রসঙ্গে তিনি বলেন, 'ওই সময়ের চিন্তা-চেতনা, সাংগঠনিক সক্ষমতা, পরিবেশ-পরিস্থিতিউএসব অনুপস্থিত থাকায় তখনকার চিন্তা-চেতনার প্রতিফলনের সম্ভাবনা খুব কম। সামগ্রিক বিবেচনায় সেটির প্রতিফলনের সম্ভাবনা খুবই ক্ষীণ। আমাদের স্বপ্ন হয়তো ধূসর হয়ে পড়েছে কিন্তু স্বপ্ন দেখা কিন্তু বন্ধ হয়নি। আর সেই স্বপ্ন হলো সামাজিক বিপ্লবের মাধ্যমে সমাজ পরিবর্তনের আকাঙ্ক্ষা, যেটিকে আমরা মনে-প্রাণে চাই।'

মুক্তধারার চেয়ারম্যান

(শেষ পৃষ্ঠার পর)

মুক্তধারায় যারাই জড়িত তারা সকলেই মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী। সর্বসম্মতভাবে ৩৪তম আর্ন্তজাতিক বইমেলার আহবায়ক রোকেয়া হায়দার ও মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন ডা. জিয়াউদ্দিন আহমেদ। আমাদের বিশ্বাস, এই নেতৃত্ব এ বছরের বইমেলাকেও মহিমান্বিত ও প্রবাসীদের প্রানের মেলায় পরিণত করবে।

দীর্ঘদিন ধরে বইমেলা ও মুক্তধারা ফাউন্ডেশনের সাথে জড়িত সাংবাদিক হাসান ফেরদৌস বলেন, বইমেলা তার অতীত ধারাবাহিকতায় অনুষ্ঠিত হবে। আগামী ২৩-২৬ মে ৪ দিনব্যাপী বইমেলা অনুষ্ঠিত হবে।

নুরুজ্জামান শাহী আর নেই

(শেষ পৃষ্ঠার পর)

গেছেন। শনিবার বেলা ২টার দিকে জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয়। ১৯৮২ সাল থেকে তিনি যুক্তরাষ্ট্র প্রবাসী ছিলেন এবং নিউইয়র্কে বসবাস করতেন।


নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার প্রবাসী বাংলাদেশীদের মুখপাত্র

বাংলা পত্রিকা'র ২৮ বছর আর টাইম টেলিভিশনের

১০ বছরের পথ চলায় প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা

TiME television বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা'র সম্পাদক ও
টাইম টেলিভিশন-এর সিইও
জনাব আবু তাহেরের প্রতি
গভীর শ্রদ্ধা আর
প্রাণপ্রিয় ভালোবাসা



ডেভিড সরকার
প্রচারক



The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ২৯

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ১৮ : সোমবার, মাঘ ৬, ১৪৩১ / রজব ১৭, ১৪৪৬

Vol. 29 Issue 18, January 20, 2025 USA.

Free in NY, Other State $1.

'খসরু-সুয়েব' প্যানেল নির্বাচনমুখী, 'জালাল-রেনু' প্যানেলের বয়কট

বাংলা পত্রিকা রির্পোট: যুক্তরাষ্ট্র প্রবাসী মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলাবাসীদের সামাজিক সংগঠন কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ'র ভোটার তালিকায় রেজিস্ট্রেশন আনুষ্ঠানিকভাবে সম্পন্ন হয়েছে। রোববার

কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশনের ভোটার ১,০০৮ : লাইফ মেম্বার ৬২

(১২ জানুয়ারী) আনুষ্ঠানিকভাবে রেজিস্ট্রেশন

বাকি অংশ ০৩ পৃষ্ঠায়

বহাল থাকছে নিউইয়র্কের স্যাংচুয়ারি আইন

বাংলা পত্রিকা রিপোর্ট: নির্বাচিত প্রেসিডেন্ট শপথ গ্রহণের আগে গণ ডিপোর্টেশন বাস্তবায়নে নিউইয়র্কের স্যাংচুয়ারি (শরণার্থী/অভিবাসী সুরক্ষা) আইন শিথিল ও পরিবর্তন হতে পারে এমনটাই আশংকা ছিলো। তবে নিউইয়র্ক স্টেট ও সিটির স্যাংচুয়ারি (অভিবাসী সুরক্ষা) আইনটি বহাল থাকছে। এতে করে ইমিগ্রেশন এনফোর্সমেন্ট এজেন্টরা চাইলেও অভিবাসী সুরক্ষা আইন ভঙ্গ করে ওয়ারেন্ট ছাড়া স্কুল-হাসপাতালসহ বাসায় অভিযান চালাতে পারবেনা এবং কোন ব্যক্তিকে তার ইমিগ্রেশন স্ট্যাটাস জিজ্ঞাসা করতে পারবেনা। এছাড়া ওয়ারেন্ট কিংবা কোর্টের নির্দেশ ছাড়া অভিবাসন প্রত্যাশীদের কোন তথ্য দিতে পারবে না।

ডোনাল্ড ট্রাম্পের প্রথম টার্মে ২০১৭ সালে নিউইয়র্কের সাবেক গভর্ণর অ্যান্ড্রু কুওমো একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেন। যা ব্যয়বহুল সুরক্ষা নীতিগুলিকে অন্তর্ভুক্ত করে এবং রাষ্ট্রীয় কর্মকর্তা ও আইন প্রয়োগকারী এজেন্টদের কোনও ব্যক্তির অভিবাসন অবস্থা সম্পর্কে অনুসন্ধান করতে নিষেধ করে।

> "মেয়র এডামস ইতিমধ্যেই 'পাবলিক সেফটি' বিষয়ক কর্মসূচী গ্রহণ করেছেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বর্তমান স্যাংচুয়ারি আইন মেনে চলার নির্দেশ দিয়েছেন।

স্থানীয় সংশোধন ও আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাধারণত ইউএস ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট কর্মকর্তাদের সঙ্গে সহযোগিতা করতে নিষেধ করা হয়েছে। তবে কেবল যখন কোন ব্যক্তিরা প্রায় ১৭০টি প্রধান ও সহিংস অপরাধে দোষী সাব্যস্ত হয় তাদের গ্রেপ্তারে তথ্য দিয়ে সহযোগিতা করতে পারে। দুই বছর আগে একটি সিটি কাউন্সিলের শুনানির সময় প্রকাশিত ইমেইলগুলির তথ্যমতে সিটির কর্মকর্তারা ২০১৫ থেকে ২০১৯ সালের মধ্যে আইস এজেন্টদের সঙ্গে সমন্বয় করতে অতিরিক্ত কার্যক্রম করেছিলেন। নিউইয়র্ক স্টেটের এসেম্বলিতে পাশ হওয়া বিল এ ৫৬৮৬ ও স্টেট সিনেটে পাশ হওয়া বিল এস ৯৮৭ অনুযায়ী দ্য নিউইয়র্ক ফর অল এ্যাক্ট অনুসারে পুলিশ ও আইন প্রয়োগকারী কর্মকর্তা নিউইয়র্ক স্টেটের কোনো ব্যক্তিকে তার ইমিগ্রেশন স্ট্যাটাস কি তা জানার জন্য জিজ্ঞাসা করতে পারবে না।

বৃহস্পতিবার নিউইয়র্ক সিটি কাউন্সিলে এক শুনানির আয়োজন করা হয়। আসন্ন প্রশাসনের নানা কর্মসূচীকে মোকাবেলা করার জন্য সিটির প্রস্তুতি কেমন সেগুলো জানতে এ শুনানীর আয়োজন

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

সাঈদ তারেকের কলাম



যে যায় লংকায়!

গদীতে বসলেই সবাইকে শেখ হাসিনা হয়ে যেতে হবে!

উনাদেরকে এতসব ট্যাক্স ভ্যাট বাড়াতে কে বলেছে! জনগনের পকেট কেটে সরকারি কর্মচারিদের মহার্ঘ ভাতার টাকা যোগাড়ের অথরিটি তাদেরকে কে দিয়েছে! এসব আকাম

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

মুক্তধারার চেয়ারম্যান হলেন ডা. জিয়াউদ্দিন

নিউইয়র্ক: নিউইয়র্কের মুক্তধারা ফাউন্ডেশনে চেয়ারম্যান (২০২৫-২৬) নির্বাচিত হয়েছেন ডা. জিয়াউদ্দীন আহমেদ। এছাড়া নিউইয়র্কে ৩৪তম বইমেলার আহবায়ক নির্বাচিত হয়েছেন প্রখ্যাত সাংবাদিক রোকেয়া হায়দার।



এ ব্যাপারে জানতে চাইলে মুক্তধারা ফাউন্ডেশনের সদস্য সচিব ও সিইও বিশ্বজিৎ সাহা আজকালকে বলেন, ৩৪ বছর ধরে মুক্তিযুদ্ধের চেতনায় বইমেলা হয়ে আসছে।

বাকি অংশ ৩১ পৃষ্ঠায়

শাহ নেওয়াজ গ্রুপের উদ্যোগে দোয়া ও মিলাদ

নিউইয়র্ক: ইংরেজি নতুন বছর উপলক্ষে শাহ নেওয়াজ গ্রুপের উদ্যোগে জ্যাকসন হাইটস্থ গোল্ডেন এজ হোম কেয়ার অফিসে দোয়া ও মিলাদের আয়োজন করা হয়। সোমবার (১৩

বাকি অংশ ১৩পৃষ্ঠায়

দেশমুখী যুক্তরাষ্ট্র বিএনপি'র নেতারা : টার্গেট নির্বাচন!

বিক্ষুব্ধ স্থানীয় নেতারা: মনোনয়ন নিয়ে অন্দরমহলে চলছে টাকার খেলা

বিশেষ প্রতিনিধি: ছাত্র জনতার গণ অভ্যুত্থানে ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের পতন ও শেখ হাসিনার দেশ ত্যাগের পর নোবেল পুরষ্কার জয়ী ড. মুহাম্মদ ইউনূস নেতৃত্বাধীন বাংলাদেশের অন্তর্বর্তী সরকার সংস্কারের পাশাপাশি জাতীয় নির্বাচনের পথে। আগামী ২০২৬ সালের মধ্য সময়ে আগেই এই নির্বাচন অনুষ্ঠিত হবে বলে আশা করা হচ্ছে। দেশের এই নির্বাচনে যুক্তরাষ্ট্র প্রবাসী একাধিক বিএনপি নেতা মনোনয়ন প্রত্যাশী। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, যেহেতু দেশের অবস্থা এখন পরিবর্তন হয়েছে তাই দেশের আত্মীয়স্বজন দেখার লক্ষ্যে এবং সেইসঙ্গে সামনে নির্বাচন হওয়ার সম্ভাবনা, তাই 'মনোনয়ন' পাওয়ার আকাঙ্খা থেকেও যুক্তরাষ্ট্র বিএনপি'র নেতারা দেশমুখী হতে পারেন। কেউ যাচ্ছেন ২২ বছর পর, কেউ আবার ১৬ বছর, কেউবা ৭ বছর পর ...। ২০২৪ সালের ছাত্র-জনতার আন্দোলনের পর 'স্বাধীন বাংলাদেশে' যাত্রার হিড়িক পড়েছে যুক্তরাষ্ট্র বিএনপি নেতাদের মধ্যে। ফেসবুকে সবাইকে 'ফ্যাসিস্ট হাসিনা'র আমলে যেতে না পারা 'ত্যাগী-নির্যাতিত নেতা' হিসেবে অবহিত করা হচ্ছে তাদের একনিষ্ঠ কর্মীদের পক্ষ থেকে। যদিও শেখ হাসিনা গত ৫ আগস্ট পর্যন্ত ক্ষমতায় ছিলেন প্রায় ষোল বছর।

দীর্ঘদিন ধরেই অভিভাবকহীন যুক্তরাষ্ট্র বিএনপি। বর্তমানে অনেক সিনিয়র নেতার নেই কোনো সাংগঠনিক পদ, 'প্রাক্তন' পদবি

বাকি অংশ ২৬ পৃষ্ঠায়

নুরুজ্জামান শাহী আর নেই

নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটিতে সুপরিচিত ব্যক্তিত্ব, সত্তরের দশকের তুখোর ছাত্রনেতা এবং নিউইয়র্ক সিটি আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সুনামগঞ্জ উন্নয়ন সমিতির প্রধান উপদেষ্টা নুরুজ্জামান শাহী আর নেই। স্থানীয় সময় শুক্রবার দুপুর আড়াইটার দিকে তিনি লং আইল্যান্ডের গুড সামারিটান ইউনিভার্সিটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দূরারোগ্য ব্যাধী ক্যান্সারসহ নানা জটিল রোগে আক্রান্ত হয়ে ২ সপ্তাহ আগে হাসপাতালে ভর্তি হোন। হাসপাতালে তিনি লাইফ সাপোর্টে ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র, এক কন্যা সহ বহু আত্মীয় স্বজন ও গুণগ্রাহী রেখে



বাকি অংশ ৩১ পৃষ্ঠায়

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার বাংলাদেশী সংগঠনগুলো পরিচালনার জন্য অধিকাংশ সংগঠনের গঠনতন্ত্র থাকলেও অধিকাংশ ক্ষেত্রে তা মানা হয় না বলেই সঠিকভাবে সংগঠনগুলো পারিচালিত হচ্ছে না। এমন অভিযোগ সচেতন প্রবাসীদের। তাদের আরো অভিযোগ, গঠনতন্ত্র না মানার পাশাপাশি রয়েছে নেতৃত্বের কোন্দল, চেয়ার দখলের প্রতিযোগিতা প্রভৃতি। আবার অনেকেই 'গঠনতন্ত্র'-কে 'সংবিধান' চালিয়ে দিচ্ছেন বা বলছেন। কার্যত: কোন সংগঠনের সংবিধান হয় না, গঠনতন্ত্র হয়। মিডিয়াতে কাজ করার সময় যখন বিভিন্ন সংগঠনের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তি সম্পাদনা করতে হয় তখন বিষয়টি খুব চোখে পড়ে। প্রবাসের একাধিক সংগঠন থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে গঠনতন্ত্র-কে

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

নিউ আমেরিকান ডেমোক্র্যাটিক ক্লাবের বার্ষিক ডিনার

মূলধারার রাজনীতিতে আরো সক্রিয় হওয়ার আহ্বান

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউ আমেরিকান ডেমোক্র্যাটিক ক্লাব ইনক'র বার্ষিক ডিনার পার্টি 'মিট এন্ড গ্রীট' বর্ণাঢ্য আয়োজনে অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষ্যে গত ১২ জানুয়ারী রোববার সন্ধ্যায় সিটির জ্যামাইকার তাজমহল পার্টি হলে অয়োজিত অনুষ্ঠানে নিউইয়র্কের নতুন-পুরতান ডেমোক্র্যাটদের উপস্থিতিতে অনুষ্ঠানটি ডেমোক্র্যাট পার্টির মিলন মেলায় পরিণত হয়। এতে ষ্টেট ও সিটি প্রশাসনের নির্বাচিত প্রতিনিধি ছাড়াও মূলধারার বিপুল সংখ্যক ডেমোক্র্যাট দলীয় লীডার অংশ নেন। অনুষ্ঠানে মূলধারার রাজনীতিকরা তাদের বক্তব্যে বাংলাদেশী কমিউনিটির বিশেষ করে

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

অর্থনৈতিক কর্মকাণ্ডে বিদায়ী কমিটির নানা গড়মিল : তদন্ত কমিটি গঠন

বাংলাদেশ সোসাইটির যৌথ সভা অনুষ্ঠিত

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটি ও বোর্ড অব ট্রাস্টির যৌথ সভা গত ১২ জানুয়ারী রোববার দুপুরে সোসাইটির নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম। সাধারণ

বাকি অংশ ১৮ পৃষ্ঠায়







Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com